উপজেলা পরিষদ

জুড়ী, মৌলভীবাজার

মৌলভীবাজার জেলার জুড়ী উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব এম.এ মোঈদ ফারুক, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জুড়ী, মৌলভীবাজার।
সভার স্থান : জুম মিটিং প্লাটফর্ম (ভিডিও কনফারেন্স)
সভার তারিখ : ৩১/০৭/২০২১ খ্রি., সময়- সকাল ১১.০০ ঘটিকা।
সভার উপস্থিতি : পরিশিষ্ট 'ক' সংযুক্ত।

**বিগত সভার কার্যবিবরণী উপস্থাপন ও অনুমোদন:** সভাপতি মহোদয় সভায় উপস্থিত সকল সদস্য ও বিভাগীয় কর্মকর্তাগণকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অত:পর তিনি সভায় জানান যে, জুড়ী সভায় জানান যে, ০৭নং ফুলতলা ইউনিয়ন পরিষদের নির্বাচিত সাধারণ আসনের ওয়ার্ড সদস্য জনাব মঞ্জন মিয়া বিগত ৩০/০৭/২০২১ খ্রি. তারিখ মৃত্যুবরণ করেছেন। ইন্নালিল্লাহি ওয়া ইন্না-ইলাইহী রাজিউন। বিস্তারিত আলোচনান্তে তাঁর মৃত্যুতে জুড়ী উপজেলা পরিষদের পক্ষ হতে সর্বসম্মতিক্রমে শোক প্রস্তাব গৃহীত হয় এবং গভীর শোক ও মরহুমের শোক সন্তপ্ত পরিবারে প্রতি সমবেদনা জ্ঞাপন করা হয়।

অত:পর সভা তিনি পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসার, জুড়ী কে অনুরোধ করেন। উপজেলা নির্বাহী অফিসার, জুড়ী উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে বিগত ১০/০৬/২০২১ খ্রি. তারিখে অনুষ্ঠিত জুড়ী উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী পাঠ করে শুনান। পঠিত কার্যবিবরণীতে কোন সংশোধনী বা সংযোজনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। বিভাগওয়ারী আলোচনা ও সিদ্ধান্তসমূহ নিম্নরূপ :

**০১.০০ স্বাস্থ্য বিভাগ:-**

| ক্র.নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | উপজেলা স্বাস্থ্য ও প:প: কর্মকর্তা, জুড়ী সভায় জানান যে, আগামী ০৭/০৮/২০২১ খ্রি. তারিখ হতে কোভিড-১৯ এর ভ্যাকসিন ক্যাম্পেইন ইউনিয়ন পর্যায়ে শুরু হবে। পতিটি ইউনিয়নের সাবেক ১নং ওয়ার্ডের ১৮বৎসরের উর্দ্ধের পুরুষ ও মহিলা কে টিকা প্রদান করা হবে। প্রতিটি ওয়ার্ডে নামের তালিকা সংশ্লিষ্ট ইউপি সদস্য তালিকা তৈরি করবেন। তালিকা অনুযায়ী কোভিড-১৯ এর ভ্যাকসিন প্রদান করা হবে। উক্ত ভ্যাকসিন প্রদান কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন। | বিস্তারিত আলোচনান্তে কোভিড-১৯ এর ভ্যাকসিন সুষ্টভাবে প্রদানের লক্ষ্যে সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানগণ স্বাস্থ্য বিভাগকে প্রয়োজনীয় সহযোগিতা প্রদানের জন্য অনুরোধ জানানো হয়। তাছাড়া কোভিড-১৯ এর নমুনা সংগ্রহ এবং কোভিড-১৯ এ আক্রান্ত রোগীসের সেবা প্রদানের অনুরোধ করা হলো। | ১.উপজেলা স্বাস্থ্য ও প:প: কর্মকর্তা, জুড়ী। |

**০২.০০ কৃষি বিভাগঃ**

| ক্র.নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | উপজেলা কৃষি কর্মকর্তা, জুড়ী সভায় বলেন এ বছর খরিফ-১/২০২১-২২ মৌসুমে ৪১০৫ হে. জমিতে আউশ আবাদ সম্পন্ন হয়েছে। নতুনজাত সম্প্রসারনসহ বিভিন্ন প্রযুক্তি ব্যবহারের ফলে গত বছরের তুলনায় এ বছর ফলন ও উৎপাদন বৃদ্ধি পেয়েছে। বিনামূল্যে নাবী জাতের বীজ সহায়তার জন্য ১৫০ জন উপকারভোগী কৃষকদের মধ্যে ৭৫০ কেজি বীজ বিতরণ করা হয়েছে। বর্তমানে সার ও বীজের কোন সংকট নেই। | সারের মজুদ ও বিতরণের বিষয়টি নিয়মিত মনিটরিং করার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা কৃষি কর্মকর্তা, জুড়ী |

**০৩.০০. স্থানীয় সরকার প্রকৌশল বিভাগ :**

| নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | উপজেলা প্রকৌশলী, জুড়ী সভায় জানান যে, ২০২০-২১ অর্থ বছরে উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল ও এডিপি মূলে অনুমোদিত প্রকল্প সমূহের কাজ ১০০% বাস্তবায়িত হয়েছে। | বিস্তারিত আলোচনান্তে ২০২০-২১ অর্থ বছরে বাস্তবায়িত প্রকল্পসমূহের গুণগত মান পর্যবেক্ষণ করার অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা প্রকৌশলী, জুড়ী। |
| ০২ | উপজেলা প্রকৌশলী, জুড়ী সভায় জানান যে, উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন ও শারীরিক নিরাপত্তায় আনসার সদস্যদের আবাসন ভবন নির্মাণের লক্ষ্যে উপজেলা পরিষদের অভ্যন্তরে স্থান নির্ধারণ করা হয়েছে। কিন্তু মন্ত্রণালয়ের আবাসন | বিস্তারিত আলোচনান্তে উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন ও শারীরিক নিরাপত্তায় আনসার সদস্যদের আবাসন ভবন নির্মাণের লক্ষ্যে জুড়ী উপজেলা পরিষদের রাজস্ব হিসাবের স্থিতির পরিমাণে ঘাটতি | উপজেলা প্রকৌশলী, জুড়ী। |

| | | | |
|---|---|---|---|
| | নির্মাণ কাজের ডিজাইন ও প্রাক্কলন অনুযায়ী পনের লক্ষ টাকার মধ্যে ব্যয় সীমাবদ্ধ রেখে উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থায়নে ভবন নির্মাণের জন্য অনুরোধ জানানো হয়েছে। বর্তমানে জুড়ী উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের স্থিতির পরিমাণ কম থাকায় প্রকল্পটি বাস্তবায়ন করা যাচ্ছে না। এবিষয়ে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণের জন্য অনুরোধ করেন। | থাকায় প্রয়োজনীয় অর্থ বরাদ্দের জন্য স্থানীয় সরকার মন্ত্রণালয়ে পত্র প্রেরণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো। | |
| ০৩ | উপজেলা প্রকৌশলী, জুড়ী সভায় স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের জানান যে, উপজেলা পরিষদের প্রতিশ্রুতি অনুযায়ী মুজিব শতবর্ষে দেশের সকল ভূমিহীন ও গৃহহীনদের জন্য গৃহ নির্মাণ প্রকল্পের আওতায় পিআইসি এর মাধ্যমে প্রতিটি গৃহের নুন্যতম প্রাক্কলিত ব্যয় ভ্যাট ও আইটি ব্যতীত ১,৭১,,০০০/-(এক লক্ষ একাত্তর হাজার) টাকা এবং সরাসরি ক্রয় প্রক্রিয়ার মাধ্যমে(ডিপিএম) পদ্ধতিতে ঠিকাদারের মাধ্যমে নির্মাণের ক্ষেত্রে নুন্যতম প্রাক্কলিত ব্যয় ২,১২,৪৪৩/-(দুই লক্ষ বার হাজার চারশত তেতাল্লিশ) টাকা উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থায়নে জুড়ী উপজেলায় ১টি ঘর নির্মাণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হয়েছে। উক্ত প্রকল্পটি বাস্তবায়নের জন্য উপকারভোগী নির্বাচন করে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রস্তাব করেন। | বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের প্রতিশ্রুতি অনুযায়ী মুজিব শতবর্ষে দেশের সকল ভূমিহীন ও গৃহহীনদের জন্য গৃহ নির্মাণ প্রকল্পের আওতায় প্রধানমন্ত্রীর কার্যালয়ের আশ্রয়ন-২ প্রকল্পের নির্ধারিত ডিজাইন অনুযায়ী জুড়ী উপজেলায় উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে ১টি ঘর তৈরি বাবদ সরাসরি ক্রয় প্রক্রিয়ার মাধ্যমে(ডিপিএম) পদ্ধতিতে ঠিকাদারের মাধ্যমে নির্মাণের ক্ষেত্রে নুন্যতম প্রাক্কলিত ব্যয় ২,১২,৪৪৩/-(দুই লক্ষ বার হাজার চারশত তেতাল্লিশ) টাকা মাধ্যমে বাস্তবায়নের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। উক্ত প্রকল্পটির ঘরের উপকারভোগী নির্বাচিত করে অবহিত করার জন্য অনুরোধ করা হলো। | ১.উপজেলা প্রকৌশলী, জুড়ী।<br>২.উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, জুড়ী। |

**০৪.০০: প্রাণিসম্পদ বিভাগঃ**

| | | | |
|---|---|---|---|
| ০১ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, জুড়ী সভায় জানান যে, ঈদ উল আযহা/২০২১ উপলক্ষে জুড়ী উপজেলায় ৭৯১৮টি পশু কোরবানী করা হয়েছে। উক্ত পশুর চামড়া যথাযথভাবে সংরক্ষণ সহ বিক্রি সম্পন্ন হয়েছে। | বিস্তারিত আলোচনান্তে পশুর চামড়ার ক্রেতাদের প্রয়োজনীয় সহযোগিতা প্রদানের জন্য অনুরোধ করা হলো। | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, জুড়ী। |

**৫.০০ মৎস্য বিভাগ :**

| ক্রঃনং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | উপজেলা মৎস্য কর্মকর্তা, জুড়ী সভায় জানান যে, হাওড়সহ বিভিন্ন পুকুর ও জলাশয়ে মাছ উৎপাদন অব্যাহত আছে। মৎস্য সম্পদ সংরক্ষণে প্রয়োজনীয় তদারকি অব্যাহত আছে। | মৎস্য সংরক্ষণ আইন বাস্তবায়নে যথাযথ পদক্ষেপ গ্রহণের জন্য অনুরোধ করা হলো। | উপজেলা মৎস্য কর্মকর্তা, জুড়ী। |

**০৬.০০: মাধ্যমিক শিক্ষা বিভাগঃ**

| ক্র.নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | উপজেলা একাডেমিক সুপারভাইজার, জুড়ী সভায় জানান যে, বর্তমানে স্কুল কলেজ বন্ধ রয়েছে। বিদ্যালয়ের এ্যাসাইনমেন্ট কার্যক্রম চলমান রয়েছে। প্রতিষ্ঠান প্রধানের সাথে নিয়মিত যোগাযোগ অব্যাহত আছে। | সকল প্রতিষ্ঠানের সার্বিক কার্যক্রম তদারকির জন্য অনুরোধ করা হলো। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, জুড়ী |

০৭.০০ প্রাথমিক শিক্ষা বিভাগঃ

| ক্র. নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | উপজেলা শিক্ষা অফিসার ,জুড়ী সভায় জানান সরকারী নির্দেশনা অনুযায়ী ১৩/০৬/২০২১ তারিখ পর্যন্ত বিদ্যালয় বন্ধ থাকবে। শিক্ষার্থীদের পাঠদানের ঘাটতি পূরণের লক্ষ্যে প্রতিটি বিদ্যালয়ের শিক্ষকগণ কর্তৃক গুগল মিট এ্যাপস এর মাধ্যমে অনলাইন পাঠদান করানো হচ্ছে। তাছাড়া যেসব প্রতিষ্ঠানের অনলাইন সুবিধা নেই তাদের জন্য পরিকল্পনা অনুযায়ী ওয়ার্কসীট বিতরণ করা হচ্ছে। | বিস্তারিত আলোচনান্তে ছাত্র-ছাত্রীদেরকে অনলাইনের মাধ্যমে পাঠদান অব্যাহত রাখা এবং শিক্ষার্থীদের বাড়ীতে পড়াশুনার বিষয়ে অভিভাবকদের সাথে নিয়মিত যোগাযোগ রাখার অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা শিক্ষা কর্মকর্তা, জুড়ী |

০৮.০০ ত্রাণ বিভাগঃ (প্রকল্প বাস্তবায়ন অফিস)

| ক্রঃনং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, জুড়ী সভায় ২০২০-২১ অর্থ বছরের সকল প্রকল্প সম্পন্ন হয়েছে। এ বিভাগের অন্যান্য কার্যক্রম চলমান আছে। | প্রকল্পসমূহের গুণগত মান তদারকির জন্য অনুরোধ করা হলো। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, জুড়ী |

০৯.০০: আনসার ও ভিডিপি বিভাগঃ

| ক্র. নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, জুড়ী এর প্রতিনিধি সভায় জানান যে, আনসার সদস্যগণ স্বাস্থ্যবিধি অনুসরণ করে নিয়মিত দায়িত্ব পালন করছেন। এ বিভাগের অন্যান্য কার্যক্রম চলমান আছে। | স্বাস্থ্যবিধি মেনে আনসার সদস্যদের দায়িত্ব পালনের জন্য অনুরোধ করা হলো। | উপজেলা আনসার ও ভিডিপি অফিসার, জুড়ী |

১০.০০: বন বিভাগঃ

| ক্র.নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | রেঞ্জ কর্মকর্তা, জুড়ী রেঞ্জ সভায় অংশ গ্রহণ না করায় আলোচনা করা সম্ভব হয়নি। | আগামী সভায় উপস্থিত থাকার জন্য বলা হলো। | রেঞ্জ কর্মকর্তা, জুড়ী রেঞ্জ। |

১১.০০: উপজেলা সমাজসেবা বিভাগঃ

| ক্র.নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, জুড়ী সভায় এমএফএস. পদ্ধতিতে ভাতাভোগীদের ভাতার অর্থ পরিশোধের নিমিত্ত কর্মপরিকল্পনার অংশ হিসেবে জুড়ীতে শতভাগ ভাতাভোগীদের বিকাশ হিসাব খোলার কার্যক্রম চলমান আছে। সবধরণের ভাতা শতভাগ মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে প্রদানের প্রক্রিয়া চলছে। | বিস্তারিত আলোচনান্তে সরকার নির্ধারিত G2P পদ্ধতিতে ভাতা বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, জুড়ী। |

১২.০০: উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ :

| ক্র.নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা ,জুড়ী সভায় জানান যে, স্বাস্থ্য কর্মীরা কোভিড-১৯ ভ্যাকসিনের টিকা প্রদানে সক্রিয় ভূমিকা পালন করছেন। মাঠ পর্যায়ে মাঠকর্মী ও স্বেচ্ছাসেবীগণ স্বাস্থ্য বিধি অনুসরণ করে মাঠ পর্যায়ে সেবা প্রদান করছে। | পরিবার পরিকল্পনা বিভাগের নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা,জুড়ী |

১৩.০০: সমবায় বিভাগঃ

| | | | |
|---|---|---|---|
| ০১. | উপজেলা সমবায় কর্মকর্তা, জুড়ী সভায় জানান যে, এ বিভাগের আওতাধীন মোট ১১৬টি নিবন্ধিত সমিতি রয়েছে। সমিতির অডিট, পরিদর্শন, প্রশিক্ষণ নিয়মিত পরিচালিত হচ্ছে। এ বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | নিবন্ধিত সমিতিসমূহ নিয়মিত পরিদর্শন কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমবায় অফিসার, জুড়ী |

১৪.০০: যুব উন্নয়ন অধিদপ্তর:

| | | | |
|---|---|---|---|
| ০১ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, জুড়ী সভায় অনুপস্থিত থাকায় আলোচনা করা সম্ভব হয়নি। | আগামী সভায় উপস্থিত থাকার জন্য বলা হলো। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা জুড়ী |

১৫.০০: আমার বাড়ী আমার খামার প্রকল্প(পল্লী সঞ্চয় ব্যাংক জুড়ী) :

| ক্রঃনং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ০১ | আমার বাড়ী আমার খামার এর শাখা ব্যবস্থাপক, জুড়ী অনলাইনে সংযুক্ত না থাকায় আরোচনা করা সম্ভব হয়নি। | আগামী সভায় উপস্থিত থাকার জন্য বলা হলো। | শাখা ব্যবস্থাপক, আমার বাড়ী আমার খামার প্রকল্প, জুড়ী। |

১৬.০০: উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ :

| ক্রঃনং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ০১ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, জুড়ী সভায় অনুপস্থিত থাকায় আলোচনা করা সম্ভব হয়নি। | আগামী সভায় উপস্থিত থাকার জন্য বলা হলো। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, জুড়ী |

১৭.০০: বিদ্যুৎ উন্নয়ন বোর্ড / পল্লী বিদ্যুৎ সমিতি:

| | | | |
|---|---|---|---|
| ০১ | বিদ্যুৎ বিভাগের প্রতিনিধি সভায় জানান যে, নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবারহ অব্যাহত রাখার জন্য বিদ্যুৎ বিভাগ নিয়মিত কাজ করছে। | জুড়ী উপজেলায় নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবারহ অব্যাহত রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো। | ২.ডিজিএম, পল্লী বিদ্যুৎ,বড়লেখা (জুড়ী অংশ)<br>২. উপ-সহকারী প্রকৌশলী, বিউবো, জুড়ী |

১৮.০০: জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরঃ

| ক্রঃ নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, জুড়ী বলেন, পিইডিপি-৪ প্রকল্প কর্তৃক ওয়াশ ব্লক কাজ চলমান আছে এবং এই প্রকল্প হতে তিনটি বিদ্যালয়ে নলকূপ স্থাপন করা হয়েছে। সমগ্র বাংলাদেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের আওতায় গভীর নলকূপ স্থাপনের কাজ চলমান আছে। চা বাগানে চা শ্রমিকদের জন্য নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের কাজ চলমান আছে। | বিস্তারিত আলোচনান্তে ইতিপূর্বে স্থাপিত অকেজো গভীর নলকূপসমূহ চিহ্নিত করে জরুরী ভিত্তিতে মেরামত ও সংস্কার করে নিরাপদ পানীয় জলের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য),জুড়ী |

**১৯.০০: মহিলা বিষয়ক অধিদপ্তরঃ**

| | | | |
|---|---|---|---|
| ০১ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, জুড়ী সভায় সংযুক্ত না থাকায় আলোচনা করা সম্ভব হয়নি। | আগামী সভায় উপস্থিত থাকার জন্য বলা হলো। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, জুড়ী |

**২০. খাদ্য বিভাগ :**

| | | | |
|---|---|---|---|
| ০১ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, জুড়ী সভায় সভায় সংযুক্ত না থাকায় আলোচনা করা সম্ভব হয়নি। | আগামী সভায় উপস্থিত থাকার জন্য বলা হলো। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক জুড়ী |

২১. স্থানীয় সরকার বিভাগ (ইউজিডিপি) :

| ক্রম. নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ১ | ইউডিএফ, জুড়ী সভায় জানান যে, ২০১৮-১৯ অর্থ বছরের অবকাঠামো উন্নয়ন উপ-প্রকল্পের দরপত্র বিজ্ঞপ্তি আহ্বান করা হয়েছে। ইউজিডিপি এর আওতায় ৪র্থ পর্যায়(২০১৯-২০) এর অবকাঠামো উন্নয়ন ও সক্ষমতা উন্নয়ন প্রশিক্ষণ উপ-প্রকল্পের প্রকল্প প্রস্তাব ইউজিডিপি এর প্রধান কার্যালয়ে প্রেরণ করা প্রয়োজন। তাছাড়া ২০২০-২১ অর্থ বছরের জন্য (৫ম পর্যায়) জুড়ী উপজেলায় ৬০ লক্ষ (ষাট লক্ষ) টাকা বরাদ্দ প্রদান করা হয়েছে। এই বরাদ্দ হতে ১০(দশ লক্ষ) টাকা সক্ষমতা উন্নয়ন প্রশিক্ষণ ও অবশিষ্ট টাকা অবকাঠামো উন্নয়ন উপ-প্রকল্প খাতে ব্যয় করা যাবে। আগামী ৩০ সেপ্টেম্বর,২০২১ এর মধ্যে উপ-প্রকল্পসমূহ ইউজিডিপি কার্যালয়ে প্রেরণের জন্য অনুরোধ জানানো হয়েছে। | বিস্তারিত আলোচনান্তে ২০১৯-২০ ও ২০২০-২১ অর্থ বছরের প্রশিক্ষণ উপ-প্রকল্প ও অবকাঠামো উপ-প্রকল্প সংশ্লিষ্ট স্থায়ী কমিটির মাধ্যমে প্রস্তাব দাখিল করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১.উপজেলা প্রকৌশলী, জুড়ী।<br>২. ইউডিএফ, জুড়ী |

**২২. বিবিধ আলোচনা :**

| ক্র.নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | উপজেলা নির্বাহী অফিসার জুড়ী সভায় জানান যে, উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন (টিউলিপ) এর স্যানিটারি ও বৈদ্যুতিক লাইন মেরামত ও সংযোজন করা জরুরী প্রয়োজন। এ বিষয়ে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণের জন্য প্রস্তাব করেন। | বিস্তারিত আলোচনান্তে ২০২১-২২ অর্থ বছরে উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের উপজেলা পরিষদ ভবন ও বাসাবাড়ী মেরামত/সংরক্ষণ/রংকরণ খাত হতে উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন (টিউলিপ) এর স্যানিটারি ও বৈদ্যুতিক লাইন মেরামত ও সংযোজন বাবদ ১,৫০,০০০/-(এক লক্ষ পঞ্চাশ হাজার) টাকার একটি প্রকল্প গ্রহণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। উক্ত কাজের একটি প্রাক্কলন প্রস্তুত পূর্বক পিআইসির মাধ্যমে প্রকল্পটি যথাযথভাবে বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো। | উপজেলা প্রকৌশলী, জুড়ী। |
| ০২ | সভায় উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন ও চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জুড়ী এর বাসভবনের ভিতরের অংশের ময়লা, আর্বজনা পরিষ্কার পরিচ্ছন্নতা কাজ বাবদ ৬০০০/-(ছয় হাজার) টাকার মাস্টার রোল দাখিল করা হয়েছে। উক্ত বিল পরিশোধের প্রয়োজনী ব্যবস্থা গ্রহণের জন্য প্রস্তাব করা হলো। | বিস্তারিত আলোচনান্তে ২০২১-২২ অর্থ বছরে উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের বর্জ্য ব্যবস্থাপনা/পরিষ্কার পরিচ্ছন্নতা খাত হতে সংশ্লিষ্ট বরাবর ৬০০০/-(ছয় হাজার) টাকা পরিশোধের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা নির্বাহী অফিসার, জুড়ী। |

| | | | |
|---|---|---|---|
| ০৩ | উপজেলা নির্বাহী অফিসার, জুড়ী সবায় জানান যে, বাংলাদেশ এ্যাডমিনিস্ট্রেটিভ সার্ভিস এসোসিয়েশন এর ০৮ জুন ২০২১ খ্রি. তারিখের নি,ক,২/২০২১-২০২২-৩৫ স্মারক নং মাধ্যমে মুজিব বর্ষ উপলক্ষে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জীবনের উল্লেখ্যযোগ্য ঘটনাসমূহকে নিয়ে "বঙ্গবন্ধু ডিজিটাল দিনপুঞ্জি ২০২১" তৈরি করা হয়েছে। নতুন প্রজন্মের নিকট বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান সম্পর্কে জনাতে ও বঙ্গবন্ধুরি আদর্শ তুলে ধরতে সহায়তা সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠানে "বঙ্গবন্ধু ডিজিটাল দিনপুঞ্জি ২০২১" সংরক্ষণের জন্য ০২টি ট্যাব প্রদান করা হয়েছে। বর্ণিত ট্যাব বাবদ ১৫,০০০/-(পনের হাজার) টাকা পরিশোধের জন্য প্রস্তাব করেন। | বিস্তারিত আলোচনান্তে মুজিব বর্ষ উপলক্ষে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জীবনের উল্লেখ্যযোগ্য ঘটনাসমূহকে নিয়ে "বঙ্গবন্ধু ডিজিটাল দিনপুঞ্জি ২০২১" উপজেলা পরিষদে সংরক্ষণের নিমিত্ত বাংলাদেশ এ্যাডমিনিস্ট্রেটিভ সার্ভিস এসোসিয়েশন হতে ০২টি ট্যাব ক্রয় বাবদ ১৫,০০০/-(পনের হাজার) টাকা উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে ক্রয় করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার, জুড়ী। |
| ০৪ | উপজেলা নির্বাহী অফিসার, জুড়ী সভায় জানান যে, ২০২০-২১ অর্থ বছর সমাপ্তিতে উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের স্থিতি হতে এক মাসের ব্যয়ের সমপরিমাণ অর্থ রেখে অবশিষ্ট উদ্বৃত্ত ৫২,০০,০০০/-(বায়ান্ন লক্ষ) টাকা যার চেক নং ৮০৪১৫৩৮, তারিখ-২৯/০৭/২০২১ মূলে উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল সোনালী ব্যাংক পি. জুড়ী শাখার হিসাব নং ৫৮২২২০২০০০৫৯২ এ স্থানান্তর করা হয়েছে। | বিস্তারিত আলোচনান্তে ২০২১-২২ অর্থ বছরে উপজেলা পরিষদ উন্নয়ন তহবিলে প্রাপ্ত ৫২,০০,০০০/-(বায়ান্ন লক্ষ) টাকার উন্নয়ন প্রকল্প গ্রহণ করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা প্রকৌশলী, জুড়ী। |

উপজেলা নির্বাহী অফিসার, জুড়ী সভায় বলেন জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্বপ্নের সোনার বাংলা প্রতিষ্ঠায় আমাদের সকলকে একযোগে কাজ করতে হবে। উন্নয়ন প্রকল্প যথাযথভাবে বাস্তবায়নের জন্য সকলকে মনিটরিং অব্যাহত রাখার জন্য অনুরোধ করেন। সরকারী সিদ্ধান্ত অনুযায়ী কোভিড-১৯ এর ভ্যাকসিন ওয়ার্ড পর্যায়ে স্বাস্থ্য বিভাগের মাধ্যমে সফলভাবে সম্পন্ন করার ক্ষেত্রে সকলের সহযোগিতা কামনা করেন। জুড়ী উপজেলার লাঠিটিলা এলাকায় সাফারী পার্ক প্রতিষ্ঠার লক্ষ্যে মাননীয় মন্ত্রী, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় যে উদ্যোগ গ্রহণের করেছেন সেজন্য আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করেন। জুড়ী উপজেলায় সাফারী পার্ক প্রতিষ্ঠিত হলে জুড়ী উপজেলা অর্থনৈতিকভাবে এগিয়ে যাবে, জীববৈচিত্র্য সংরক্ষিত হবে ও কর্মসংস্থান সৃষ্টি হবে। পরিশেষে করোনা ভাইরাস থেকে সুরক্ষিত ও সচেতন থাকার আহ্বান জানিয়ে জুম অ্যাপে অংশ গ্রহণের জন্য সকলকে ধন্যবাদ জানান।

জনাব এম.এ মোঈদ ফারুক, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জুড়ী সভায় বলেন যে,জনাব মো: শাহাব উদ্দিন, মাননীয় মন্ত্রী, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় কর্তৃক জুড়ী উপজেলায় সাফারী পার্ক প্রতিষ্ঠায় যে উদ্যোগ গ্রহণ করেছেন সেজন্য জুড়ী উপজেলা বাসীর পক্ষ থেকে আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করেন। যারা সাফারী পার্কের বিরোধীতা করে বিভিন্ন পত্র পত্রিকায় ভূল সংবাদ প্রকাশ করেছে তার জন্য তীব্র নিন্দা ও প্রতিবাদ জ্ঞাপন করেন। জুড়ী উপজেলায় গৃহহীন, ভূমিহীন, অসহায়, দরিদ্র মানুষদের জন্য মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুত ঘর যথাযথভাবে নির্মাণ করায় ও খাস জমি উদ্ধার করে তাদের অনুকূলে জমি বন্দোবস্ত প্রদানের ব্যবস্থা গ্রহণ করায় উপজেলা নির্বাহী অফিসার, জুড়ী কে ধন্যবাদ জ্ঞাপন করেন। সরকারের উন্নয়নের ধারা অব্যাহত রাখতে হবে। তিনি মুক্তিযুদ্ধের চেতনায় দেশকে গড়ে তোলার প্রত্যয় ব্যক্ত করেন। পরিশেষে সুখী, সমৃদ্ধ ও উন্নত বাংলাদেশ বিনির্মাণে সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের অনুরোধ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(এম.এ মোঈদ ফারুক)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
জুড়ী, মৌলভীবাজার

স্মারকনং-০৫.৪৬.৫৮৩৫.০০৩.০১.০১০.১৯. ৫৩৬/১ তারিখ: ১৬/ ০৮/২০২১ খ্রি.।

অনুলিপি : সদয় অবগতির জন্যঃ-

০১. মাননীয় মন্ত্রী,পরিবেশ,বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়,ঢাকা।

০২. সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার,পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০৩. কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।

০৪. পরিচালক, স্থানীয় সরকার,সিলেট বিভাগ, সিলেট।

০৫. জেলা প্রশাসক, মৌলভীবাজার।

০৬. উপ-পরিচালক, স্থানীয় সরকার,মৌলভীবাজার।

অনুলিপি : জ্ঞাতার্থে ও কার্যার্থেঃ-

০১. ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, জুড়ী উপজেলা পরিষদ,জুড়ী।

০২. উপজেলা ..........................................................জুড়ী।

০৩. চেয়ারম্যান...........................................................ইউ/পি, জুড়ী (সকল)

০৪. জনাব ..........................................................................।

(সোনিয়া সুলতানা)
উপজেলা নির্বাহী অফিসার
জুড়ী,মৌলভীবাজার
ফোন-০৮৬২৭৫৭০০১

উপজেলা পরিষদ

জুড়ী, মৌলভীবাজার

মৌলভীবাজার জেলার জুড়ী উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব এম.এ মোঈদ ফারুক, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জুড়ী, মৌলভীবাজার।
সভার স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, জুড়ী।
সভার তারিখ : ২৬/০৮/২০২১ খ্রি., সময়- সকাল ১১.৩০ ঘটিকা।
সভার উপস্থিতি : পরিশিষ্ট 'ক' সংযুক্ত।

**বিগত সভার কার্যবিবরণী উপস্থাপন ও অনুমোদন:** সভাপতি মহোদয় সভায় উপস্থিত সকল সদস্য ও বিভাগীয় কর্মকর্তাগণকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অত:পর তিনি সভায় জানান যে, জুড়ী সভায় জানান যে, উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা জনাব মো: আব্দুল মতিন এর সহধর্মিনী জনাব নাছিমা আক্তার কোভিড-১৯ এ আক্রান্ত মৃত্যুবরণ করেছেন(ইন্নালিল্লাহি ওয়া ইন্নালিল্লাহি রাজিউন)। তাঁর মৃত্যুতে জুড়ী উপজেলা পরিষদের পক্ষ হতে সর্বসম্মতিক্রমে শোক প্রস্তাব গৃহীত হয়। এ বিষয়ে আলোচনায় অংশ গ্রহন করে সকলে গভীর শোক ও মরহুমার শোক সন্তপ্ত পরিবারের প্রতি সমবেদনা জ্ঞাপন করেন। তাহার বিদেহী আত্মার মাগফেরাত কামনা করা হয়।

অত:পর তিনি সভা পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসার, জুড়ী কে অনুরোধ করেন। উপজেলা নির্বাহী অফিসার, জুড়ী উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে বিগত ৩১/০৭/২০২১ খ্রি. তারিখে অনুষ্ঠিত জুড়ী উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী পাঠ করে শুনান। পঠিত কার্যবিবরণীতে কোন সংশোধনী বা সংযোজনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়িকরণ করা হয়। বিভাগওয়ারী আলোচনা ও সিদ্ধান্তসমূহ নিম্নরূপ :

০১.০০ **স্বাস্থ্য বিভাগ:-**

| ক্র: নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | উপজেলা স্বাস্থ্য ও প:প: কর্মকর্তা, জুড়ী সভায় জানান স্টাফ নার্স সংকটের কারণে কোভিড-১৯ আইসোলেশন সেন্টার সুষ্টুভাবে পরিচালনা করা সম্ভব হচ্ছে না। বিভিন্ন কমিউনিটি ক্লিনিকে বিদ্যুৎ সংযোগ না থাকায় সেবা কার্যক্রম বিঘ্নিত হচ্ছে। ভোগতেরা কমিউনিটি ক্লিনিকে রোগী বসার জন্য আসবাবপত্র ও ডেলিভারী টেবিল প্রয়োজন। কোভিড-১৯ এর নমুনা সংগ্রহ করা হয়েছে ১৭২৫ জনের। তন্মধ্যে ৪৮৯ জন করোনা পজিটিভ। বর্তমানে হোম কোয়ারেন্টাইনে আছেন ৭৯জন এবং করোনা আক্রান্ত হয়ে এ উপজেলায় মৃত্যুবরণ করেছেন ৫জন। কোভিড-১৯ এর ২য় ডোজ ভ্যাকসিন প্রদান অব্যাহত আছে। জনসাধারণকে মাস্ক পরার বিষয়টি নিশ্চিত করার লক্ষ্যে স্বাস্থ্য বিভাগ নিয়মিত প্রচেষ্টা অব্যাহত রেখেছে। | বিস্তারিত আলোচনান্তে কোভিড-১৯ এর নমুনা সংগ্রহ বৃদ্ধি করার এবং প্রয়োজনীয় সেবা প্রদান অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা স্বাস্থ্য ও প:প: কর্মকর্তা, জুড়ী। |

০২.০০ **কৃষি বিভাগঃ**

| ক্র: নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | উপজেলা কৃষি সম্প্রসারণ কর্মকর্তা, জুড়ী সভায় বলেন, এ বছর খরিফ-১/২০২১-২২ মৌসুমে ৪১০৫ হে. জমিতে আবাদকৃত আউশের ৯৬% কর্তন করা সম্ভব হয়েছে এবং চলতি মাসে আউশ কর্তন সমাপ্ত হবে। ধানের নতুনজাত সম্প্রসারণসহ বিভিন্ন প্রযুক্তি ব্যবহারের ফলে গত বছরের তুলনায় এ বছর ফলন ও উৎপাদন বৃদ্ধি পেয়েছে। তিনি আরও জানান, চলতি খরিফ ২/২০২১-২২ মৌসুমে রোপা আমন আবাদের লক্ষ্যমাত্রা ৮৪০০ হে.। রোপা আমন আবাদ চলমান রয়েছে। রোপা আমন ফসলেও স্বল্প মেয়াদী এবং উচ্চ ফলনশীল নতুন জাতের আবাদ বৃদ্ধির জন্য কৃষকদেরকে নিয়মিত পরামর্শ প্রদান অব্যাহত আছে। বর্তমানে সার ও বীজের কোন সংকট নেই। | কৃষি ক্ষেত্রে বৈপ্লবিক পরিবর্তন আনার জন্য কেমিক্যাল সার ব্যবহারের পরিবর্তে কম্পোস্ট সার ব্যবহারের বিষয়ে কৃষকদের পরামর্শ প্রদান, পতিত জমি কৃষি উপযোগী করার বিষয়ে কৃষকদের পরামর্শ প্রদান এবং সার উত্তোলনের বিষয়টি নিয়মিত মনিটরিং করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি কর্মকর্তা, জুড়ী |

০৩.০০. **স্থানীয় সরকার প্রকৌশল বিভাগ :**

| ক্র: নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | উপজেলা প্রকৌশলী, জুড়ী সভায় জানান যে, ২০২১-২২ অর্থ বছরের এডিপি এর ১ম কিস্তির অর্থ বরাদ্দ পাওয়া গিয়েছে। ২০২১-২২ অর্থ বছরের ১ম কিস্তির অর্থকে ভিত্তি করে ৪ কিস্তির স্কীম দাখিল করার জন্য সংশ্লিষ্ট ইউনিয়ন চেয়ারম্যানগণকে অনুরোধ জানানো হয়। | সকল ইউনিয়ন পরিষদ হতে উন্নয়ন প্রকল্প দাখিল করার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা প্রকৌশলী, জুড়ী |

| | | | |
|---|---|---|---|
| ০২ | উপজেলা প্রকৌশলী, জুড়ী সভায় জানান যে, ২০২১-২২ অর্থ বছরের সাগরনাল ইউনিয়নের পাতিলাসাঙ্গন গ্রামের ১টি রাস্তার ইট সলিং কাজ বাবদ দুই লক্ষ টাকার একটি প্রকল্প পিআইসির মাধ্যমে বাস্তবায়নের অনুমোদন দেয়া প্রয়োজন। | বিস্তারিত আলোচনান্তে এডিবির বরাদ্দ হতে নিম্নবর্ণিত প্রকল্প পিআইসির মাধ্যমে বাস্তবায়নের জন্য সভায় অনুমোদন প্রদান করা হয় এবং পরবর্তী পদক্ষেপ গ্রহণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।<br>স্কীমের নাম<br>সাগরনাল ইউনিয়নের পাতিলাসাঙ্গন কুদ্দুস মিয়ার বাড়ীর সামনে হতে পাতিলাসাঙ্গন হাইস্কুল রাস্তার ইট সলিং কাজ --- ২,০০,০০০/- টাকা | উপজেলা প্রকৌশলী, জুড়ী |
| ০৩ | উপজেলা প্রকৌশলী, জুড়ী সভায় জানান, উপজেলা পরিষদের চন্দ্রমল্লিকা ও মাধবী কোয়ার্টারের এবং উপজেলা অডিটোরিয়াম এর সংস্কার প্রয়োজন। | বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের চন্দ্রমল্লিকা ও মাধবী কোয়ার্টারের এবং উপজেলা অডিটোরিয়াম এর সংস্কার কাজের প্রাক্কলন আগামী সভায় দাখিলের জন্য উপজেলা প্রকৌশলী, জুড়ী কে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা প্রকৌশলী, জুড়ী। |
| ০৪ | উপজেলা প্রকৌশলী, জুড়ী সভায় জানান যে, উপজেলা পরিষদের নিরাপত্তা বিধানের জন্য ২টি গেইট সংস্কার/নির্মাণ করা প্রয়োজন। উক্ত ২টি গেইট সংস্কার/নির্মাণ কাজের ব্যয় সরাসরি রাজস্ব তহবিল হতে মেটানোর সুযোগ নেই। গেইট ২টি সংস্কার/নির্মাণ এর জন্য আর্থিক বিল রাজস্ব তহবিল হতে ব্যয়ের প্রশাসনিক অনুমোদন স্থানীয় সরকার বিভাগ হতে গ্রহণের জন্য পত্র প্রেরণ করা যেতে পারে। | সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের নিরাপত্তা বিধানের জন্য ২টি গেইট সংস্কার/নির্মাণ কাজের ব্যয় সরাসরি রাজস্ব তহবিল হতে মেটানোর সুযোগ না থাকায় আর্থিক বিল রাজস্ব তহবিল হতে ব্যয়ের প্রশাসনিক অনুমোদনের জন্য স্থানীয় সরকার বিভাগে প্রাক্কলনসহ পত্র প্রেরণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী, জুড়ী। |

**০৪.০০: প্রাণিসম্পদ বিভাগঃ**

| ক্র: নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, জুড়ী সভায় অনুপস্থিত থাকায় আলোচনা করা সম্ভব হয়নি। | আগামী সভায় উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, জুড়ী কে উপস্থিত থাকার জন্য নোটিশ প্রদানের সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা নির্বাহী অফিসার, জুড়ী। |

**৫.০০ মৎস্য বিভাগ :**

| ক্র: নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | উপজেলা মৎস্য কর্মকর্তা, জুড়ী সভায় জানান যে, আগামী ২৮ আগস্ট ২০২১ হতে ০৩ সেপ্টেম্বর ২০২১ জাতীয় মৎস্য উদযাপন করা হবে। ১ম দিন মাইকিং এর মাধ্যমে প্রচারণা ও সাংবাদিক সম্মেলন এর মাধ্যমে জাতীয় মৎস্য সপ্তাহ শুরু করা হবে। তাছাড়া প্রান্তিক মৎস্য চাষীদের নিয়ে মত বিনিময় সভা, মাটি ও পানি পরীক্ষা, প্রামাণ্য চিত্র প্রদর্শন, মৎস্যচাষীদের মধ্যে বিভিন্ন উপকরণ বিতরণ এবং উপজেলা পরিষদ পুকুরে মাছের পোনা অবমুক্ত করণের মধ্য দিয়ে দিবসটি পালন করা হবে। পোনা মাছ ক্রয়ের জন্য কোটেশন বিজ্ঞপ্তি আহ্বান করা হয়েছে। আগামী ০৫/০৯/২০২১ খ্রি. তারিখ বাছাই এর মাধ্যমে পোনা মাছ সরবরাহকারী নির্বাচন করা হবে। | বিস্তারিত আলোচনান্তে মৎস্য উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে মৎস্য চাষীদের প্রশিক্ষণ সহ অন্যান্য কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ জানানো হলো। | উপজেলা মৎস্য কর্মকর্তা, জুড়ী। |

**০৬.০০: মাধ্যমিক শিক্ষা বিভাগঃ**

| ক্র:নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | উপজেলা একাডেমিক সুপারভাইজার, জুড়ী সভায় জানান যে, জাতীয় শোক দিবস উপলক্ষে শিক্ষার্থীদের মধ্যে অনলাইন সাংস্কৃতিক প্রতিযোগিতা, কবিতা আবৃত্তি, বঙ্গবন্ধুর ভাষণসহ বঙ্গবন্ধু অলিম্পিয়াড সম্পন্ন করা হয়েছে। আসন্ন ২০২১ সনের এসএসসি ও এইচএসসি পরীক্ষার্থীদের এ্যাসাইনমেন্ট কার্যক্রম এবং অনলাইন ক্লাস সরকারি নির্দেশনা মোতাবেক চলমান আছে। | বিস্তারিত আলোচনান্তে সরকারি নির্দেশনা মোতাবেক অনলাইন ক্লাস ও এসাইনমেন্ট কার্যক্রম নিয়মিত মনিটরিং করার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, জুড়ী |

০৭.০০ প্রাথমিক শিক্ষা বিভাগঃ

| ক্র: নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | উপজেলা শিক্ষা অফিসার,জুড়ী সভায় জানান সরকারী নির্দেশনা অনুযায়ী ৩১/০৮/২০২১ তারিখ পর্যন্ত বিদ্যালয় বন্ধ রয়েছে। উর্ধতন কর্তৃপক্ষের নির্দেশনা অনুযায়ী সকল শিক্ষকগণ স্বাস্থ্যবিধি মেনে প্রতিদিন বিদ্যালয়ে উপস্থিত থাকেন। শিক্ষার্থীদের পাঠদানের ঘাটতি পূরণের লক্ষ্যে প্রতিটি বিদ্যালয়ের শিক্ষকগণ কর্তৃক গুগল মিট এ্যাপস এর মাধ্যমে অনলাইন পাঠদান করানো হচ্ছে। তাছাড়া যেসব প্রতিষ্ঠানের অনলাইন সুবিধা নেই সে এলাকায় শিক্ষকগণ স্বাস্থ্যবিধি মেনে শিক্ষার্থীদের বাড়ীতে স্বশরীরে উপস্থিত হয়ে তাদের জন্য পরিকল্পনা অনুযায়ী ওয়ার্কশীট বিতরণ করে পাঠ বুঝিয়ে দিচ্ছেন এবং সপ্তাহ শেষে ওয়ার্কশীট সংগ্রহ করে মূল্যায়ন শেষে সংরক্ষণ করছেন। | বিস্তারিত আলোচনান্তে ছাত্র-ছাত্রীদেরকে অনলাইনের মাধ্যমে পাঠদান অব্যাহত রাখা এবং শিক্ষার্থীদের বাড়ীতে পড়াশুনার বিষয়ে অভিভাবকদের সাথে নিয়মিত যোগাযোগ রাখার জন্য শিক্ষকগণকে নির্দেশনা প্রদানের জন্য অনুরোধ করা হলো। | উপজেলা শিক্ষা কর্মকর্তা, জুড়ী |

০৮.০০ ত্রাণ বিভাগঃ (প্রকল্প বাস্তবায়ন অফিস)

| ক্র:নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, জুড়ী সভায় জানান যে, ২০২০-২১ অর্থ বছরের সকল প্রকল্পের কাজ শেষ হয়েছে। সরকারী সেবা ৩৩৩ এ কল প্রদানকারীদের খাদ্য সহায়তা প্রদান করা হচ্ছে। এ বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | বিস্তারিত আলোচনান্তে বিভাগীয় কার্যক্রমসহ উন্নয়নমূলক প্রকল্প সমূহ নিয়মিত পরিদর্শন করার জন্য অনুরাধ করা হলো। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, জুড়ী |

০৯.০০: আনসার ও ভিডিপি বিভাগঃ

| ক্র:নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, জুড়ী এর প্রতিনিধি সভায় জানান যে, সকল সদস্যকে কোভিড-১৯ এর টিকা প্রদান করা হয়েছে। এ দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক চলমান রয়েছে। | বিস্তারিত আলোচনান্তে চোরাচালান ও মাদক নিয়ন্ত্রণে পুলিশ বাহিনীর সাথে সমন্বয় রেখে বিভাগীয় কার্যক্রম পরিচালনার জন্য অনুরোধ জানানো হলো। | উপজেলা আনসার ও ভিডিপি অফিসার, জুড়ী |

১০.০০: বন বিভাগঃ

| ক্র:নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | বনবিভাগের প্রতিনিধি সভায় অনুপস্থিত থাকায় আলোচনা করা সম্ভব হয়নি। | আগামী সভায় রেঞ্জ কর্মকর্তা, জুড়ীকে উপস্থিত থাকার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা নির্বাহী অফিসার, জুড়ী |

১১.০০: উপজেলা সমাজসেবা বিভাগঃ

| ক্র.নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, জুড়ী সভায় জানান যে, বাংলাদেশের প্রান্তিক জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন প্রকল্পের আওতায় প্রান্তিক পেশাজীবী গোষ্ঠীর জনগণের প্রকৃত সংখ্যা নিরূপণের জন্য জুড়ী উপজেলায় জরিপ কার্যক্রম চলমান রয়েছে। তিনি উক্ত জরিপ কাজে সহযোগিতা প্রদানের জন্য সকল ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ করেন। তাছাড়া এ বিভাগের অধীনে ন্যস্ত ভাতা প্রদানসহ অন্যান্য কার্যক্রম নিয়মিত তদারকি করা হচ্ছে। | বিস্তারিত আলোচনান্তে প্রান্তিক জনগোষ্ঠীর জীবনমান উন্নয়নে জরিপ কাজে সহযোগিতা প্রদানের জন্য সকল ইউপি চেয়ারম্যানগণকে সভায় অনুরোধ জানানো হয়। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, জুড়ী। |

১২.০০: উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ :

| ক্র: নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা ,জুড়ী সভায় জানান যে, মে/২০২১ মাসের হিসাব অনুযায়ী উপজেলার মোট সক্ষম দম্পতির সংখ্যা ২৬,০১১ জন। জন্ম বিরতিকরণের বিভিন্ন পদ্ধতি গ্রহণকারীর সংখ্যা ১৯,৯০১ জন, গ্রহণকারীর হার ৭৬.৫১%। মাঠ পর্যায়ে মাঠকর্মী ও স্বেচ্ছাসেবীগণ বাড়ী বাড়ী পরিদর্শনের মাধ্যমে পরিবার পরিকল্পনা স্থায়ী, দীর্ঘমেয়াদি ও অস্থায়ী পদ্ধতির গ্রহণের হার বৃদ্ধির জন্য কাজ করছেন। নিয়মিত পরিদর্শন ও মনিটরিং করা হচ্ছে। | ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রের মা ও শিশু সেবা কার্যক্রম নিয়মিত পরিচালনা করা, সেবার মান বৃদ্ধি এবং পরিবার পরিকল্পনা পদ্ধতি বাস্তবায়নের নিমিত্ত মাঠকর্মীদের নিয়মিত বাড়ী বাড়ী গমনের বিষয়টি মনিটরিং করার সিদ্ধান্ত গৃহীত হয়। স্বাস্থ্য বিভাগের সাথে সমন্বয় করে কাজ করার জন্যও অনুরোধ জানানো হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা,জুড়ী |

১৩.০০: সমবায় বিভাগঃ

| ক্র: নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | উপজেলা সমবায় কর্মকর্তা, জুড়ী সভায় জানান যে, এ বিভাগের আওতাধীন মোট ১২৮টি নিবন্ধিত সমিতি রয়েছে। সমিতির অডিট, পরিদর্শন, ভ্রাম্যমান প্রশিক্ষণ লক্ষ্যমাত্রা অনুযায়ী নিয়মিত পরিচালিত হচ্ছে। এ বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | নিবন্ধিত সমিতিসমূহ নিয়মিত পরিদর্শন কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমবায় অফিসার, জুড়ী |

১৪.০০: যুব উন্নয়ন অধিদপ্তর:

| ক্র: নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, জুড়ী সভায় অনুপস্থিত থাকায় আলোচনা করা সম্ভব হয়নি। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, জুড়ী আগামী সভায় উপস্থিতি নিশ্চিত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা জুড়ী |

১৫.০০: আমার বাড়ী আমার খামার প্রকল্প(পল্লী সঞ্চয় ব্যাংক জুড়ী) :

| ক্রঃ নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ০১ | আমার বাড়ী আমার খামার এর শাখা ব্যবস্থাপক, জুড়ী সভায় জানান যে, মাসিক ঋণ আদায়ের লক্ষ্যমাত্রা ৫৬ লক্ষ টাকা এবং আদায় ২৯.৫০ লক্ষ টাকা, আদায়ের হার ৬১%। কোভিড-১৯ এর কারণে লক্ষ্যমাত্রা অনুযায়ী আদায় করা সম্ভব হচ্ছে না। পল্লী সঞ্চয় ব্যাংক প্রধান কার্যালয় হতে জাতীয় শোক দিবস উপলক্ষে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের জন্য একটি অক্সিজেন সিলিন্ডার পাওয়া গিয়েছে। উক্ত সিলিন্ডারটি উপজেলা পরিষদের মাধ্যমে হস্তান্তর করার জন্য বলা হয়েছে। | বিস্তারিত আলোচনান্তে পল্লী সঞ্চয় ব্যাংক কর্তৃক প্রদত্ত অক্সিজেন সিলিন্ডারটি উপজেলা স্বাস্থ্য কর্মকর্তা, জুড়ী কে বুঝিয়ে দেয়া হয়। লক্ষ্যমাত্রা অনুযায়ী মাসিক ঋণ আদায় কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহিত হয়। | শাখা ব্যবস্থাপক, আমার বাড়ী আমার খামার প্রকল্প, জুড়ী। |

১৬.০০: উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ :

| ক্রঃ নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ০১ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, জুড়ী সভায় জানান যে, কোভিড-১৯ এর কারণে ঋণ বিতরণ ও আদায় কার্যক্রম কিছুটা হ্রাস পেয়েছে। স্বাস্থ্যবিধি মেনে সমিতি ও দল গঠন চলমান রয়েছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার জন্য উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, জুড়ী কে অনুরোধ জানানো হলো। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, জুড়ী |

১৭.০০: বিদ্যুৎ উন্নয়ন বোর্ড / পল্লী বিদ্যুৎ সমিতি:

| ক্রঃ নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ০১ | বিদ্যুৎ বিভাগের প্রতিনিধি সভায় অনুপস্থিত থাকায় আলোচনা করা সম্ভব হয়নি। | আগামী সভায় উপস্থিত থাকার জন্য বলা হলো। | ১.ডিজিএম, পল্লী বিদ্যুৎ,বড়লেখা (জুড়ী অংশ)<br>২. উপ-সহকারী প্রকৌশলী, বিউবো, জুড়ী |

১৮.০০: জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরঃ

| ক্রঃ নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, জুড়ী বলেন, সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের আওতায় নলকূপ স্থাপনের কাজ চলমান আছে। চা বাগানে চা শ্রমিকদের জন্য নিরাপদ সুপেয় পানি সরবরাহের লক্ষ্যে নলকূপ স্থাপনের কাজ চলমান আছে এবং টু-ইন পিট ল্যাট্রিনের কাজ সম্পন্ন হয়েছে। হাওর প্রকল্পের আওতায় নলকূপ স্থাপনের কাজ চলমান আছে এবং এই প্রকল্পের আওতায় ইম্প্রুভ ল্যাট্রিনের কাজ চলমান আছে। | বিস্তারিত আলোচনান্তে বিভাগীয় কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনা করা সহ গৃহহীনদের জন্য নির্মিত ঘরসমূহের পার্শ্ববর্তী সুবিধাজনক স্থানে নলকূপ বসানোর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হয়। | উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর,জুড়ী |

১৯.০০: মহিলা বিষয়ক অধিদপ্তরঃ

| ক্রঃ নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা,জুড়ী এর প্রতিনিধি সভায় জানান, **ভিজিডিঃ** ২০২১-২২ ভিজিডি চক্রে উপকারভোগীদের মধ্যে জুলাই ও আগস্ট, ২০২১ মাসের খাদ্য শস্য সুষ্ঠুভাবে বিতরণ করা হয়েছে। **মাতৃত্বকালীন ভাতাঃ** ২০২০-২১ অর্থ বছরের মাসিক ভিত্তিতে মা ও শিশু সহায়তা কর্মসূচিতে ভাতাভোগী নির্বাচনের কাজ ও মাসিক ভাতা নিয়মিতভাবে প্রদান করা হচ্ছে। বিভাগের অন্যান্য কার্যক্রম চলমান আছে। কিশোর কিশোরী ক্লাব এর কার্যক্রম গত ১৩/০৮/২০২১ হতে শুরু হয়েছে এবং সপ্তাহে ০২দিন ক্লাব এর কার্যক্রম চলছে। | বিস্তারিত আলোচনান্তে বিভাগীয় কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার জন্য অনুরোধ জানানো হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, জুড়ী |

২০. খাদ্য বিভাগ :

| ক্রঃ নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, জুড়ী সভায় জানান যে, জুড়ী খাদ্য গুদামে বর্তমানে মজুদ আছে চাল ৫৯৬.৯৩১ মে.টন, গম ১০৮.৩১৬ মে. টন, ধান ২০৫.৪৪০ মে.টন। অভ্যন্তরীণ বোরো সংগ্রহ ২০২১ এর আওতায় সরাসরি কৃষকদের নিকট হতে ৫৩৬.৭৬০ মে.টন ধান এবং মিলারদের নিকট হতে ৮০.০০০ মে.টন চাল সংগ্রহ করা হয়েছে। বর্তমানে খাদ্য বান্ধব কর্মসূচীর (১০ টাকায় চাল) আওতায় ৪৩১৯ উপকারভোগী রয়েছেন। নতুন করে ২১৬ জন উপকারভোগীকে এই তালিকায় অন্তর্ভুক্তির জন্য বাছাই কার্যক্রম চলমান আছে। | বিস্তারিত আলোচনান্তে খাদ্য বান্ধব কর্মসূচীর(১০ টাকায় চাল)আওতায় উপকারভোগী নির্বাচনে প্রকৃত দরিদ্র ব্যক্তিদের অন্তর্ভুক্তির জন্য অনুরোধ জানিয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, জুড়ী |

২১. স্থানীয় সরকার বিভাগ (ইউজিডিপি) :

| ক্র: নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | ইউডিএফ সভায় জানান যে, স্থানীয় সরকার বিভাগ কর্তৃক সরাসরি বাস্তবায়িত উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (**ইউজিডিপি** )এর আওতায় ২০১৯-২০ (৪র্থ পর্যায়) অর্থ বছরের অবকাঠা উন্নয়ন উপ-প্রকল্প ও সক্ষমতা উন্নয়ন উপ-প্রকল্পের জন্য বরাদ্দকৃত ৫০ লক্ষ টাকা এবং ২০২০-২১ (৫ম পর্যায়) অর্থ বছরের অবকাঠামো উন্নয়ন উপ-প্রকল্প ও সক্ষমতা উন্নয়ন উপ-প্রকল্পের জন্য বরাদ্দকৃত ৬০ লক্ষ টাকার উপ-প্রকল্প সমূহ পিএসসি এর প্রস্তাব মোতাবেক পরিশিষ্ট "খ" তে উল্লেখপূর্বক সভায় অনুমোদনের জন্য উপস্থাপন করা হয়। | বিস্তারিত আলোচনান্তে, স্থানীয় সরকার বিভাগ কর্তৃক সরাসরি বাস্তবায়িত উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (**ইউজিডিপি** )এর আওতায় ২০১৯-২০ (৪র্থ পর্যায়) অর্থ বছরের অবকাঠাসো উন্নয়ন উপ-প্রকল্প ও সক্ষমতা উন্নয়ন উপ-প্রকল্পের জন্য বরাদ্দকৃত ৫০ লক্ষ টাকা এবং ২০২০-২১ (৫ম পর্যায়) অর্থ বছরের অবকাঠামো উন্নয়ন উপ-প্রকল্প ও সক্ষমতা উন্নয়ন উপ-প্রকল্পের জন্য বরাদ্দকৃত ৬০ লক্ষ টাকার উপ-প্রকল্প সমূহের প্রস্তাবনা ( পরিশিষ্ট "খ" তে উল্লেখিত) বাস্তবায়নের পরবর্তী পদক্ষেপ গ্রহণের নিমিত্ত সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত ও অনুমোদিত হয়। | ১.উপজেলা নির্বাহী অফিসার, জুড়ী<br>২.উপজেলা প্রকৌশলী, জুড়ী। |

২২.উপজেলা নির্বাচন অফিস:

| ক্র: নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | উপজেলা নির্বাচন অফিসার, জুড়ী সভায় জানান , শীঘ্রই ইউনিয়ন পরিষদ (চেয়ারম্যান ও সদস্যদের) নির্বাচনের তফসিল ঘোষনা করা হবে। নির্বাচনকালীন সময়ে সকলের সার্বিক সহযোগিতা প্রদানের জন্য তিনি অনুরোধ জানান। | নির্বাচনকালীন সময়ে দায়িত্ব পালনের নিমিত্তে কর্মকর্তা/ কর্মচারীর তালিকা সংগ্রহের জন্য সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা নির্বাচন অফিসার, জুড়ী |

২৩.তথ্য আপা:

| ক্র: নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | জুড়ী উপজেলায় দায়িত্বপ্রাপ্ত তথ্য আপা সভায় জানান, এ কার্যালয়ে আইজিএ প্রকল্পের সেলাই এবং বিউটিফিকেশন ট্রেনিং এর ২৫০ জন প্রশিক্ষনার্থীদের অনলাইন আবেদন চলমান আছে। এছাড়া কোভিড-১৯ এর ভ্যাকসিন প্রদানের জন্য নিবন্ধন কার্যক্রম , প্রাথমিক স্বাস্থ্যসেবা কার্যক্রম চলমান আছে। | কোভিড-১৯ এর ভ্যাকসিন প্রদানের জন্য নিবন্ধন কার্যক্রম ও প্রাথমিক স্বাস্থ্যসেবা কার্যক্রম নিয়মিত তদারকির জন্য সিদ্ধান্ত গৃহিত হয়। | তথ্যসেবা কর্মকর্তা, জুড়ী |

২৪. বিবিধ আলোচনা :

| ক্র: নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | উপজেলা প্রকৌশলী, জুড়ী সভায় জানান, জুড়ী উপজেলা পরিষদের আওতাধীন তালিকাভুক্ত ঠিকাদারের ২০২১-২২ অর্থবছরে লাইসেন্স নবায়ন ও নতুন তালিকাভুক্তির জন্য প্রস্তাব করেন। | বিস্তারিত আলোচনান্তে জুড়ী উপজেলা পরিষদের আওতাধীন তালিকাভুক্ত ঠিকাদারগণ আগামী ৩০ সেপ্টেম্বর ২০২১ এর মধ্যে ২০২১-২২ অর্থবছরে লাইসেন্স নবায়ন করার সময়সীমা নির্ধারণ করা হলো এবং শুধুমাত্র জুড়ী উপজেলার স্থায়ী বাসিন্দাগণ নতুন লাইসেন্স এর জন্য তালিকাভুক্তির আবেদন করতে পারবেন মর্মে সভায় সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হলো। | উপজেলা প্রকৌশলী, জুড়ী। |
| ০২ | সভায় উপস্থাপন করা হয় যে, জুড়ী উপজেলা পরিষদের জীপ গাড়ী নং মৌলভীবাজার -ঘ -১১-০০৮০ এর ব্যাটারী, ফ্যান বেল্ট ইত্যাদি সংযোজন করা হয়েছে। উক্ত সংযোজন বাবদ জনাব মো: বদরুল হোসাইন, জীপ চালক, উপজেলা পরিষদ, জুড়ী ১৪,৫৫০/-(চৌদ্দ হাজার পাঁচশত পঞ্চাশ) টাকার বিল ভাউচার দাখিল করেছেন। উক্ত বিল পরিশোধের নিমিত্ত সভায় উপস্থাপন করা হলো। | বিস্তারিত আলোচনান্তে জুড়ী উপজেলা পরিষদের জীপ গাড়ী নং মৌলভীবাজার -ঘ -১১-০০৮০ এর ব্যাটারী, ফ্যান বেল্ট ইত্যাদি সংযোজন বাবদ ১৪,৫৫০/-(চৌদ্দ হাজার পাঁচশত পঞ্চাশ) টাকা উপজেলা পরিশোধের রাজস্ব তহবিলের যানবাহন মেরামত খাত হতে আবেদনকারী বরাবর পরিশোধের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত ও অনুমোদিত হয়। | ১.চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জুড়ী।<br>২. উপজেলা নির্বাহী অফিসার, জুড়ী। |
| ০৩ | জনাব রঞ্জিতা শর্ম্মা, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জুড়ী সভায় জানান যে, ভাইস চেয়ারম্যান কার্যালয়ের দৈনন্দিন কার্যক্রম পরিচালনার জন্য তাঁর অফিসকক্ষে চেয়ার, টেবিল ও অন্যান্য প্রয়োজনীয় আসবাবপত্র সরবরাহ করার জন্য প্রস্তাব করেন। | বিস্তারিত আলোচনান্তে ২০২১-২২ অর্থ বছরে উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের আসবাবপত্র ক্রয় খাত হতে মহিলা ভাইস চেয়ারম্যান এর কার্যালয়ের জন্য চেয়ার, টেবিল ও অন্যান্য প্রয়োজনীয় আসবাবপত্র সরবরাহ বাবদ ১,৫০,০০০/-(এক লক্ষ পঞ্চাশ হাজার) টাকার একটি প্রকল্প গ্রহণের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত ও অনুমোদিত হয়। প্রকল্পটি পিআইসির মাধ্যমে বাস্তবায়নের জন্য উপজেলা প্রকৌশলী, জুড়ী কে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী, জুড়ী। |
| ০৪ | সভায় উপস্থাপন করা হয় যে, জুড়ী উপজেলা পরিষদের অফিস কক্ষে ও নীচতলার মেইন সুইচ বোর্ডে ইলেকট্রিক ত্রুটি দেখা দেয়ায় প্রয়োজনীয় মেরামত, সুইচ, তার ইত্যাদি বাবদ সংযোজন বাবদ মো: শাহিন আহমদ, সাঁট মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর উপজেলা পরিষদ, জুড়ী ১২,৫০০/-(বার হাজার পাঁচশত) টাকার বিল ভাউচার দাখিল করেছেন। উক্ত বিল পরিশোধের নিমিত্ত সভায় উপস্থাপন করা হলো। | বিস্তারিত আলোচনান্তে জুড়ী উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের উপজেলা পরিষদ ভবন ও বাসাবাড়ী মেরামত/সংরক্ষণ/রংকরণ খাত হতে উপজেলা পরিষদের অফিস কক্ষে ও নীচতলার মেইন সুইচ বোর্ডে ইলেকট্রিক ত্রুটি দেখা দেয়ায় প্রয়োজনীয় মেরামত, সুইচ, তার ইত্যাদি বাবদ সংযোজন বাবদ মো: শাহিন আহমদ, সাঁট মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর উপজেলা পরিষদ, জুড়ী বরাবর ১২,৫০০/-(বার হাজার পাঁচশত) টাকা পরিশোধের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত ও অনুমোদিত হয়। | ১.চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জুড়ী।<br>২. উপজেলা নির্বাহী অফিসার, জুড়ী। |

উপজেলা নির্বাহী অফিসার, জুড়ী সভায় টেকসই উন্নয়নই অগ্রযাত্রার মূলমন্ত্র। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্বপ্নের সোনার বাংলা প্রতিষ্ঠায় সকলকে ঐক্যবদ্ধভাবে উন্নয়নমূলক কাজ এগিয়ে নিতে হবে। বর্ণিত সভার সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন।

জনাব এম.এ মোঈদ ফারুক, চেয়ারম্যান, জুড়ী উপজেলা পরিষদ সভায় বলেন যে, সরকারের উন্নয়নের ধারা অব্যাহত রাখতে হবে। মহান মুক্তিযুদ্ধের চেতনায় দেশকে গড়ে তুলতে হবে। পরিশেষে সুখী, সমৃদ্ধ ও উন্নত বাংলাদেশ বিনির্মাণে সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের অনুরোধ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(এম.এ মোঈদ ফারুক)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
জুড়ী, মৌলভীবাজার

স্মারকনং-০৫.৪৬.৫৮৩৫.০০৩.০১.০১০.১৯.৮০৯ তারিখ: ১৭/ ০৯/২০২১ খ্রি.।

অনুলিপি : সদয় অবগতির জন্যঃ-

০১. মাননীয় মন্ত্রী,পরিবেশ,বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
০২. সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার,পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩. কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।
০৪. পরিচালক, স্থানীয় সরকার,সিলেট বিভাগ, সিলেট।
০৫. জেলা প্রশাসক, মৌলভীবাজার।
০৬. উপ-পরিচালক, স্থানীয় সরকার,মৌলভীবাজার।

অনুলিপি : জ্ঞাতার্থে ও কার্যার্থেঃ-

০১. ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, জুড়ী উপজেলা পরিষদ,জুড়ী।
০২. উপজেলা ..........................................................জুড়ী।
০৩. চেয়ারম্যান..........................................................ইউ/পি, জুড়ী (সকল)
০৪. জনাব ..........................................................।

(সোনিয়া সুলতানা)
উপজেলা নির্বাহী অফিসার
জুড়ী,মৌলভীবাজার
ফোন-০৮৬২৭৫৭০০১

## পরিশিষ্ট-ক

**সভায় জন প্রতিনিধি উপস্থিতির তালিকাঃ-**

০১. চেয়ারম্যান, জুড়ী উপজেলা পরিষদ,জুড়ী।
০২. মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জুড়ী।
০৩. চেয়ারম্যান এর প্রতিনিধি ,সাগরনাল ইউ/পি।
০৪. চেয়ারম্যান,পূর্বজুড়ী ইউ/পি।
০৫. চেয়ারম্যান, জায়ফরনগর ইউ/পি।
০৮. চেয়ারম্যান, সাগরনাল ইউ/পি।
০৯. জনাব আফিয়া বেগম ,সদস্য,জুড়ী উপজেলা পরিষদ,জুড়ী।
১০. জনাব মিনারা বেগম সদস্য,জুড়ী উপজেলা পরিষদ,জুড়ী।

**সভায় কর্মকর্তা উপস্থিতির তালিকাঃ-**

০১. উপজেলা নির্বাহী অফিসার, জুড়ী।
০২. উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, জুড়ী।
০৩. উপজেলা কৃষি কর্মকর্তা, জুড়ী।
০৪. উপজেলা প্রকৌশলী, জুড়ী।
০৫. উপজেলা মৎস্য কর্মকর্তা, জুড়ী
০৬. উপজেলা শিক্ষা কর্মকর্তা, জুড়ী।
০৭. উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, জুড়ী
০৮. উপজেলা উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, জুড়ী।
০৯. উপজেলা সমাজসেবা কর্মকর্তা, জুড়ী।
১০. প্রতিনিধি উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, জুড়ী।
১১. উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, জুড়ী।
১২. উপজেলা আনসার ভিডিপি প্রশিক্ষক, জুড়ী।
১৩. উপজেলা সমবায় কর্মকর্তা, জুড়ী।
১৪. শাখা ব্যবস্থাপক, আমার বাড়ী আমার খামার প্রকল্প।
১৫. উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য অধিদপ্তর, জুড়ী
১৬. ইউডিএফ, জুড়ী।

**সভায় অনুপস্থিতির তালিকাঃ-**

১. ভাইস চেয়ারম্যান,জুড়ী উপজেলা পরিষদ, জুড়ী।
২. চেয়ারম্যান, পশ্চিমজুড়ী ইউপি
৩. চেয়ারম্যান, ফুলতলা ইউপি
৪. চেয়ারম্যান, গোয়ালবাড়ী ইউপি
৫. উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, জুড়ী।
৬. উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, জুড়ী।
৭. উপ-সহকারী প্রকৌশলী, বিউবো, জুড়ী।
৮. রেঞ্জ কর্মকর্তা, জুড়ী।

২৬/০৮/২০২১ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত জুড়ী উপজেলা পরিষদেও মাসিক সভার পরিশিষ্ট ঃ ''খ''

উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় নিম্নোবর্ণিত প্রকল্পসমূহ বাস্তবায়নের নিমিত্তে উপজেলা কমিটির প্রস্তাব ও ২২/০৮/২০২১ খ্রি: তারিখে অনুষ্ঠিত উপজেলা প্রকল্প বাছাই কমিটির সভার (উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প প্রস্তাবনা সংক্রান্ত) সিদ্ধান্ত মোতাবেক **৪র্থ পর্যায় (২০১৯-২০)** এর ১০,০০,০০০/-(দশ লক্ষ) টাকা ব্যায়ে বাছাইকৃত মোট ০৬টি সক্ষমতা উন্নয়ন উপ-প্রকল্প ও ৪০,০০,০০০/- (চল্লিশ লক্ষ) টাকা ব্যায়ে বাছাইকৃত মোট ০২টি অবকাঠামো উন্নয়ন উপ-প্রকল্প এবং **৫ম পর্যায় (২০২০-২১)** এর ১০,০০,০০০/-(দশ লক্ষ) টাকা ব্যায়ে বাছাইকৃত মোট ০৬টি সক্ষমতা উন্নয়ন উপ-প্রকল্প ও ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা ব্যায়ে বাছাইকৃত মোট ০৪টি অবকাঠামো উন্নয়ন উপ-প্রকল্প অনুমোদনের নিমিত্ত উপজেলা পরিষদ সভা কর্তৃক চূড়ান্তভাবে উক্ত উপ-প্রকল্প সমূহের বাজেট ও পিআইসি অনুমোদিত তালিকা নিম্নরুপঃ

## প্রকল্পের তালিকা ও বাজেট

| ক্র:নং | **অনুমোদিত প্রকল্প তালিকাঃ ৪র্থ পর্যায় (২০১৯-২০) (সক্ষমতা উন্নয়ন)** | অনুমোদিত পিআইসি কমিটি | মোট বাজেট (টাকা) |
|---|---|---|---|
| ০১ | যুব নারী ও পুরুষদের কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে ডিজিটাল মার্কেটিং বিষয়ক প্রশিক্ষণ। | যুব ও ক্রীড়া উন্নয়ন কমিটি | ১০,০০,০০০/- |
| ০২ | মধু উৎপাদনের জন্য আধুনিক প্রযুক্তিতে মৌমাছি পালন বিষয়ক কৃষক-কৃষাণীদের প্রশিক্ষণ। | কৃষি ও সেচ কমিটি | |
| ০৩ | ই-নথি ব্যবস্থাপনা ও ওয়েব পোর্টাল আপডেটকরণ বিষয়ে বিভিন্ন দপ্তরের কর্মকর্তা ও কর্মচারীদের প্রশিক্ষণ। | মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষা কমিটি | |
| ০৪ | নিরাপদ দুধ ও মাংস উৎপাদন বৃদ্ধির লক্ষে খামারীদের প্রশিক্ষণ। | মৎস ও প্রাণী সম্পদ কমিটি | |
| ০৫ | প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক ও বিদ্যালয় ব্যবস্থাপনা কমিটির সদস্যদের দায়িত্ব ও কর্তব্য বিষয়ে দক্ষতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণ। | প্রাথমিক ও গণশিক্ষা কমিটি | |
| ০৬ | কোভিড-১৯ ভাইরাস বিষয়ে সচেতনতা তৈরিতে স্বাস্থ্য কর্মী, পল্লী চিকিৎসক, শিক্ষক, জনপ্রতিনিধি, গণ্যমাণ্য ব্যক্তি ও সাংবাদিকদের করণীয় ও ভূমিকা শীর্ষক কর্মশালা। | স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কমিটি | |

| ক্র:নং | **অনুমোদিত প্রকল্প তালিকাঃ ৪র্থ পর্যায় (২০১৯-২০) (অবকাঠামো উন্নয়ন)** | মোট বাজেট (টাকা) |
|---|---|---|
| ০১ | জুড়ী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে সেন্ট্রাল অক্সিজেন সিস্টেম স্থাপন | ৪০,০০,০০০/- |
| ০২ | মাধ্যমিক বিদ্যালয় ও কলেজে ছাত্রীদের জন্য ০৪ টি হাইজিন কর্ণার নির্মাণ ও সংস্কার। ক) টি এন খানম কলেজ খ) জুড়ী মডেল উচ্চ বিদ্যালয় গ) ছোট ধামাই উচ্চ বিদ্যালয় ঘ) নয়াগ্রাম শিমুলতলা মাদ্রাসা | |

| ক্র:নং | **অনুমোদিত প্রকল্প তালিকাঃ ৫ম পর্যায় (২০২০-২১) (সক্ষমতা উন্নয়ন)** | অনুমোদিত পিআইসি কমিটি | মোট বাজেট (টাকা) |
|---|---|---|---|
| ০১ | নৃ-তাত্বিক জনগোষ্ঠী ও অন্যান্যদের উৎপাদিত পণ্যসামগ্রী বিক্রয় ও বিপননে ডিজিটাল প্লাটফর্ম ব্যবহার বিষয়ক প্রশিক্ষণ। | যুব ও ক্রীড়া উন্নয়ন কমিটি | ১০,০০,০০০/- |
| ০২ | যুব মহিলাদের আত্মকর্মসংস্থানের জন্য ব্লক-বাটিক প্রশিক্ষণ। | নারী ও শিশু উন্নয়ন কমিটি | |
| ০৩ | চা শ্রমিক ও পঞ্চায়েত প্রধানদের স্বাস্থ্যবিধি ও কোভিড-১৯ সচেতনতা বিষয়ক প্রশিক্ষণ। | স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কমিটি | |
| ০৪ | মণিপুরী তাঁতশিল্পের উৎপাদিত পণ্যের মানোন্নয়ন ও বিপনন ব্যবস্থাপনা প্রশিক্ষণ। | নারী ও শিশু উন্নয়ন কমিটি | |

(সোনিয়া সুলতানা)
উপজেলা নির্বাহী অফিসার
জুড়ী, মৌলভীবাজার।

এম, এ, মোঈদ ফারুক
চেয়ারম্যান
জুড়ী উপজেলা পরিষদ
জুড়ী, মৌলভীবাজার।

| | | | |
|---|---|---|---|
| ০৫ | (১০-১৭) বছর বয়সী কিশোরীদের ব্যক্তিগত হাইজিন সচেতনতা প্রশিক্ষণ। | স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কমিটি | |
| ০৬ | বজ্রপাত, পাহাড়ধ্বস, হঠাৎ বন্যা, অগ্নিকাণ্ডসহ অন্যান্য দুর্যোগ ব্যবস্থাপনা ও ঝুঁকি হ্রাসকরণে করণীয় শীর্ষক কর্মশালা। | যুব ও ক্রীড়া উন্নয়ন কমিটি | |

| ক্রঃনং | অনুমোদিত প্রকল্প তালিকাঃ ৫ম পর্যায় (২০২০-২১)<br>(অবকাঠামো উন্নয়ন) | মোট বাজেট (টাকা) |
|---|---|---|
| ০১ | ভোগতেরা কমিউনিটি ক্লিনিক সংস্কার ও নতুন ডেলিভারী রুম নির্মাণ। | ৫০,০০,০০০/- |
| ০২ | উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স ও বিভিন্ন কমিউনিটি ক্লিনিকে চিকিৎসা সরঞ্জামাদি সরবরাহ। | |
| ০৩ | মাধ্যমিক বিদ্যালয়ের ছাত্রীদের জন্য ০২ টি হাইজিন কর্ণার নির্মাণ।<br>ক) হোসন আলী উচ্চ বিদ্যালয় খ) কচুরগুল উচ্চ বিদ্যালয় | |
| ০৪ | বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে উঁচু-নীচু বেঞ্চ সরবরাহ। | |

(সোনিয়া সুলতানা)
উপজেলা নির্বাহী অফিসার
জুড়ী, মৌলভীবাজার।

এম, এ, মোঈদ ফারুক
চেয়ারম্যান
জুড়ী উপজেলা পরিষদ
জুড়ী, মৌলভীবাজার।

উপজেলা পরিষদ

জুড়ী, মৌলভীবাজার

মৌলভীবাজার জেলার জুড়ী উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব এম.এ মোঈদ ফারুক, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জুড়ী, মৌলভীবাজার।
সভার স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, জুড়ী।
সভার তারিখ : ১৬/০৯/২০২১ খ্রি., সময়- সকাল ১১.৩০ ঘটিকা ।
সভার উপস্থিতি : পরিশিষ্ট 'ক' সংযুক্ত।

**বিগত সভার কার্যবিবরণী উপস্থাপন ও অনুমোদন:** সভাপতি মহোদয় সভায় উপস্থিত সকল সদস্য ও বিভাগীয় কর্মকতাগণকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অত:পর সভা পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসার, জুড়ী কে অনুরোধ করেন। উপজেলা নির্বাহী অফিসার, জুড়ী উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে বিগত ২৬/০৮/২০২১ খ্রি. তারিখে অনুষ্ঠিত জুড়ী উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী পাঠ করে শুনান। পঠিত কার্যবিবরণীতে কোন সংশোধনী বা সংযোজনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। বিভাগওয়ারী আলোচনা ও সিদ্ধান্তসমূহ নিম্নরূপ :

**০১.০০ স্বাস্থ্য বিভাগ:-**

| ক্র:নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | উপজেলা স্বাস্থ্য ও প:প: কর্মকর্তা, জুড়ী সভায় জানান স্টাফ নার্স সংকটের কারণে কোভিড-১৯ আইসোলেশন সেন্টার সুষ্ঠুভাবে পরিচাল্না করা সম্ভব হচ্ছে না। বিভিন্ন কমিউনিটি ক্লিনিকে বিদ্যুৎ সংযোগ না থাকায় সেবা কার্যক্রম বিঘ্নিত হচ্ছে। কোভিড-১৯ এর ২য় ডোজ ভ্যাকসিন প্রদান অব্যাহত আছে। জনসাধারণকে মাস্ক পরার বিষয়টি নিশ্চিত করার লক্ষ্যে স্বাস্থ্য বিভাগ নিয়মিত প্রচেষ্টা অব্যাহত রেখেছে। | বিস্তারিত আলোচনান্তে কোভিড-১৯ এর নমুনা সংগ্রহ বৃদ্ধি করার এবং প্রয়োজনীয় সেবা প্রদান অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা স্বাস্থ্য ও প:প: কর্মকর্তা, জুড়ী। |

**০২.০০ কৃষি বিভাগঃ**

| ক্র:নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | উপজেলা কৃষি সম্প্রসারণ কর্মকর্তা, জুড়ী সভায় বলেন, এ বছর খরিফ-১/২০২১-২২ মৌসুমে ৮৪৬০ হে. জমিতে রোপা আমন আবাদ চূড়ান্তভাবে সম্পন্ন হয়েছে। মাঠে দণ্ডায়মান রোপা আমনের অবস্থা ভাল। নতুনজাত সম্প্রসারণসহ বিভিন্ন প্রযুক্তি ব্যবহারের ফলে গত বছরের তুলনায় এ বছর ফলন ও উৎপাদন বৃদ্ধি পাবে। বর্তমানে সার ও বীজের কোন সংকট নেই। | কৃষি ক্ষেত্রে বৈপ্লবিক পরিবর্তন আনার জন্য কেমিক্যাল সার ব্যবহারের পরিবর্তে কম্পোস্ট সার ব্যবহারের বিষয়ে কৃষকদের পরামর্শ প্রদান, পতিত জমি কৃষি উপযোগী করার বিষয়ে কৃষকদের পরামর্শ প্রদান এবং সার উত্তোলনের বিষয়টি নিয়মিত মনিটরিং করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি কর্মকর্তা, জুড়ী |

**০৩.০০. স্থানীয় সরকার প্রকৌশল বিভাগ :**

| ক্র: নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | উপজেলা প্রকৌশলী, জুড়ী সভায় জানান যে, ২০২১-২২ অর্থ বছরের ১ম কিস্তির অর্থকে ভিত্তি করে উন্নয়ন সহায়তা তহবিলের অনুকূলে বাস্তবায়নের জন্য সকল ইউনিয়ন পরিষদ হতে প্রকল্প তালিকা পাওয়া গিয়েছে। প্রকল্প সমূহ উপজেলা প্রকল্প বাছাই কমিটিতে উপস্থাপন করা হবে। | খাতওয়ারী প্রকল্পসমূহ দ্রুত অনুমোদনের ব্যবস্থা গ্রহণের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী, জুড়ী |
| ০২ | উপজেলা প্রকৌশলী, জুড়ী সভায় জানান যে, উপজেলা পরিষদ অডিটোরিয়ামে শব্দ ইকোধ্বনি হওয়ার কারণে শ্রোতাগণ কিছুই শুনতে পারেন না। ফলে জাতীয় অনুষ্ঠান করা বেশ কষ্টসাধ্য হয়। এমতাবস্থায় অডিটোরিয়ামের সাউন্ড সিস্টেম স্থাপনসহ অডিটোরিয়াম সংস্কার প্রয়োজন। বিগত সভার সিদ্ধান্ত মোতাবেক উপজেলা প্রকৌশলী, জুড়ী সভায় প্রাক্কলন উপস্থাপন করেন।<br>স্কীমের নাম<br>উপজেলা পরিষদ অডিটোরিয়ামের সাউন্ড সিস্টেম স্থাপনসহ অডিটোরিয়াম সংস্কার কাজ ------------------------------------------- ১২,৩৯,৯৭১.০০ টাকা | বিস্তারিত আলোচনান্তে অডিটোরিয়ামের সাউন্ড সিস্টেম স্থাপনসহ অডিটোরিয়াম সংস্কার কাজ সম্পন্ন করার বরাদ্দের জন্য স্থানীয় সরকার বিভাগ বরাবরে পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী, জুড়ী |

| | | | |
|---|---|---|---|
| ০৩ | বিগত সভার সিদ্ধান্ত মোতাবেক উপজেলা প্রকৌশলী, জুড়ী উপজেলা পরিষদের চন্দ্রমল্লিকা ও মাধবী কোয়ার্টারের এর সংস্কার কাজের প্রাক্কলনসমূহ উপস্থাপন করেন। যা নিম্নরূপ :<br>স্কীমের নাম<br>(ক)মাধবী কোয়ার্টারের মেরামত------ প্রাক্কলিত ব্যয় -১৩,৩২,৮৭৩.০০ টাকা<br>(খ) চন্দ্রমল্লিকা কোয়ার্টারের মেরামত--- প্রাক্কলিত ব্যয় -- ১০,৪০,৩০৮.০০ টাকা | বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের চন্দ্রমল্লিকা ও মাধবী কোয়ার্টারের সংস্কার কাজ সম্পন্ন করার নিমিত্ত বরাদ্দের জন্য স্থানীয় সরকার বিভাগ বরাবরে প্রাক্কলনসহ পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয় | উপজেলা প্রকৌশলী, জুড়ী |
| ০৪ | বিগত সভার সিদ্ধান্ত মোতাবেক উপজেলা প্রকৌশলী, জুড়ী উপজেলা পরিষদের নিরাপত্তা বিধানের জন্য ২টি গেইট সংস্কার/নির্মাণ কাজের প্রাক্কলন উপস্থাপন করেন। যা নিম্নরূপ-<br>স্কীমের নাম<br>উপজেলা পরিষদ কমপ্লেক্সে ২টি মেইন গেইট নির্মাণ ----------<br>প্রাক্কলিত ব্যয়-৮,৩১,৩৯৬.০০টাকা | সভায় বিস্তারিত আলোচনান্তে উক্ত ২টি গেইট সংস্কার/নির্মাণ কাজের ব্যয় সরাসরি রাজস্ব তহবিল হতে মেটানোর সুযোগ না থাকায় বিল রাজস্ব তহবিল হতে ব্যয়ের প্রশাসনিক অনুমোদনের জন্য স্থানীয় সরকার বিভাগে প্রাক্কলনসহ পত্র প্রেরণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী, জুড়ী |

**০৪.০০: প্রাণিসম্পদ বিভাগঃ**

| ক্র: নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, জুড়ী সভায় জানান ২৩০২০-২১ অর্থ বৎসরে মহিষ উন্নয়ন প্রকল্পের আওতায় নির্বাচিত ৩০ জন মহিষ খামারীকে প্রশিক্ষণের জন্য বরাদ্দ পাওয়া গিয়েছে। সেপ্টেম্বর/২১ মাসের ৪র্থ সপ্তাহে উক্ত প্রশিক্ষণ (৩দিন ব্যাপী) সম্পন্ন করা হবে। | উপজেলা প্রশাসনের সাথে সমন্বয় করে মহিষ উন্নয়ন প্রকল্পের আওতায় নির্বাচিত ৩০ জন মহিষ খামারীকে প্রশিক্ষণ প্রদানের জন্য উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, জুড়ী কে অনুরোধ জানানো হয়। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, জুড়ী |

**০৫.০০ মৎস্য বিভাগ :**

| ক্র: নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | উপজেলা মৎস্য কর্মকর্তা, জুড়ী সভায় জানান যে, উপজেলা প্রশাসন ও মৎস্য বিভাগের সার্বিক সহযোগিতায় জাতীয় মৎস্য সপ্তাহ/২১ সফলভাবে সমাপ্ত হয়েছে। জাতীয় মৎস্য সপ্তাহ/২১ এর ধারাবাহিকতায় রাজস্ব বাজেটের আওতায় হাকালুকি হাওরে চাতলা বিলে ও উপজেলার বিভিন্ন প্রাতিষ্ঠানিক জলাশয়ে ২৬০ কেজি মাছের পোনা অবমুক্ত করা হয়। | মৎস্যজীবিরা যাতে হাকালুকি হাওরের বিভিন্ন বিলে পোনা মাছ আহরণ করতে না পারে সেদিকে সজাগ দৃষ্টি রাখার জন্য অনুরোধ জানানো হয়। | উপজেলা মৎস্য কর্মকর্তা, জুড়ী। |

**০৬.০০: মাধ্যমিক শিক্ষা বিভাগঃ**

| ক্র: নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | উপজেলা একাডেমিক সুপারভাইজার, জুড়ী সভায় জানান যে, ২০২১ সালের এসএসসি পরীক্ষার্থীদের ৩য়-৮ম এসাইনমেন্ট ও এইচএসসি পরীক্ষার্থীদের ৩য়-৬ষ্ঠ এসাইনমেন্ট কার্যক্রম চলমান। ১২ সেপ্টেম্বর থেকে শিক্ষা প্রতিষ্ঠানে শ্রেণি কার্যক্রম চলমান। শিক্ষা প্রতিষ্ঠাসমূহ প্রতিনিয়ত পরিদর্শন করা হচ্ছে এবং নিয়মিত প্রতিবেদন দেয়া হচ্ছে। কোভিড-১৯ এর কারণে মাধ্যমিক বিদ্যালয় ও মাদ্রাসা সমূহের ম্যানেজিং কমিটির নির্বাচন বন্ধ ছিল। সরকারি সিদ্ধান্ত মোতাবেক এখন থেকে নির্বাচন সম্পন্নের মাধ্যমে ম্যানেজিং কমিটি গঠন করা হবে। | বিস্তারিত আলোচনান্তে সরকারি নির্দেশনা অনুযায়ী এসাইনমেন্ট কার্যক্রম নিয়মিত মনিটরিং করার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, জুড়ী |

**০৭.০০ প্রাথমিক শিক্ষা বিভাগঃ**

| ক্র:নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | উপজেলা শিক্ষা অফিসার, জুড়ী সভায় জানান সরকারী নির্দেশনা অনুযায়ী ১২/০৯/২০২১ তারিখ থেকে স্বাস্থ্যবিধি অনুসরণ করে প্রাথমিক বিদ্যালয়সমূহের পাঠদান কার্যক্রম চলমান রয়েছে। সপ্তাহের প্রতিদিন ৫ম শ্রেণি এবং সপ্তাহে ০১দিন করে ১ম-৪র্থ শ্রেণির পাঠদান করা হচ্ছে। | ছাত্র-ছাত্রীদেরকে মাস্ক পরিধান করে বিদ্যালয়ে আসার এবং শিক্ষকগণকে মাস্ক পরিধান করে পাঠদানের বিষয়টি তদারকি করাক জন্য অনুরোধ করা হলো। | উপজেলা শিক্ষা কর্মকর্তা, জুড়ী |

০৮.০০ ত্রাণ বিভাগঃ (প্রকল্প বাস্তবায়ন অফিস)

| ক্রঃ নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, জুড়ী সভায় জানান যে, ২০২০-২১ অর্থ বছরের সকল প্রকল্পের কাজ শেষ হয়েছে। ২০২১-২২ অর্থ বছরের বরাদ্দ প্রাপ্তিসাপেক্ষে প্রকল্প তালিকা প্রস্তুতের কার্যক্রম গ্রহণ করা হবে। | উন্নয়নমূলক প্রকল্প সমূহ নিয়মিত পরিদর্শন করার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, জুড়ী |

০৯.০০: আনসার ও ভিডিপি বিভাগঃ

| ক্রঃ নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, জুড়ী এর প্রতিনিধি সভায় জানান যে, সকল সদস্যকে কোভিড-১৯ এর টিকা প্রদান করা হয়েছে। এ দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক চলমান রয়েছে। | বিস্তারিত আলোচনান্তে চোরাচালান ও মাদক নিয়ন্ত্রণে পুলিশ বাহিনীর সাথে সমন্বয় রেখে বিভাগীয় কার্যক্রম পরিচালনার জন্য অনুরোধ জানানো হলো। | উপজেলা আনসার ও ভিডিপি অফিসার, জুড়ী |

১০.০০: বন বিভাগঃ

| ক্রঃ নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | সহকারী বন সংরক্ষক কর্মকর্তা, জুড়ী সভায় জানান, জুড়ী বন বিভাগের আওতাধীন ৪টি বিটের ১৬৯৭৩ হেক্টর সংরক্ষিত বনের সার্বিক পরিস্থিতি ভাল রয়েছে। প্রতিটি বিটে সুফল প্রকল্পের আওতায় প্রায় ২৭৫ হেক্টর বনায়ন কাজ সম্পন্ন হয়েছে । এছাড়া পুটিছড়া বিটের সংরক্ষিত বনের অভ্যন্তরে অবৈধভাবে গড়ে ওঠা ১টি পাকা ঘর ভেঙ্গে বনের ১০ শতাংশ জমি উদ্ধার করা হয়েছে। সংরক্ষিত বনের ভূমি জবর-দখল মুক্ত রাখতে বনবিভাগের কর্মকর্তা- কর্মচারীরা সজাগ রয়েছে। | সংরক্ষিত বনের ভূমি জবর-দখল মুক্ত রাখতে বনবিভাগের কর্মকর্তা-কর্মচারীরা যাতে সতর্ক থাকে এ বিষয়ে তদারকি করার জন্য অনুরোধ জানানো হয়। | সহকারী বন সংরক্ষক, জুড়ী |

১১.০০: উপজেলা সমাজসেবা বিভাগঃ

| ক্রঃ নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, জুড়ী সভায় জানান যে, চা শ্রমিকদের জীবনমান উন্নয়ন কর্মসূচির এককালীন আর্থিক অনুদান বিতরনের আওতায় বিভিন্ন চা বাগানের চেক বিতরনের কার্যক্রম চলমান রয়েছে। ২০২১-২২ অর্থ বছরের অস্বচ্ছল প্রতিবন্ধী ভাতার আওতায় নতুন বরাদ্দপত্র পাওয়া গিয়েছে, যা স্থানীয় ইউনিয়ন পরিষদে বিভাজন অনুযায়ী প্রেরণ করা হয়েছে। তাছাড়া এ বিভাগের অধীনে ন্যস্ত ভাতা প্রদানসহ অন্যান্য কার্যক্রম **নিয়মিত তদারকি করা হচ্ছে।** | বিস্তারিত আলোচনান্তে প্রকৃত অস্বচ্ছল প্রতিবন্ধী ব্যক্তিদের ভাতার আওতাভুক্ত করার জন্য সকল ইউপি চেয়ারম্যানগণকে ও উপজেলা সমাজসেবা কর্মকর্তাকে সভায় অনুরোধ জানানো হয়। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, জুড়ী ও ইউপি চেয়ারম্যান (সকল) |

১২.০০: উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ :

| ক্রঃ নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা ,জুড়ী সভায় জানান যে, জুলাই/২০২১ মাসের হিসাব অনুযায়ী উপজেলার মোট সক্ষম দম্পতির সংখ্যা ২৬,০১১ জন। জন্ম বিরতিকরণের বিভিন্ন পদ্ধতি গ্রহণকারীর সংখ্যা ১৯,৯০১ জন, গ্রহণকারীর হার ৭৬.৫১%। মাঠ পর্যায়ে মাঠকর্মী ও স্বেচ্ছাসেবীগণ বাড়ী বাড়ী পরিদর্শনের মাধ্যমে পরিবার পরিকল্পনা স্থায়ী, দীর্ঘমেয়াদি ও অস্থায়ী পদ্ধতির গ্রহণের হার বৃদ্ধির জন্য কাজ করছেন। | ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রের সেবার মান বৃদ্ধি এবং পরিবার পরিকল্পনা পদ্ধতি বাস্তবায়নের নিমিত্ত মাঠকর্মীদের নিয়মিত বাড়ী বাড়ী গমনের বিষয়টি মনিটরিং করার সিদ্ধান্ত গৃহীত হয়। স্বাস্থ্য বিভাগের সাথে সমন্বয় করে কাজ করার জন্যও অনুরোধ জানানো হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা,জুড়ী |

১৩.০০: সমবায় বিভাগঃ

| ক্রঃ নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | উপজেলা সমবায় কর্মকর্তা, জুড়ী সভায় জানান যে, এ বিভাগের আওতাধীন মোট ১২৮টি নিবন্ধিত সমিতি রয়েছে। সমিতির অডিট, পরিদর্শন সদস্যদের নিয়ে ভ্রাম্যমান প্রশিক্ষণ লক্ষ্যমাত্রা অনুযায়ী নিয়মিত পরিচালিত হচ্ছে। এ বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | নিবন্ধিত সমিতিসমূহ নিয়মিত পরিদর্শন কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমবায় অফিসার, জুড়ী |

১৪.০০: যুব উন্নয়ন অধিদপ্তর:

| ক্র: নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, জুড়ী সভায় জানান ২০২১-২২ অর্থ বছরে জুড়ী উপজেলায় ১৪টি অপ্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ সম্পন্ন করার নির্দেশনা পাওয়া গিয়েছে এব বরাদ্দ পাওয়া গিয়েছে। চলমান সেপ্টেম্বর/২১ মাস থেকে প্রশিক্ষণ কার্যক্রম শুরু হবে। বাৎসরিক ঋণ বিতরণের টার্গেট ১৬,৫০,০০০/- টাকা। | উপজেলা প্রশাসনের সাথে সমন্বয় করে প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা জুড়ী |

১৫.০০: আমার বাড়ী আমার খামার প্রকল্প(পল্লী সঞ্চয় ব্যাংক জুড়ী) :

| ক্রঃ নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ০১ | আমার বাড়ী আমার খামার এর শাখা ব্যবস্থাপক, জুড়ী সভায় জানান যে, মাসিক ঋণ আদায়ের লক্ষ্যমাত্রা ৫৬ লক্ষ টাকা এবং আদায় ৩১.৭০ লক্ষ টাকা, আদায়ের হার ৬৭%। উপজেলায় সর্বমোট ঋণ বিতরণ ৯৩৫.০৫ কোটি টাকা, উপজেলায় সর্বমোট ঋণ আদায় ৫৯৩.৩১ কোটি টাকা। কোভিড-১৯ এর কারণে ঋণ আদায় কম হচ্ছে মর্মে শাখা ব্যবস্থাপক সভাকে অবহিত করেন। | লক্ষ্যমাত্রা অনুযায়ী মাসিক ঋণ আদায় কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | শাখা ব্যবস্থাপক, আমার বাড়ী আমার খামার প্রকল্প, জুড়ী। |

১৬.০০: উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ :

| ক্রঃ নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ০১ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, জুড়ী সভায় জানান যে, কোভিড-১৯ এর কারণে ঋণ আদায় কার্যক্রম কিছুটা হ্রাস পেয়েছে। তবে সদর দপ্তরের নির্দেশনা মোতাবেক ঋণ বিতরণ ও আদায় কার্যক্রম চলমান রয়েছে। আবর্তক কৃষি ঋণ ক্রম পুঞ্জিভুত বিতরণ ৪২.৪৫ লক্ষ টাকা, ঋণ আদায় ২৩.৪২ লক্ষ টাকা, খেলাপি ঋণ ১০.৬৮ লক্ষ টাকা, আদায়ের হার ৫৫%। পল্লী প্রজাতি কর্মসূচি ক্রম পুঞ্জিভুত বিতরণ ৩৬.৯২ লক্ষ টাকা, ঋণ আদায় ১৬.৭৪ লক্ষ টাকা, ঋণ খেলাপি ২০.১৮ লক্ষ টাকা, আদায়ের হার ৪৫%। সদাবিকের ক্রমপুঞ্জিভুত বিতরণ ১৪.৫৫ লক্ষ, ঋণ আদায় ১.৫৯ লক্ষ টাকা, খেলাপি ঋণ ১১.২২ লক্ষ টাকা, আদায়ের হার ১৪%এবং বীর মুক্তিযোদ্ধা কর্মসূচির ক্রম পুঞ্জিভুত বিতরণ ৪.৭৯ লক্ষ টাকা, ঋণ আদায় ১.৭৪ লক্ষ টাকা, খেলাপি ঋণ ৩.০৫ লক্ষ টাকা, আদায়ের হার ৩৬%। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার জন্য উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, জুড়ী কে অনুরোধ জানানো হলো। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, জুড়ী |

১৭.০০: বিদ্যুৎ উন্নয়ন বোর্ড / পল্লী বিদ্যুৎ সমিতি:

| ক্রঃ নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ০১ | বিদ্যুৎ বিভাগের প্রতিনিধি সভায় জানান, মৌলভীবাজার পল্লী বিদ্যুৎ সমিতির জুড়ী অভিযোগ কেন্দ্রের আওতাধীন এলাকার কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার জন্য উপ-সহকারী প্রকৌশলী, বিউবো, জুড়ী কে অনুরোধ জানানো হলো। | উপ-সহকারী প্রকৌশলী, বিউবো, জুড়ী |

১৮.০০: জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরঃ

| ক্রঃ নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, জুড়ী বলেন, সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের আওতায় নলকূপ স্থাপনের ও ইমপ্রুভ ল্যাট্রিনের কাজ চলমান আছে। চা বাগানে চা শ্রমিকদের জন্য নিরাপদ সুপেয় পানি সরবরাহের লক্ষ্যে নলকূপ স্থাপনের কাজ চলমান আছে এবং টু-ইন পিট ল্যাট্রিনের কাজ সম্পন্ন হয়েছে। হাওর প্রকল্পের আওতায় নলকূপ স্থাপনের চলমান আছে এবং এই প্রকল্পের আওতায় ইম্প্রুভ ল্যাট্রিনের কাজ চলমান আছে। PEDP প্রকল্পের আওতায় বিদ্যালয়ে পানি সরবরাহ সাপ্লাই সিস্টেম চলমান রয়েছে। | বিস্তারিত আলোচনান্তে বিভাগীয় কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনা করা সহ আওতায় বিদ্যালয়ে পানি সরবরাহ সাপ্লাই সিস্টেম কাজ দ্রুত সমাপ্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হয়। | উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর),জুড়ী |

১৯.০০: মহিলা বিষয়ক অধিদপ্তরঃ

| ক্রঃনং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা,জুড়ী এর প্রতিনিধি সভায় অনুপস্থিত থাকায় কোন বক্তব্য পাওয়া যায়নি। | পরবর্তী সভায় উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা,জুড়ীকে উপস্থিত থাকার জন্য নোটিশ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার,জুড়ী |

২০. খাদ্য বিভাগ :

| ক্রঃনং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, জুড়ী সভায় জানান যে, জুড়ী খাদ্য গুদামে বর্তমানে মজুদ আছে চাল ৬৫৮.৭৭ মে.টন, গম ৬১.৫৬ মে. টন, ধান ২০৫.৪৪০ মে.টন। খাদ্য বান্ধব কর্মসূচীর (১০ টাকায় চাল) আওতায় ৪৩২৯ উপকারভোগীর সাথে ২১৬ জন উপকারভোগীর মধ্যে চলতি মাস থেকে চাল বিতরণ করা হবে। রয়েছেন। কয়েকটি ইউনিয়ন পরিষদের গত দুই মাসের ভিজিডির চাল সময়মত উত্তোলন না করায় গুদামের মজুদে সমস্যা সৃষ্টি হচ্ছে মর্মে উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, জুড়ী সভায় জানান। চলতি মাস থেকে খাদ্য বান্ধব কর্মসূচি ও ভিজিডি এর চালে ফার্সেল (পুষ্টি) মিশ্রণ করে বিতরণ করা হবে। | বিস্তারিত আলোচনান্তে যে সকল ইউনিয়ন পরিষদের ভিজিডি চাল বিগত ২ মাস যাবৎ উত্তোলন করা হয়নি তাদেরকে আগামী ৭ দিনের মধ্যে উত্তোলন করার জন্য পত্র দেয়ার অনুরোধ জানিয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, জুড়ী |

২১. স্থানীয় সরকার বিভাগ (ইউজিডিপি) :

| ক্র:নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | ইউডিএফ সভায় জানান যে, স্থানীয় সরকার বিভাগ কর্তৃক সরাসরি বাস্তবায়িত উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প **(ইউজিডিপি** )এর আওতায় ২০১৮-১৯ অর্থ বছরের (৩য় পর্যায়) সক্ষমতা উন্নয়ন উপ-প্রকল্প ০৭টির মধ্যে ০৫টি সমাপ্ত হয়েছে। অবশিষ্ট ০২টি উপ-প্রকল্পের প্রশিক্ষন দ্রুত শেষ করার জন্য অনুরোধ করা হয়েছে।<br>(২) ২০১৮-১৯ অর্থ বছরের (৩য় পর্যায়) অবকাঠামো উন্নয়ন উপ-প্রকল্পের বাস্তবায়ন কাজ দ্রুত শুরু করার প্রয়োজনীয় ব্যবস্থা নেয়ার জন্য অনুরোধ করা হয়েছে।<br>(৩)২০১৯-২০ (৪র্থ পর্যায়) ও ২০২০-২১ (৫ম পর্যায়) উপ-প্রকল্প সমূহের প্রস্তাবনা ইউজিডিপি এর প্রধান কার্যালয় বরাবর পাঠানো হয়েছে। অনুমোদন প্রাপ্তির পর দ্রুত কাযক্রম শুরু করার বিষয়ে সভায় আলোচনা করা হয়। | বিস্তারিত আলোচনান্তে, স্থানীয় সরকার বিভাগ কর্তৃক সরাসরি বাস্তবায়িত উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প **(ইউজিডিপি** )এর আওতায় ২০১৮-১৯ অর্থ বছরের (৩য় পর্যায়) সক্ষমতা উন্নয়ন উপ-প্রকল্পের প্রশিক্ষন দ্রুত শেষ করার এবং ২০১৮-১৯ অর্থ বছরের (৩য় পর্যায়) অবকাঠামো উন্নয়ন উপ-প্রকল্পের বাস্তবায়ন কাজ দ্রুত শুরু করার পরবর্তী পদক্ষেপ গ্রহণের নিমিত্ত সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত ও অনুমোদিত হয়। | ১.উপজেলা নির্বাহী অফিসার, জুড়ী<br>২.উপজেলা প্রকৌশলী, জুড়ী। |

২২.উপজেলা নির্বাচন অফিস:

| ক্র:নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | উপজেলা নির্বাচন অফিসার, জুড়ী সভায় জানান , আগামী সপ্তাহে ইউনিয়ন পরিষদ (চেয়ারম্যান ও সদস্যদের ) নির্বাচনের তফসিল ঘোষনা করা হবে। বেলাগাঁও সরকারি প্রাথমিক বিদ্যালয় ভোটকেন্দ্র ভোটার সংখ্যা অতিরিক্ত থাকায় পার্শ্ববর্তী কোন প্রতিষ্ঠানে ২টি ভোটকেন্দ্র স্থানান্তর করলে এবং মানিক সিং সরকারি প্রাথমিক বিদ্যালয় ভোটকেন্দ্রে স্থান সংকুলান না হওয়ায় পার্শ্ববর্তী হাইস্কুলের ২/৩টি কক্ষ ব্যবহারের অনুমতি প্রদান করলে ও শীলঘাট পূজামন্ডপ ভোটকেন্দ্র শীলঘাট সরকারি প্রাথমিক বিদ্যালয়ে স্থানান্তর করলে সুবিধা হবে মর্মে উপজেলা নির্বাচন অফিসার, জুড়ী সভায় জানান। | তফসিল ঘোষণার পর নির্বাচনকালীন সময়ে বিদ্যমান পরিস্থিতির আলোকে ভোটকেন্দ্র সম্প্রসারনের পদক্ষেপ গ্রহণ করা হবে মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার, জুড়ী |

২৩.তথ্য আপা:

| ক্র: নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | জুড়ী উপজেলায় দায়িত্বপ্রাপ্ত তথ্য আপা সভায় জানান, এ কার্যালয়ে আইজিএ প্রকল্পের সেলাই এবং বিউটিফিকেশন ট্রেনিং এর ২৫০ জন প্রশিক্ষনার্থীদের অনলাইন আবেদন শেষ হয়েছে। এছাড়া কোভিড-১৯ এর ভ্যাকসিন প্রদানের জন্য নিবন্ধন কার্যক্রম চলমান আছে, ৩৫০ জনকে ডোর টু ডোর এর মাধ্যমে প্রাথমিক স্বাস্থ্যসেবা প্রদান করা হয়েছে। ১৫ জন নারীকে উদ্যোক্ত হিসেবে নিবন্ধন করা হয়েছে এবং ১০০ জন গ্রামীন মহিলাদেরকে নিয়ে উঠান বৈঠকের কার্যক্রম চলমান আছে। বঙ্গবন্ধু ও বাংলাদেশ শীর্ষক চিত্রাংকন প্রতিযোগিতার ৫জন প্রতিযোগীর আবেদন অনলাইনে আপলোড করা হয়েছে। | কোভিড-১৯ এর ভ্যাকসিন প্রদানের জন্য নিবন্ধন কার্যক্রম ও প্রাথমিক স্বাস্থ্যসেবা কার্যক্রম নিয়মিত তদারকির জন্য এবং গ্রামীন মহিলাদেরকে নিয়ে উঠান বৈঠকের আয়োজন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | তথ্য আপা, জুড়ী |

২৪. বিবিধ আলোচনা :

| ক্র: নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | উপজেলা প্রকৌশলী, জুড়ী সভায় জানান, ইউজিডিপি প্রকল্পের দরপত্র বিজ্ঞপ্তি নং- ০১/২০২১-২২ ও ০২/২০২১-২২ এর পত্রিকায় প্রকাশিত বিল পরিশোধের জন্য অনুমোদনের প্রয়োজন।<br>(ক) দরপত্র বিজ্ঞপ্তি নং- ০১/২০২১-২২ :<br>(১) দি নিউনেশন-------------------- ১২,২৫৯.০০ টাকা<br>(২) দৈনিক আমাদের সময় ----------১৫,৫২৫.০০ টাকা<br>মোট-২৭,৭৮৪.০০ টাকা<br>(খ) দরপত্র বিজ্ঞপ্তি নং- ০২/২০২১-২২ :<br>(১) দি নিউনেশন-------------------- ১২,২৫৯.০০ টাকা<br>(২) দৈনিক আমাদের সময় ----------১৫,৫২৫.০০ টাকা<br>মোট---২২,২২৭.০০ টাকা | বিস্তারিত আলোচনান্তে পত্রিকাসমূহে বিজ্ঞপ্তি প্রকাশের বিলসমূহ ( একত্রে মোট ৫০,০১১.০০ টাকা) উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১.চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জুড়ী<br>২.উপজেলা নির্বাহী অফিসার, জুড়ী |
| ০২ | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জুড়ী সভায় জানান যে, জুড়ী উপজেলা পরিষদের জীপ গাড়ী নং মৌলভীবাজার –ঘ -১১-০০৮০ এর সামনের ২টি নতুন চাকা সংযোজন করা প্রয়োজন। তাছাড়া উপজেলা পরিষদে স্থাপিত সিসি ক্যামেরার লাইন মেরামত ও সংযোজন বাবদ ১০,৫০০/-টাকার বিল ভাউচার পাওয়া গিয়েছে। উক্ত বিল পরিশোধ করা প্রয়োজন। | বিস্তারিত আলোচনান্তে জুড়ী উপজেলা পরিষদের জীপ গাড়ী নং মৌলভীবাজার –ঘ -১১-০০৮০ এর ২টি নতুন চাকা উপজেলা পরিষদের রাজস্ব তহবিলে যানবাহন মেরামত খাত হতে ক্রয় করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। উপজেলা পরিষদে স্থাপিত সিসি ক্যামেরার লাইন মেরামত ও সংযোজন বাবদ ১০,৫০০/-টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের সিসি ক্যামেরা ক্রয় খাত হতে পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১.চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জুড়ী।<br>২. উপজেলা নির্বাহী অফিসার, জুড়ী। |
| ০৩ | উপজেলা প্রকৌশলী, জুড়ী সভায় জানান যে, উপজেলা পরিষদের সার্বিক নিরাপত্তার স্বার্থে উপজেলা পরিষদের সম্মুখের ও পিছনের গেইট মেরামত ও রং করা হয়েছে। উক্ত কাজ বাবদ ২৪,৫০০/-টাকার বিল ভাউচার পাওয়া গিয়েছে। যা পরিশোধের জন্য সভায় উপস্থাপন করা হলো। | বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের সার্বিক নিরাপত্তার স্বার্থে উপজেলা পরিষদের সম্মুখের ও পিছনের গেইট মেরামত ও রংকরণ বাবদ ২৪,৫০০/-টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের পরিষদ ভবন ও বাসাবাড়ী মেরামত খাত হতে পরিশোধের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | ১.চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জুড়ী।<br>২. উপজেলা নির্বাহী অফিসার, জুড়ী। |
| ০৪ | উপজেলা নির্বাহী অফিসার, জুড়ী সভায় জানান যে, উপজেলা পরিষদের দৈনন্দিন কার্যক্রম পরিচালনার জন্য ক্রোকারিজ সামগ্রী ক্রয় করা প্রয়োজন। | উপজেলা পরিষদের দৈনন্দিন কার্যক্রম পরিচালনার জন্য ক্রোকারিজ সামগ্রী ক্রয় করার সিদ্ধান্ত গৃহীত হয়। বর্ণিত মালামাল ক্রয় বাবদ ২৫,০০০/-টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের অফিস সরঞ্জাম ক্রয় খাত হতে ব্যয় নির্বাহ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১.চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জুড়ী।<br>২. উপজেলা নির্বাহী অফিসার, জুড়ী। |
| ০৫ | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জুড়ী সভায় জানান যে, উপজেলা পরিষদে স্থাপিত আইপিএস এর ৪টি ব্যাটারি নষ্ট হয়ে যাওয়া দৈনন্দিন অফিস কার্য পরিচালনায় ব্যাঘাত সৃষ্টি হচ্ছে। ফলে অনেক জরুরী কাজ যথাসময়ে সম্পন্ন করা সম্ভব হচ্ছে না।<br>উপজেলা নির্বাহী অফিসার, জুড়ী বলেন লোডসেডিং এর কারণে এবং অফিসে সোলার সিস্টেম না থাকায় বিভিন্ন সময় জরুরী প্রতিবেদন উর্দ্ধতন কর্তৃপক্ষ বরাবর প্রেরণ করা সম্ভব হচ্ছে না। এতে উপজেলা পরিষদের কাজের ভাবমূর্তি নষ্ট হচ্ছে এবং সরকারী কাজে ব্যাঘাত সৃষ্টি হচ্ছে। আসন্ন ইউনিয়ন পরিষদ নির্বাচন সন্নিকটে থাকায় আইপিএস মেরামত ও ব্যাটারী সংযোজন প্রয়োজন। | বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের দৈনন্দিন অফিস কার্য পরিচালনার নিমিত্ত জরুরী ভিত্তিতে আইপিএস মেরামত ও ব্যাটারী সংযোজনের নিমিত্ত ১,০০,০০০/-(এক লক্ষ) টাকার একটি প্রকল্প সভায় সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। প্রকল্পটি উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের অফিস সরঞ্জাম ক্রয় খাত হতে কোটেশন/পিআইসির মাধ্যমে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী, জুড়ী |

| | | | |
|---|---|---|---|
| ০৬ | উপজেলা নির্বাহী অফিসার, জুড়ী সভায় জানান যে, বিগত ০৫ আগস্ট ২০২১ খ্রি. তারিখ শহীদ ক্যাপ্টেন শেখ কামাল এর ৭২ তম জন্মবার্ষিকী যথাযথ মর্যাদায় সরকারী নির্দেশনা মোতাবেক উদযাপন করা হয়েছে। কিন্তু উক্ত দিবস উৎযাপন উপলক্ষে সরকারী কোন বরাদ্দ পাওয়া যায়নি। উক্ত দিবস উৎযাপনের লক্ষ্যে ১৫,০০০/-টাকা ব্যয় করা হয়েছে। যা পরিশোধ করা প্রয়োজন। | বিস্তারিত আলোচনান্তে তারিখ শহীদ ক্যাপ্টেন শেখ কামাল এর ৭২ তম জন্মবার্ষিকী উৎযাপন ব্যয় বাবদ ১৫,০০০/-টাকা উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের জাতীয় দিবস উৎযাপন খাত হতে ও | ১.চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জুড়ী।<br>২. উপজেলা নির্বাহী অফিসার, জুড়ী। |
| ০৭ | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জুড়ী সভায় জানান যে, স্থানীয় সরকার বিভাগ হতে স্মারক নং ৪৬.০৩.০০০০.০৪৬.০২০.০১০.২০২০.৫১২, তারিখ ১০/০৮/২০২১ খ্রি. মূলে উপজেলা পরিষদ চেয়ারম্যান এর দাপ্তরিক কাজে ব্যবহৃত জীপগাড়ীর জ্বালানী ব্যয়/খরচ উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে নির্বাহ করার জন্য অনুরোধ জানানো হয়েছে। এবিষয়ে ঐ বিভাগে পত্র সংখ্যা ৪৬.০০.০০০০,০৪৬.২৬.৪৯৮.২০.৫৩১, তারিখ-২৯/০৮/২০২১ খ্রি. মূলে উপজেলা পরিষদের জীপ গাড়ীর জ্বালানী তেল/সিএনজি নির্ধারণ করে পরিপত্র জারি করা হয়েছে। উক্ত পরিপত্রের আলোকে জীপগাড়ীর জ্বালানী বাবদ অর্থ প্রতিমাসে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রস্তাব করেন। | বিস্তারিত আলোচনান্তে স্থানীয় সরকার বিভাগের পরিপত্র মোতাবেক উপজেলা পরিষদের জীপগাড়ীর জ্বালানী বাবদ অর্থ প্রতি মাসে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | ১.চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জুড়ী।<br>২. উপজেলা নির্বাহী অফিসার, জুড়ী। |

উপজেলা নির্বাহী অফিসার, জুড়ী সভায় বলেন জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্বপ্নের সোনার বাংলা প্রতিষ্ঠায় অনুমোদিত উন্নয়ন প্রকল্পসমূহ গুণগত মান বজায় রেখে বাস্তবায়নের জন্য সকলের সুদৃষ্টি কামনা করেন। টেকসই উন্নয়নই অগ্রযাত্রার মূলমন্ত্র। পরিশেষে সকলের সুস্বাস্থ্য ও দীর্ঘায়ু এবং বর্ণিত সভার সিদ্ধান্তসমূহ বাস্তবায়নে সকলের আন্তরিক প্রচেষ্টা কামনা করেন।

জনাব এম.এ মোঈদ ফারুক, চেয়ারম্যান, জুড়ী উপজেলা পরিষদ সভায় বলেন যে, সরকারের উন্নয়নের ধারা অব্যাহত রাখতে হবে। তিনি মুক্তিযুদ্ধের চেতনায় দেশকে গড়ে তোলার প্রত্যয় ব্যক্ত করেন। পরিশেষে সুখী, সমৃদ্ধ ও উন্নত বাংলাদেশ বিনির্মাণে সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের অনুরোধ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(এম.এ মোঈদ ফারুক)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
জুড়ী, মৌলভীবাজার

স্মারকনং-০৫.৪৬.৫৮৩৫.০০৩.০১.০১০.১৯.৫৬১/১(৩২) তারিখ: ০৭ ১০/২০২১ খ্রি.।

অনুলিপি : সদয় অবগতির জন্যঃ-

০১. মাননীয় মন্ত্রী,পরিবেশ,বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
০২. সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার,পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩. কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।
০৪. পরিচালক, স্থানীয় সরকার,সিলেট বিভাগ, সিলেট।
০৫. জেলা প্রশাসক, মৌলভীবাজার।
০৬. উপ-পরিচালক, স্থানীয় সরকার,মৌলভীবাজার।

অনুলিপি : জ্ঞাতার্থে ও কার্যার্থেঃ-

০১. ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, জুড়ী উপজেলা পরিষদ,জুড়ী।
০২. উপজেলা ..........................................................................জুড়ী।
০৩. চেয়ারম্যান.....................................................................ইউ/পি, জুড়ী (সকল)
০৪. জনাব ..........................................................................।

(সোনিয়া সুলতানা)
উপজেলা নির্বাহী অফিসার
জুড়ী,মৌলভীবাজার
ফোন-০৮৬২৭৫৭০০১

## পরিশিষ্ট-ক

**সভায় জন প্রতিনিধি উপস্থিতির তালিকাঃ-**

০১. চেয়ারম্যান, জুড়ী উপজেলা পরিষদ,জুড়ী।
০২. ভাইস চেয়ারম্যান,জুড়ী উপজেলা পরিষদ, জুড়ী।
০৩. মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জুড়ী।
০৪. চেয়ারম্যান,সাগরনাল ইউ/পি।
০৫. চেয়ারম্যান,পুর্বজুড়ী ইউ/পি।
০৬. চেয়ারম্যান, জায়ফরনগর ইউ/পি।
০৭. চেয়ারম্যান, গোয়ালবাড়ী ইউপি
০৮. জনাব মিনারা বেগম সদস্য,জুড়ী উপজেলা পরিষদ,জুড়ী।

**সভায় কর্মকর্তা উপস্থিতির তালিকাঃ-**

০১. উপজেলা নির্বাহী অফিসার, জুড়ী।
০২. উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা
০৩. উপজেলা কৃষি কর্মকর্তা
০৪. উপজেলা প্রকৌশলী
০৫. উপজেলা প্রানিসম্পদ কর্মকর্তা
০৬. উপজেলা মৎস্য কর্মকর্তা
০৭. উপজেলা শিক্ষা কর্মকর্তা
০৮. উপজেলা সমাজসেবা কর্মকর্তা
০৯. উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা
১০. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা
১১. উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা
১২. উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা
১৩. উপজেলা খাদ্য নিয়ন্ত্রক
১৪. উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা
১৫. উপজেলা সমবায় কর্মকর্তা
১৬. সহকারী বন সংরক্ষক, রেঞ্জ কর্মকর্তা, জুড়ী রেঞ্জ
১৬.উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, জুড়ী।
১৪. শাখা ব্যবস্থাপক, আমার বাড়ী আমার খামার প্রকল্প।
১৫. উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য অধিদপ্তর, জুড়ী
১৬. ইউডিএফ, জুড়ী।

**সভায় অনুপস্থিতির তালিকাঃ-**

০১. চেয়ারম্যান, পশ্চিমজুড়ী ইউপি
০২. চেয়ারম্যান, ফুলতলা ইউপি
০৩. জনাব আফিয়া বেগম ,সদস্য,জুড়ী উপজেলা পরিষদ
০৪. উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা
০৫. উপ-সহকারী প্রকৌশলী, বিউবো, জুড়ী।

উপজেলা পরিষদ

জুড়ী, মৌলভীবাজার

মৌলভীবাজার জেলার জুড়ী উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব এম.এ মোঈদ ফারুক, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জুড়ী, মৌলভীবাজার।

সভার স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, জুড়ী।

সভার তারিখ : ২১/১০/২০২১ খ্রি., সময়- সকাল ১১.৩০ ঘটিকা ।

সভার উপস্থিতি : পরিশিষ্ট 'ক' সংযুক্ত।

**বিগত সভার কার্যবিবরণী উপস্থাপন ও অনুমোদন:** সভাপতি মহোদয় সভায় উপস্থিত সকল সদস্য ও বিভাগীয় কর্মকর্তাগণকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অত:পর সভা তিনি পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসার, জুড়ী কে অনুরোধ করেন। উপজেলা নির্বাহী অফিসার, জুড়ী উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে বিগত ১৬/০৯/২০২১ খ্রি. তারিখে অনুষ্ঠিত জুড়ী উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী পাঠ করে শুনান। উক্ত কার্যবিবরণীর ২৪ নং অনুচ্ছেদের ১(খ) উপ-অনুচ্ছেদে দরপত্র বিজ্ঞপ্তি নং-০২/২০২১-২২ এর পত্রিকায় প্রকাশিত বিল বাবদ (১) দি নিউনেশন -----১২,২৫৯.০০ এর স্থলে ৯,৮০৭(নয় হাজার আটশত সাত) টাকা এবং দৈনিক আমাদের সময় ---১৫,৫২৫.০০ এর স্থলে ১২,৪২০.০০(বার হাজার চারশত বিশ) টাকা সংশোধনী আনয়নক্রমে এবং ২৪ নং অনুচ্ছেদের ০৬ উপ-অনুচ্ছেদের সিদ্ধান্ত কলামে বিস্তারিত আলোচনান্তে এর পরে বিগত ০৫ আগষ্ট ২০২১ খ্রি. ও জাতীয় দিবস উৎযাপন খাত হতে এর পরে পরিশোধের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয় সংযোজনপূর্বক কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। বিভাগওয়ারী আলোচনা ও সিদ্ধান্তসমূহ নিম্নরূপ :

**০১.০০ স্বাস্থ্য বিভাগ:-**

| ক্র: নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | উপজেলা স্বাস্থ্য ও প:প: কর্মকর্তা, জুড়ী সভায় জানান স্কুলে ডাক্তারদের মাধ্যমে আগামী ২৩.১০.২০২১ তারিখ হতে ২৯.১০.২০২১ তারিখ পর্যন্ত প্রাথমিক ও মাধ্যমিক স্কুল পর্যায়ের শিক্ষার্থীদের স্বাস্থ্য পরীক্ষা চলমান থাকবে। ৩০.১০.২০২১ তারিখ হতে ০৫.১১.২০২১ তারিখ পর্যন্ত ৫-১৬ বছর বয়সী বিদ্যালয়ের ছাত্র-ছাত্রী ও বিদ্যালয় বহির্ভূত শিশুদেরকে ১টি করে কৃমিনাশক ট্যাবলেট খাওয়ানো হবে। ২৮.১০.২০২১ তারিখে ইউনিয়ন পর্যায়ে ২য় ডোজ সিনোফার্ম কোভিড-১৯ ভ্যাকসিনেশন কার্যক্রম অনুষ্ঠিত হবে। প্রতিটি ইউনিয়নে ১টি কেন্দ্রে ৩টি বুথ এর মাধ্যমে ভ্যাকসিনেশন কার্যক্রম চালানো হবে। জুড়ী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে এ পর্যন্ত কোভিড-১৯ এর নমুনা সংগ্রহ করা হয়েছে ১৯০২ জনের । তন্মধ্যে ৫১৯ জন করোনা পজিটিভ। করোনা আক্রান্ত হয়ে এ উপজেলায় মৃত্যুবরণ করেছেন ৫জন । জনবল সংকটের কারণে কোয়ালিটি চিকিৎসা প্রদান করা সম্ভব হচ্ছে না। বিশেষ করে চিকিৎসক সংকটের কারণে এবং স্টাফ নার্স ও পরিচ্ছন্নতা কর্মী, আয়া, ওয়ার্ডবয় সংকটের কারনে চিকিৎসা সেবা ব্যাঘাত সৃষ্টি হচ্ছে। বর্তমানে ১০জন চিকিৎসকের মধ্যে ৪জন এবং ২৫ জন স্টাফ নার্স এর বিপরীতে ২জন কর্মরত রয়েছেন। জনবল পদায়নের বিষয়ে বিশেষ দৃষ্টি প্রদানের জন্য তিনি অনুরোধ জানান।<br><br>উপজেলা স্বাস্থ্য ও প:প: কর্মকর্তা, জুড়ী সভায় আরো জানান উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, জুড়ী হস্তান্তরের পূর্ববর্তী বিদ্যুৎ বিল সমস্যা সমাধান না হওয়ায় কারণে চলমান মাসসমূহের বিদ্যুৎ বিল প্রদানে ব্যাঘাত সৃষ্টি হচ্ছে। এ কারণে বকেয়া বিদ্যুৎ বিল পরিশোধের পরিশোধের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য তিনি অনুরোধ জানান। হস্তান্তরের পূর্ববর্তী বকেয়া বিদ্যুৎ বিল ঠিকাদার কর্তৃক পরিশোধ করার জন্য হাসপাতাল ব্যবস্থাপনা কমিটির সভায় সিদ্ধান্ত গৃহিত হয়েছে মর্মে উপজেলা স্বাস্থ্য ও প:প: কর্মকর্তা, জুড়ী সভাকে অবহিত করেন। | বিস্তারিত আলোচনান্তে কোভিড-১৯ এর নমুনা সংগ্রহ বৃদ্ধি করার এবং প্রয়োজনীয় সেবা প্রদান অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। শূণ্য পদসমূহ পূরণের বিষয়ে উর্ধতন কর্তৃপক্ষের সাথে যোগাযোগ করার জন্য এবং হস্তান্তরের পূর্ববর্তী বকেয়া বিদ্যুৎ বিল ঠিকাদার কর্তৃক পরিশোধের বিষয়ে হাসপাতাল ব্যবস্থাপনা কমিটির সভায় গৃহিত সিদ্ধান্ত মোতাবেক পরবর্তী কার্যক্রম গ্রহণের জন্য উপজেলা স্বাস্থ্য ও প:প: কর্মকর্তা, জুড়ীকে অনুরোধ করা হয়। | উপজেলা স্বাস্থ্য ও প:প: কর্মকর্তা, জুড়ী। |

০২.০০ কৃষি বিভাগঃ

| ক্র: নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | সহকারী কৃষি সম্প্রসারণ কর্মকর্তা, জুড়ী সভায় বলেন, এ বছর খরিফ-২/২০২১-২২ মৌসুমে ৮৪৬০ হে. জমিতে দণ্ডায়মান রোপা আমনের অবস্থা ভাল। বিভিন্ন প্রযুক্তি ব্যবহারের ফলে গত বছরের তুলনায় এ বছর ফলন বৃদ্ধি পাবে। রবি ২০২১-২২ এর শাকসবজি ও অন্যান্য ফসলের প্রস্তুতি কার্যক্রম চলমান। রবি ২০২১-২২ এর প্রণোদনা কার্যক্রম প্রক্রিয়াধীন। | পতিত জমি কৃষি উপযোগী করার বিষয়ে কৃষকদের পরামর্শ প্রদান এবং সার উত্তোলনের বিষয়টি নিয়মিত মনিটরিং করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি কর্মকর্তা, জুড়ী |

০৩.০০. স্থানীয় সরকার প্রকৌশল বিভাগ :

| ক্র: নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | উপজেলা প্রকৌশলী, জুড়ী সভায় ২০২১-২২ অর্থ বছরে উন্নয়ন সহায়তা তহবিলের অনুকূলে বরাদ্দকৃত অর্থ দ্বারা খাতওয়ারী উন্নয়ন প্রকল্প বাস্তবায়নের জন্য উপজেলা প্রকল্প বাছাই কমিটি হতে প্রাপ্ত স্কীমসমূহ সভায় উপস্থাপন করেন ( পরিশিষ্ট 'খ') । | বিস্তারিত আলোচনান্তে ২০২১-২২ অর্থ বছরে উন্নয়ন সহায়তা তহবিলের অর্থ দ্বারা পরিশিষ্ট-'খ' তে উত্থাপিত প্রকল্পসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত ও অনুমোদিত হয়। প্রকল্প সমূহ দ্রুত বাস্তবায়নের পরবর্তী পদক্ষেপ গ্রহণের জন্য অনুরোধ করা হলো। | উপজেলা প্রকৌশলী, জুড়ী |
| ০২ | উপজেলা প্রকৌশলী, জুড়ী ২০২১-২২ অর্থ বছরের বার্ষিক পরিকল্পনা সভায় উপস্থাপন করেন (পরিশিষ্ট 'গ')। বিস্তারিত আলোচনান্তে ২০২১-২২ অর্থ বছরের বার্ষিক পরিকল্পনা পরিষদের সকল সদস্যের সম্মতিক্রমে অনুমোদন করা হয়। | ২০২১-২২ অর্থ বছরের বার্ষিক পরিকল্পনা দ্রুত বাস্তবায়নের পরবর্তী পদক্ষেপ গ্রহণের জন্য অনুরোধ করা হলো। | উপজেলা প্রকৌশলী, জুড়ী |
| ০৩ | উপজেলা প্রকৌশলী, জুড়ী সভায় ২০২১-২২ অর্থবছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচির আওতায় স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় হতে করোনা ভাইরাসের(কোভিড-১৯) বিস্তার রোধকল্পে প্রতিরোধমূলক ব্যবস্থা গ্রহণের জন্য জুড়ী উপজেলার জন্য তিন লক্ষ উননব্বই হাজার টাকা বরাদ্দ পাওয়া গিয়েছে। উক্ত বরাদ্দ দ্বারা প্রকল্প বাস্তবায়নের নিমিত্ত অনুমোদন প্রদানের জন্য প্রস্তাব করেন। | বিস্তারিত আলোচনান্তে ২০২১-২২ অর্থ বছরে করোনা ভাইরাসের(কোভিড-১৯) বিস্তার রোধকল্পে প্রতিরোধমূলক ব্যবস্থা গ্রহণের নিমিত্ত বরাদ্দকৃত অর্থের দ্বারা প্রকল্প গ্রহণ করে প্রকল্পটি কোটেশনের মাধ্যমে বাস্তবায়নের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী, জুড়ী। |

০৪.০০: প্রাণিসম্পদ বিভাগঃ

| ক্র: নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, জুড়ী সভায় জানান জীবনমান উন্নয়নে সমন্বিত প্রাণীসম্পদ উন্নয়ন প্রকল্পের আওতায় জুড়ী উপজেলায় ২০২০-২১ অর্থবছরে | সমতল ভূমিতে বসবাসরত ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর তালিকা থেকে প্রাপ্ত | ইউপি চেয়ারম্যানগণ |

| | | | |
|---|---|---|---|
| | নির্বাচিত তালিকা থেকে মোট ১৬৯ জন সুফলভোগীকে ২টি করে ভেড়া প্রদান করা হবে। সংশ্লিষ্ট ইউনিয়নের চেয়ারম্যানগণকে নির্বাচিত তালিকা থেকে প্রাপ্ত কোটা অনুযায়ী সুফলভোগীর নাম প্রাণিসম্পদ দপ্তরে প্রেরনের জন্য উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, জুড়ী অনুরোধ জানান। | কোটা অনুযায়ী সুফলভোগীর নাম প্রাণিসম্পদ দপ্তরে প্রেরনের জন্য ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ জানানো হয়। | (সকল) |

**৫.০০ মৎস্য বিভাগ :**

| ক্র: নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | উপজেলা মৎস্য কর্মকর্তা, জুড়ী সভায় জানান যে, মৎস্য বিভাগের চাষীদের পরামর্শ প্রদান, পরিদর্শন, মৎস্য আইন বাস্তবায়ন, মা ইলিশ রক্ষায় ০৪-২৫ অক্টোবর পর্যন্ত বাজার ও মৎস্য আড়তে পরিদশন এবং অভিযান অব্যাহত আছে। | মৎস্যজীবিরা যাতে হাকালুকি হাওরের বিভিন্ন বিলে পোনা মাছ আহরণ করতে না পারে সেদিকে সজাগ দৃষ্টি রাখার জন্য অনুরোধ জানানো হয়। | উপজেলা মৎস্য কর্মকর্তা, জুড়ী। |

**০৬.০০: মাধ্যমিক শিক্ষা বিভাগঃ**

| ক্র: নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | উপজেলা একাডেমিক সুপারভাইজার, জুড়ী সভায় জানান যে, ইউজিডিপি প্রকল্পের আওতায় শিক্ষার গুণগত মান উন্নয়নে ডিজিটাল ক্লাস এবং আইসিটি ব্যবহারের উপর ২দিন ব্যাপী প্রশিক্ষণ কর্মশালা আয়োজন করে ২ ব্যাচে মোট ৬০ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়। ১২-১৭ বছরের মাধ্যমিক পর্যায়ের শিক্ষার্থীদের কোভিড-১৯ ভ্যাকসিন প্রদানের জন্য নিবন্ধন ও তালিকা প্রেরণের কার্যক্রম চলমান। স্বাস্থ্য অধিদপ্তর কর্তৃক আগামী স্কুলে ডাক্তারদের মাধ্যমে আগামী ২৩.১০.২০২১ হতে ২৯.১০.২০২১ তারিখ পর্যন্ত বিদ্যালয়সমূহে স্বাস্থ্য পরীক্ষা কার্যক্রম এবং ২৯.১০.২০২১ হতে ০৫.১১.২০২১ পর্যন্ত কৃমিনাশক ট্যাবলেট খাওয়ানো হবে। এছাড়া ১১৫০০টি আয়োরলিক ফলিক এসিড ট্যাবলেট গ্রহণ করা হয়েছে যেগুলো প্রত্যেক ছাত্রীদেরকে ১৩টি করে দেয়া হবে। | কোভিড-১৯ এর ভ্যাকসিন প্রদান কার্যক্রম নিয়মিত মনিটরিং করার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, জুড়ী |

**০৭.০০ প্রাথমিক শিক্ষা বিভাগঃ**

| ক্র: নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | উপজেলা শিক্ষা অফিসার, জুড়ী সভায় জানান সরকারী নির্দেশনা অনুযায়ী ১২/০৯/২০২১ তারিখ থেকে স্বাস্থ্যবিধি অনুসরণ করে এ উপজেলার ৮৩টি প্রাথমিক বিদ্যালয়সমূহের পাঠদান কার্যক্রম চলমান রয়েছে। এ উপজেলার ৮৩টি প্রাথমিক বিদ্যালয়ে কর্মরত সকল শিক্ষক/কর্মচারী কোভিড-১৯ এর টিকা গ্রহণ করেছেন। আগামী ৩১.১০.২০১১ হতে ০৬.১১.২০২১ পর্যন্ত জাতীয় প্রাথমিক শিক্ষা সপ্তাহ সারাদেশের সাথে এ উপজেলায় পালন করা হবে। | ছাত্র-ছাত্রীদেরকে মাস্ক পরিধান করে বিদ্যালয়ে আসার এবং শিক্ষকগণকে মাস্ক পরিধান করে পাঠদানের বিষয়টি তদারকি করার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা শিক্ষা কর্মকর্তা, জুড়ী |

**০৮.০০ ত্রাণ বিভাগঃ (প্রকল্প বাস্তবায়ন অফিস)**

| ক্রঃ নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, জুড়ী সভায় অনুপস্থিত থাকায় ত্রাণ বিভাগের কোন বক্তব্য পাওয়া যায়নি। | পরবর্তী সভায় উপস্থিত থাকার জন্য প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, জুড়ীকে নোটিশ প্রদানের সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা নির্বাহী অফিসার, জুড়ী |

**০৯.০০: আনসার ও ভিডিপি বিভাগঃ**

| ক্রঃ নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, জুড়ী এর প্রতিনিধি সভায় জানান যে, সকল ইউনিয়নের আনসার ও ভিডিপি দলনেতা/দলনেত্রী ও কোম্পানী কমান্ডারদের নিয়ে আয়োজিত সভায় চোরাচালান এবং মাদক সম্পর্কিত খবরাখবর জুড়ী থানাকে অবহিত করার নির্দেশনা দেয়া হয়েছে। | বিস্তারিত আলোচনান্তে চোরাচালান ও মাদক নিয়ন্ত্রণে পুলিশ বাহিনীর সাথে সমন্বয় রেখে কার্যক্রম পরিচালনার জন্য অনুরোধ জানানো হলো। | উপজেলা আনসার ও ভিডিপি অফিসার, জুড়ী |

**১০.০০: বন বিভাগঃ**

| ক্রঃ নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | রেঞ্জ কর্মকর্তা, জুড়ী রেঞ্জ সভায় জানান, জুড়ী বন রেঞ্জের আওতাধীন ৪টি বিটের ১৬৯৭৩ হেক্টর সংরক্ষিত বন তাদের নিয়ন্ত্রণে রয়েছে । কোন বন অপরাধ নেই। ২০২০-২১ সনে জলবায়ু পরিবর্তনের বিরুপ প্রভাব নিরসনে পুন: বনায়ন ও অবকাঠামো উন্নয়নে প্রকল্পের আওতায় জুড়ী রেঞ্জে ১০০.০ হেক্টর স্বল্পমেয়াদী বাগান সৃজন করা হয় এবং বিভিন্ন প্রতিষ্ঠানে ৫০০০টি চারা রোপন করে বনায়ন করা হয়েছে। | জলবায়ু পরিবতনের ফলে সম্ভাব্য বিরুপ প্রতিক্রিয়া মোকাবেলার জন্য বনায়নের আওতা বৃদ্ধি করার পরামর্শ দেয়া হলো। | সহকারী বন সংরক্ষক, রেঞ্জ কর্মকর্তা, জুড়ী রেঞ্জ |

**১১.০০: উপজেলা সমাজসেবা বিভাগঃ**

| ক্রঃ নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, জুড়ী সভায় জানান যে, এ কার্যালয়ের অধীনে ১০টি নির্দিষ্ট পেশায় নিয়োজিত প্রান্তিক জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন শীষক কর্মসূচির আওতায় জরিপ কার্যক্রম চলমান রয়েছে। তিনি উক্ত জরিপ কার্যক্রম থেকে কেউ যেন বাদ না পড়ে সেজন্য সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ করেন। সামাজিক নিরাপত্তা কর্মসূচির আওতায় ২০২১-২২ অর্থবছরের নিয়মিত ভাতাভোগীর পেরোল পাঠানোর কাজ চলমান আছে। ভাতাভোগীদের মোবাইল নম্বর সংক্রান্ত কোন জটিলতা থাকলে ভাতাভোগীদের সমাজসেবা কার্যালয়ে প্রেরণের জন্য ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ জানান। | বিস্তারিত আলোচনান্তে প্রান্তিক জনগোষ্ঠীর জীবনমান উন্নয়নে জরিপ কার্যক্রম থেকে কেউ যেন বাদ না পড়ে সেজন্য এবং ভাতাভোগীদের মোবাইল নম্বর সংক্রান্ত কোন জটিলতা থাকলে সমাজসেবা কার্যালয়ে প্রেরণের জন্য জন্য সকল ইউপি চেয়ারম্যানগণকে সভায় অনুরোধ জানানো হয়। | ইউপি চেয়ারম্যানগণ (সকল) |

১২.০০: উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ :

| ক্র: নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা ,জুড়ী সভায় জানান যে, সেপ্টেম্বর/২০২১ মাসের হিসাব অনুযায়ী উপজেলার মোট সক্ষম দম্পত্তির সংখ্যা ২৬,০৯৪ জন। জন্ম বিরতিকরণের বিভিন্ন পদ্ধতি গ্রহণকারীর সংখ্যা ১৯,৮৬৩ জন, গ্রহণকারীর হার ৭৬.১২%। সেপ্টেম্বর/২১ মাসে নতুন ইনজেকশন-২৮ জন, খাবার বড়ি ১২৭ জন, কনডম ৪৩ জন, আই. ইউ. ডি. -২২জন, ইমপ্লান্ট ২৭ জন, মহিলা বন্ধ্যাকরণ ২১ জন গ্রহণ করেছে। এছাড়া মাঠ পর্যায়ে মাঠকর্মী ও স্বেচ্ছাসেবীগণ বাড়ী বাড়ী পরিদর্শনের মাধ্যমে পরিবার পরিকল্পনা স্থায়ী, দীর্ঘমেয়াদি ও অস্থায়ী পদ্ধতির গ্রহণের হার বৃদ্ধির জন্য কাজ করছেন। | ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রের মা ও শিশু সেবা কার্যক্রম নিয়মিত পরিচালনা করা, সেবার মান বৃদ্ধি এবং পরিবার পরিকল্পনা পদ্ধতি বাস্তবায়নের নিমিত্ত মাঠকর্মীদের নিয়মিত বাড়ী বাড়ী গমনের বিষয়টি মনিটরিং করার সিদ্ধান্ত গৃহীত হয়। স্বাস্থ্য বিভাগের সাথে সমন্বয় করে কাজ করার জন্যও অনুরোধ জানানো হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা,জুড়ী |

১৩.০০: সমবায় বিভাগঃ

| ক্র: নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | উপজেলা সমবায় কর্মকর্তা, জুড়ী সভায় জানান যে, এ বিভাগের আওতাধীন মোট ১২৮টি নিবন্ধিত সমিতি রয়েছে। সমিতির অডিট, পরিদর্শন অব্যাহত আছে। লক্ষ্যমাত্রা অনুযায়ী ভ্রাম্যমান প্রশিক্ষণ সম্পন্ন করা হচ্ছে। এ বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | নিবন্ধিত সমিতিসমূহ নিয়মিত পরিদর্শন কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমবায় অফিসার, জুড়ী |

১৪.০০: যুব উন্নয়ন অধিদপ্তর:

| ক্র: নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, জুড়ী (অতি: দা:) সভায় জানান ২০২১-২২ অর্থ বছরে জুড়ী উপজেলায় ১৪টি অপ্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ কার্যক্রম চলমান আছে। ঋণ বিতরণ ও আদায় কার্যক্রম লক্ষ্যমাত্রা অনুযায়ী বাস্তবায়িত হচ্ছে।শেখ জামাল যুব প্রশিক্ষণ ও বিনোদন কেন্দ্র স্থাপনের নিমিত্ত প্রস্তাবনা প্রেরণ করা হয়েছে। জনবল সংকটের কারণে দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করা কষ্টসাধ্য হয়ে পড়েছে মর্মে উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, জুড়ী (অতি: দা:) সভাকে অবহিত করেন। | উপজেলা প্রশাসনের সাথে সমন্বয় করে প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা জুড়ী |

১৫.০০: আমার বাড়ী আমার খামার প্রকল্প(পল্লী সঞ্চয় ব্যাংক জুড়ী) :

| ক্রঃ নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ০১ | আমার বাড়ী আমার খামার এর শাখা ব্যবস্থাপক, জুড়ী সভায় জানান যে, মাসিক ঋণ আদায়ের লক্ষ্যমাত্রা ৫৬ লক্ষ টাকা এবং আদায় ২৯.০০ লক্ষ টাকা । উপজেলায় সর্বমোট ঋণ বিতরণ ১০.০০ কোটি টাকা, উপজেলায় সর্বমোট ঋণ আদায় ৬.১৯ কোটি টাকা। আদায়ের হার ৬৪%। কোভিড-১৯ এর কারণে ঋণ আদায় কম হচ্ছে মর্মে শাখা ব্যবস্থাপক সভাকে অবহিত করেন। | লক্ষ্যমাত্রা অনুযায়ী মাসিক ঋণ আদায় কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহিত হয়। | শাখা ব্যবস্থাপক, আমার বাড়ী আমার খামার প্রকল্প, জুড়ী। |

**১৬.০০: উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ :**

| ক্রঃ নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, জুড়ী সভায় জানান যে, কোভিড-১৯ এর কারণে ঋণ আদায় কার্যক্রম কিছুটা হ্রাস পেয়েছে। তবে সদর দপ্তরের নির্দেশনা মোতাবেক ঋণ বিতরণ ও আদায় কার্যক্রম চলমান রয়েছে। আবর্তক কৃষি ঋণ ক্রম পুন্জিভুত বিতরণ ৪১.৪৫ লক্ষ টাকা, ঋণ আদায় ২৩.৫৬ লক্ষ টাকা, খেলাপি ঋণ ১০.৫৪ লক্ষ টাকা, আদায়ের হার ৫৫%। পল্লী প্রগতি কর্মসূচি ক্রম পুন্জিভুত বিতরণ ৩৬.৯২ লক্ষ টাকা, ঋণ আদায় ১৬.৭৪ লক্ষ টাকা, ঋণ খেলাপি ২০.১৮ লক্ষ টাকা, আদায়ের হার ৪৫%। সদাবিকের ক্রমপুন্জিভুত বিতরণ ১৪.৫৫ লক্ষ, ঋণ আদায় ১.৬০ লক্ষ টাকা, খেলাপি ঋণ ১১.২২ লক্ষ টাকা, আদায়ের হার ১৪%এবং বীর মুক্তিযোদ্ধা কর্মসূচির ক্রম পুন্জিভুত বিতরণ ৪.৭৯ লক্ষ টাকা, ঋণ আদায় ১.৭৪ লক্ষ টাকা, খেলাপি ঋণ ৩.০৫ লক্ষ টাকা, আদায়ের হার ৩৬%। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার জন্য উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, জুড়ী কে অনুরোধ জানানো হলো। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, জুড়ী |

**১৭.০০: বিদ্যুৎ উন্নয়ন বোর্ড / পল্লী বিদ্যুৎ সমিতি:**

| ক্রঃ নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ০১ | বিদ্যুৎ বিভাগের প্রতিনিধি সভায় জানান, মৌলভীবাজার পল্লী বিদ্যুৎ এর কার্যক্রম চলমান আছে ও সরকারি ঘরের নতুন সংযোগের জন্য ঠিকাদার কে টেন্ডার দেয়া হয়েছে। বিদ্যুৎ লাইনের নির্মাণ কাজ চলমান আছে। কাজ শেষ হওয়ার পর গ্রাহকগণকে বিদ্যুৎ সংযোগ দেয়া হবে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার জন্য উপ-সহকারী প্রকৌশলী, বিউবো, জুড়ী কে অনুরোধ জানানো হলো। | উপ-সহকারী প্রকৌশলী, বিউবো, জুড়ী |

**১৮.০০: জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরঃ**

| ক্রঃ নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, জুড়ী বলেন, সমগ্র দেশ প্রকল্পের আওতায় গভীর নলকূপ স্থাপনের কাজ চলমান আছে। চা বাগানে চা শ্রমিকদের জন্য নিরাপদ সুপেয় পানি সরবরাহের লক্ষ্যে নলকূপ স্থাপনের কাজ চলমান আছে এবং টু-ইন পিট ল্যাট্রিনের কাজ সম্পন্ন হয়েছে। হাওর প্রকল্পের আওতায় গভীর নলকূপ স্থাপনএবং এই প্রকল্পের আওতায় ইম্প্রুভ ল্যাট্রিনের কাজ চলমান আছে। PEDP -4 প্রকল্পের আওতায় বিদ্যালয় সমূহে পানি সাপ্লাই ও নিরাপদ পানি সরবরাহের কাজ চলমান আছে। | বিস্তারিত আলোচনান্তে বিভাগীয় কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনা করা সহ আওতায় বিদ্যালয়ে পানি সরবরাহ সাপ্লাই সিস্টেম কাজ দ্রুত সমাপ্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হয়। | উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য প্রকৌশল),জুড়ী |

**১৯.০০: মহিলা বিষয়ক অধিদপ্তরঃ**

| ক্রঃ নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা,জুড়ী এর প্রতিনিধি সভায় জানান,<br>**ভিজিডিঃ** ২০২১-২২ ভিজিডি চক্রে উপকারভোগীদের মধ্যে সেপ্টেম্বর/২১ মাসে ৩০কেজি পুষ্টি চাল বিতরণ করা হয়েছে।<br>**দরিদ্র মা'র জন্য মাতৃত্বকালীন ভাতাঃ** সেপ্টেম্বর/২১ মাসে প্রতি ইউনিয়নে ২৫ জন করে সর্বমোট ১৫০ জন ভাতাভোগী হিসেবে নতুনভাবে নির্বাচন করা হয়েছে এবং ইতিপূর্বের ভাতাভোগীরা নিয়মিত ভাতা পাচ্ছে।<br>**আই.জি.এ প্রশিক্ষণ প্রকল্প (অক্টোবর-ডিসেম্বর/২০২১)** :১২ তম ব্যাচে মোট ২৫+২৫ =৫০ জন প্রশিক্ষণার্থী ২টি ট্রেডে প্রশিক্ষণ গ্রহণ করেছে।<br>**কিশোর কিশোরী ক্লাবঃ** প্রতিটি ইউনিয়নের প্রতিটি ক্লাবের_কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিস্তারিত আলোচনান্তে বিভাগীয় কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার জন্য অনুরোধ জানানো হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, জুড়ী |

**২০. খাদ্য বিভাগ :**

| ক্রঃ নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, জুড়ী সভায় জানান যে, জুড়ী খাদ্য গুদামে বর্তমানে মজুদ আছে চাল ৪৪৩.৪২৬ মে.টন, গম ১৫৬.৫৯৮ মে. টন। ভিজিডি ও খাদ্য বান্ধব কর্মসূচীতে পুষ্টি চাল বিতরণ করা হচ্ছে। | বিস্তারিত আলোচনান্তে যে ভিজিডি ও খাদ্য বান্ধব কর্মসূচীতে পুষ্টি চাল বিতরণ কার্যক্রম নিয়মিত তদারকি করার জন্য উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, জুড়ী অনুরোধ জানানো হয়। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, জুড়ী |

**২১. স্থানীয় সরকার বিভাগ (ইউজিডিপি) :**

| ক্র: নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | ইউডিএফ সভায় জানান যে, স্থানীয় সরকার বিভাগ কর্তৃক সরাসরি বাস্তবায়িত উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প **(ইউজিডিপি** )এর আওতায় ২০১৮-১৯ অর্থ বছরের (৩য় পর্যায়) সক্ষমতা উন্নয়ন প্রশিক্ষণ শেষ হয়েছে। বিল ভাউচার দ্রুত ইউজিডিপি প্রধান কার্যালয় বরাবর প্রেরণ করা হবে । এছাড়া অবকাঠামো উন্নয়ন প্রকল্পের মাঠ পর্যায়ে বাস্তবায়ন দ্রুতই শুরু হবে। ইউডিএফ সভায় আরও জানান যে, সোলার স্ট্রীট লাইট স্থাপনের স্থানসমূহ ক্লাষ্টার ভিত্তিতে পুন:নির্ধারণ করার বিষয়ে আলোচনা করেন এবং তালিকা অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করেন ( পরিশিষ্ট -ঘ)।<br><br>(২) ২০১৯-২০ অর্থ বছরের (৪র্থ পর্যায়) অবকাঠামো উন্নয়ন, প্রকল্প প্রস্তাবনা প্রধান কার্যালয় কর্তৃক অনুমোদিত হয়েছে। এছাড়া সক্ষমতা উন্নয়ন প্রশিক্ষণ প্রস্তাবনা ইউজিডিপি প্রধান কার্যালয়ের অনুমোদনের জন্য প্রেরণের নিমিত্তে কাগজাত প্রস্তুত করা হয়েছে মর্মে ইউডিএফ সভাকে অবহিত করেন।<br><br>(৩)২০২০-২১ অর্থ বছরের (৫ম পর্যায়) অবকাঠামো উন্নয়ন প্রকল্পসমূহের এস্টিমেট দ্রুত শেষ করে প্রকল্প প্রস্তাবনা ইউজিডিপি প্রধান কার্যালয়ে প্রেরণ করার বিষয়ে সভায় আলোচনা করা হয়। এছাড়া সক্ষমতা উন্নয়ন প্রকল্প প্রস্তাবনাসমূহ ইউজিডিপি প্রধান কার্যালয়ে প্রেরণের বিষয়েও সভায় আলোচনা করা হয়। | বিস্তারিত আলোচনান্তে, (১) স্থানীয় সরকার বিভাগ কর্তৃক সরাসরি বাস্তবায়িত উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প **(ইউজিডিপি** ) এর আওতায় ২০১৮-১৯ অর্থ বছরের (৩য় পর্যায়) সক্ষমতা উন্নয়ন উপ-প্রকল্পের প্রশিক্ষন সংক্রান্ত বিল-ভাউচার দ্রুত ইউজিডিপি প্রধান কার্যালয়ে প্রেরণ করার জন্য ইউডিএফ কে অনুরোধ জানানো হয় এবং সোলার স্ট্রীট লাইট স্থাপনের স্থানসমূহ ক্লাষ্টার ভিত্তিতে পুন:নির্ধারণ সংক্রান্ত তালিকা সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।<br>(২)২০১৯-২০ অর্থ বছরের (৪র্থ পর্যায়) অবকাঠামো উন্নয়ন প্রকল্প সমূহের টেন্ডার প্রক্রিয়া দ্রুত শুরু করার জন্য উপজেলা প্রকৌশলী, জুড়ী কে অনুরোধ করা হয়।<br>(৩) ২০২০-২১ অর্থ বছরের (৫ম পর্যায়) অবকাঠামো উন্নয়ন প্রকল্পসমূহের এস্টিমেট দ্রুত শেষ করার জন্য ও সক্ষমতা উন্নয়ন প্রকল্প প্রস্তাবনাসমূহ ইউজিডিপি প্রধান কার্যালয়ে প্রেরণ করার জন্য ইউডিএফ ও উপজেলা প্রকৌশলী, জুড়ীকে সভায় অনুরোধ জানানো হয়। | ১. উপজেলা প্রকৌশলী, জুড়ী।<br>২. ইউডিএফ |

**২২.তথ্য আপা:**

| ক্র: নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | তথ্য আপা সভায় অনুপস্থিত থাকায় কোন তথ্য পাওয়া যায়নি। | আগামী সভায় উপস্থিত থাকার জন্য নোটিশ প্রদানের জন্য সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা নির্বাহী অফিসার, জুড়ী |

**২৪. বিবিধ আলোচনা :**

| ক্র: নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | উপজেলা নির্বাহী অফিসার, জুড়ী সভায় জানান যে, আসন্ন ইউনিয়ন পরিষদ নির্বাচন, ২০২১ উপলক্ষে জরুরী ভিত্তিতে প্রশাসনিক ভবনের ১ম , ২য় ও ৩য় তলা এবং গুরুত্বপূর্ণ স্থানের বৈদ্যুতিক লাইন, সুইচ, লাইট ইত্যাদি সংযোজন ও মেরামত করা প্রয়োজন। | বিস্তারিত আলোচনান্তে ইউনিয়ন পরিষদ নির্বাচন, ২০২১ উপলক্ষে প্রশাসনিক ভবনের ১ম , ২য় ও ৩য় তলা এবং গুরুত্বপূর্ণ স্থানের বৈদ্যুতিক লাইন, সুইচ, লাইট ইত্যাদি সংযোজন ও মেরামত বাবদ ২৫,০০০.০০ (পঁচিশ হাজার) টাকা উপজেলা পরিশোধের রাজস্ব তহবিলের উপজেলা পরিষদ ও বাসাবাড়ী মেরামত খাত হতে পরিশোধের ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১.চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জুড়ী। ২. উপজেলা নির্বাহী অফিসার, জুড়ী।সরকারি |
| ০২ | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জুড়ী সভায় জানান যে, উপজেলা পরিষদ, চেয়ারম্যানের বাসভবন 'মহুয়া' এর আইপিএস এর ২টি ব্যাটারি নষ্ট হয়ে যাওয়ায় আইপিএস এর লাইন সংস্কার ও ব্যাটারি সংযোজন প্রয়োজন। | বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদ, চেয়ারম্যানের বাসভবন 'মহুয়া' এর আইপিএস এর লাইন সংস্কার ও ২টি ব্যাটারি সংযোজনের নিমিত্ত ৫০,০০০.০০(পঞ্চাশ হাজার) টাকার একটি প্রকল্প গ্রহণপূর্বক উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অফিস সরঞ্জাম ক্রয় খাত হতে কোটেশন/পিআইসির মাধ্যমে বাস্তবায়নের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়। | . উপজেলা প্রকৌশলী, জুড়ী |
| ০৩ | চেয়ারম্যান, সাগরনাল ইউনিয়ন পরিষদ, জুড়ী সভায় জানান যে,ক্ষুদ্রাকার পানি সম্পদ উন্নয়ন প্রকল্পের আওতায় পাতিলাসাঙ্গন ভেউলি খাল খনন করা জরুরী প্রয়োজন। উক্ত খাল পুন: খনন করা না হলে এক থেকে দু'ফসলী জমি চাষাবাদ হবেনা বিধায় চাষীরা চাষাবাদ সুবিধা হতে বঞ্চিত রয়েছেন। এলাকার জনগণের কৃষিকাজের সুবিধার্থে খালটি খনন করা হলে সবাই খুবই উপকৃত হবে। | বিস্তারিত আলোচনান্তে এলাকার জনগণের কৃষিকাজের সুবিধার্থে খালটি খনন করার নিমিত্তে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী, জুড়ী কে অনুরোধ জানানো হয়। | . উপজেলা প্রকৌশলী, জুড়ী |

উপজেলা নির্বাহী অফিসার, জুড়ী সভায় বলেন জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্বপ্নের সোনার বাংলা প্রতিষ্ঠায় অনুমোদিত উন্নয়ন প্রকল্পসমূহ গুণগত মান বজায় রেখে বাস্তবায়নের জন্য সকলের সুদৃষ্টি কামনা করেন। টেকসই উন্নয়নই অগ্রযাত্রার মূলমন্ত্র। পরিশেষে সকলের সুস্বাস্থ্য ও দীর্ঘায়ু এবং বর্ণিত সভার সিদ্ধান্তসমূহ বাস্তবায়নে সকলের আন্তরিক প্রচেষ্টা কামনা করেন।

জনাব এম.এ মোঈদ ফারুক, চেয়ারম্যান, জুড়ী উপজেলা পরিষদ সভায় বলেন যে, সরকারের উন্নয়নের ধারা অব্যাহত রাখতে হবে। তিনি মুক্তিযুদ্ধের চেতনায় দেশকে গড়ে তোলার প্রত্যয় ব্যক্ত করেন। পরিশেষে সুখী, সমৃদ্ধ ও উন্নত বাংলাদেশ বিনির্মাণে সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের অনুরোধ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৮.১০.২০২১

(এম.এ মোঈদ ফারুক)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
জুড়ী, মৌলভীবাজার
তারিখ:২৮/ ১০/২০২১ খ্রি.।

স্মারকনং-০৫.৪৬.৫৮৩৫.০০৩.০১.০১০.১৯.৭১২/১(৪১)

অনুলিপি : সদয় অবগতির জন্যঃ-

০১. মাননীয় মন্ত্রী,পরিবেশ,বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
০২. সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার,পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩. কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।
০৪. পরিচালক, স্থানীয় সরকার,সিলেট বিভাগ, সিলেট।
০৫. জেলা প্রশাসক, মৌলভীবাজার।
০৬. উপ-পরিচালক, স্থানীয় সরকার,মৌলভীবাজার।

অনুলিপি : জ্ঞাতার্থে ও কার্যার্থেঃ-

০১. ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, জুড়ী উপজেলা পরিষদ,জুড়ী।
০২. উপজেলা ..........................................................জুড়ী।
০৩. চেয়ারম্যান..........................................................ইউ/পি, জুড়ী (সকল)
০৪. জনাব ..........................................................।

২৮/১০/২১

(সোনিয়া সুলতানা)
উপজেলা নির্বাহী অফিসার
জুড়ী,মৌলভীবাজার
ফোন-০৮৬২৭৫৭০০১

## পরিশিষ্ট-ক

**সভায় জন প্রতিনিধি উপস্থিতির তালিকাঃ-**

০১.চেয়ারম্যান, জুড়ী উপজেলা পরিষদ,জুড়ী।
০২.ভাইস চেয়ারম্যান,জুড়ী উপজেলা পরিষদ, জুড়ী।
০৩.মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জুড়ী।
০৪. চেয়ারম্যান, ফুলতলা ইউপি
০৫. চেয়ারম্যান, গোয়ালবাড়ী ইউপি
০৬.চেয়ারম্যান,সাগরনাল ইউ/পি।
০৭ চেয়ারম্যান,পূর্বজুড়ী ইউ/পি।
০৮.চেয়ারম্যান, জায়ফরনগর ইউ/পি।
০৯.জনাব মিনারা বেগম সদস্য,জুড়ী উপজেলা পরিষদ,জুড়ী।

**সভায় কর্মকর্তা উপস্থিতির তালিকাঃ-**

০১. উপজেলা নির্বাহী অফিসার, জুড়ী।
০২. উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, জুড়ী ।
০৩. উপজেলা কৃষি কর্মকর্তা, জুড়ী।
০৪. উপজেলা প্রকৌশলী, জুড়ী।
০৫. উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, জুড়ী।
০৬.উপজেলা সমাজসেবা কর্মকর্তা, জুড়ী।
০৬. উপজেলা মৎস্য কর্মকর্তা, জুড়ী
০৭. উপজেলা শিক্ষা কর্মকর্তা, জুড়ী।
০৮. উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, জুড়ী
০৯. উপজেলা উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, জুড়ী।
১০. উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, জুড়ী
১১. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, জুড়ী
১২. উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, জুড়ী
১৩. উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, জুড়ী।
১৪. উপ-সহকারী প্রকৌশলী, বিউবো, জুড়ী।
১৫. উপজেলা সমবায় কর্মকর্তা, জুড়ী।
১৬. উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা, জুড়ী।
১৭. শাখা ব্যবস্থাপক, আমার বাড়ী আমার খামার প্রকল্প।
১৮. উপ সহকারী প্রকৌশলী, বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, জুড়ী
১৯. রেঞ্জ কর্মকর্তা, জুড়ী।
২০. উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য অধিদপ্তর,জুড়ী
২১. ইউডিএফ, জুড়ী।

**সভায় অনুপস্থিতির তালিকাঃ-**

১. চেয়ারম্যান, পশ্চিমজুড়ী ইউপি
২. জনাব আফিয়া বেগম,সদস্য ,জুড়ী উপজেলা পরিষদ,জুড়ী।
৩. উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, জুড়ী।
৬. তথ্য আপা, জুড়ী

# ২০২১-২২ অর্থ বছরে উপজেলা পরিষদ উন্নয়ন তহবিলের(রাজস্ব উদ্বৃত্ত) স্কীম

| ক্রঃ নং | খাত | স্কীমের নাম | ইউনিয়ন | বরাদ্দ | বাস্তবায়ন পদ্ধতি | অগ্রগতির শতকরা হার |
|---|---|---|---|---|---|---|
| ০১ | যোগাযোগ | বাছিরপুর-দাশেরবাজার রাস্তা হতে পশ্চিম জুড়ী স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রের রাস্তায় সিসি ঢালাই কাজ। | পশ্চিম জুড়ী | ২,০০,০০০/- | পিআইসি | |
| ০২ | কৃষি ও ক্ষুদ্র সেচ | বাছিরপুর-দাশেরবাজার রাস্তা হতে বাবু দাশের বাড়ি পর্যন্ত রাস্তায় পানি নিষ্কাশন কালভার্ট নির্মান। | পশ্চিম জুড়ী | ১,৫০,০০০/- | টেন্ডার | |
| ০৩ | যোগাযোগ | পশ্চিম গোয়ালবাড়ি সুরমাছড়া ব্রীজের উত্তর পাশে ইট সলিং কাজ। | গোয়ালবাড়ি | ২,০০,০০০/- | টেন্ডার | |
| ০৪ | যোগাযোগ | রত্না চা বাগানে শিব চরনের বাড়ির সামনে কালভার্ট নির্মান। | গোয়ালবাড়ি | ১,৫০,০০০/- | টেন্ডার | |
| ০৫ | যোগাযোগ | শিলুয়া ৯নং লাইন মসজিদের সামনের রাস্তায় ইট সলিং। | গোয়ালবাড়ি | ২,০০,০০০/- | টেন্ডার | |
| ০৬ | যোগাযোগ | বড়ধামাই-১ জোতাইশাহ মোকাম রাস্তায় ইট সলিং কাজ। | পূর্ব জুড়ী | ২,০০,০০০/- | টেন্ডার | |
| ০৭ | কৃষি ও ক্ষুদ্রসেচ | গোবিন্দপুর রাস্তায় হরি মন্দিরের পাশে পানি নিষ্কাশন কালভার্ট নির্মান। | পূর্ব জুড়ী | ১,০০,০০০/- | টেন্ডার | |
| ০৮ | যোগাযোগ | বড়ধামাই-২ পশ্চিম বড়ধামাই জুড়ীরপাড় রাস্তায় ইট সলিং কাজ। | পূর্ব জুড়ী | ১,০০,০০০/- | টেন্ডার | |
| ০৯ | যোগাযোগ | রাজকী চুঙ্গাবাড়ি (রাজকী গেইট হতে)রাস্তায় ইট সলিং কাজ। | ফুলতলা | ৫,০০,০০০/- | টেন্ডার | |
| ১০ | যোগাযোগ | দক্ষিণ সাগরনাল মন্দিরের রাস্তায় ইট সলিং কাজ। | ফুলতলা | ১,৫০,০০০/- | টেন্ডার | |
| ১১ | যোগাযোগ | গৌরিপুর কবরস্থান হতে জুড়ী নদী পর্যন্ত রাস্তায় ইট সলিং কাজ। | জায়ফরনগর | ২,০০,০০০/- | টেন্ডার | |
| ১২ | কৃষি ও ক্ষুদ্রসেচ | বেলাগাও আবু মিয়ার বাড়ির পাশের রাস্তায় পানি নিষ্কাশন কালভার্ট নির্মান। | জায়ফরনগর | ১,২৫,০০০/- | টেন্ডার | |
| ১৩ | যোগাযোগ | হোসেনাবাদ ফরিদ মিয়ার বাড়ির সামনা হতে মতিন মিয়ার বাড়ি পর্যন্ত ও হোসেনাবাদ মইন উদ্দিনের বাড়ির পাশের রাস্তায় ইট সলিং। | সাগরনাল | ২,০০,০০০/- | টেন্ডার | |
| ১৪ | যোগাযোগ | কাপনাপাহাড় কোকিলের বাড়ির সামনা হতে শীতলা মন্দির পর্যন্ত রাস্তায় ইট সলিং কাজ। | সাগরনাল | ২,০০,০০০/- | টেন্ডার | |
| ১৫ | সমাজ কল্যাণ | জনগণের অভিযোগ প্রতিকারের লক্ষ্যে গণ-শুনানীর নিমিত্ত গোল ঘর নির্মান। | সমগ্র উপজেলা | ৬,০০,০০০/- | কোটেশন | |
| ১৬ | যোগাযোগ | আশ্রয়ন প্রকল্পের আওতায় নবনির্মিত গৃহে যাতায়াতের জন্য ফুট ব্রীজ নির্মান। | গোয়ালবাড়ী | ৩,০০,০০০/- | টেন্ডার | |
| ১৭ | সংস্কৃতির উন্নয়ন | বঙ্গবন্ধু ম্যুরালের সম্মুখে গার্ডেনিং। | সমগ্র উপজেলা | ২,০০,০০০/- | পিআইসি | |
| ১৮ | সংস্কৃতির উন্নয়ন | বঙ্গবন্ধু কর্ণার সজ্জিত করণ। | সমগ্র উপজেলা | ৩,০০,০০০/- | কোটেশন | |
| ১৯ | ক্রীড়া ও সংস্কৃতি | জুড়ী উপজেলার বিভিন্ন বিদ্যালয়ে ও ক্লাব সংগঠনের মধ্যে ক্রীড়া সামগ্রী বিতরণ। | সমগ্র উপজেলা | ২,০০,০০০/- | পিআইসি | |
| ২০ | ভৌতঅবকাঠামো | ২নং পূর্ব জুড়ী ইউনিয়নের হারুন মিয়ার বাড়ির সম্মুখের রাস্তায় গাইড ওয়াল নির্মান। | পূর্ব জুড়ী | ১,০০,০০০/- | টেন্ডার | |
| ২১ | স্বাস্থ্যওসমাজকল্যাণ | মাধ্যমিক শিক্ষার্থীদের মাঝে স্যানিটারী নেপকিন সরবরাহ। | সমগ্র উপজেলা | ২,০০,০০০/- | পিআইসি | |
| ২২ | ভৌতঅবকাঠামো | অসহায় গরীব ও দুস্থ মহিলাদের মধ্যে সেলাই মেশিন সরবরাহ। | সমগ্র উপজেলা | ২,০০,০০০/- | টেন্ডার | |
| ২৩ | যোগাযোগ | মানিকসিংহ আজিজুর রহমানের বাড়ির সম্মুখে সিএন্ডবি রাস্তার পাশে এপ্রোচ নির্মান। | জায়ফরনগর | ১,০০,০০০/- | টেন্ডার | |
| ২৪ | যোগাযোগ | দক্ষিণ বড়ধামাই এলজিইডি রাস্তার মক্তার মিয়ার বাড়ির সম্মুখের ইট সলিং হতে দুলাল মিয়ার বাড়ি পর্যন্ত রাস্তায় ইট সলিং কাজ। | পূর্ব জুড়ী | ২,০০,০০০/- | টেন্ডার | |
| ২৫ | যোগাযোগ | ভবানীপুর এলজিইডি রাস্তা হতে কবির মিয়ার বাড়ি পর্যন্ত রাস্তায় ইট সলিং কাজ। | জায়ফরনগর | ১,০০,০০০/- | টেন্ডার | |
| ২৬ | বিবিধ | আনুষঙ্গিক ব্যয়। | সকল | ২৫,০০০/- | সরাসরি ক্রয় | |
| | | | সর্বমোট | ৫২,০০,০০০/- | | |

উপজেলা প্রকৌশলী
এলজিইডি,জুড়ী,মৌলভীবাজার।

উপজেলা নির্বাহী অফিসার
জুড়ী,মৌলভীবাজার।

উপজেলা চেয়ারম্যান
জুড়ী,মৌলভীবাজার।

# ২০২১-২২ অর্থ বছরে উপজেলা পরিষদ উন্নয়ন সহায়তা তহবিলের স্কীম

| ক্রম নং | খাত | স্কীমের নাম | ইউনিয়ন | বরাদ্দ | বাস্তবায়ন পদ্ধতি | অগ্রগতি শতকরা হার |
|---|---|---|---|---|---|---|
| ০১ | শিক্ষার উন্নয়ন | আমতৈল আব্দুল মালিকের বাড়ির সম্মুখ হতে নিজল বিহারী উচ্চ বিদ্যালয় পর্যন্ত রাস্তায় ইট সলিং কাজ। | পশ্চিম জুড়ী | ২,০০,০০০/- | টেন্ডার | |
| ০২ | ভৌতঅবকাঠামো | ইউনিয়নের বিভিন্ন স্থানে নলকূপ স্থাপন। | পশ্চিম জুড়ী | ২,০০,০০০/- | টেন্ডার | |
| ০৩ | যোগাযোগ | কৃষ্ণনগর বাজার হতে কৃষ্ণনগর সঃ প্রাথমিক বিদ্যালয় পর্যন্ত সিসি ঢালাই। | পশ্চিম জুড়ী | ২,০০,০০০/- | টেন্ডার | |
| ০৪ | যোগাযোগ | কচুরতল লস্কর রাস্তা সিসি ঢালাই। | গোয়ালবাড়ি | ২,০০,০০০/- | টেন্ডার | |
| ০৫ | যোগাযোগ | হরিপাড়া পাতিলাসাংগন রাস্তার জাকির উদ্দিনের বাড়ির সামনা হতে আক্তির উদ্দিনের বাড়ি পর্যন্ত রাস্তায় ইট সলিং। | গোয়ালবাড়ি | ২,০০,০০০/- | টেন্ডার | |
| ০৬ | ভৌতঅবকাঠামো | কুচাই বেসরকারি প্রাথমিক বিদ্যালয়ে লেট্রিন নির্মান। | গোয়ালবাড়ি | ১,৮২,০০০/- | টেন্ডার | |
| ০৭ | যোগাযোগ | বড়ধামাই-২ খাসটিলা রাস্তায় ইট সলিং কাজ। | পূর্ব জুড়ী | ১,০০,০০০/- | টেন্ডার | |
| ০৮ | যোগাযোগ | জামকান্দি শাহাব উদ্দিনের দোকান হতে পাকা রাস্তা পর্যন্ত রাস্তায় ইট সলিং। | পূর্ব জুড়ী | ২,০০,০০০/- | টেন্ডার | |
| ০৯ | কৃষি ও ক্ষুদ্র সেচ | পশ্চিম গোবিন্দপুর আব্দু আহাদের বাড়ির নিকট পানি নিষ্কাশন কালভার্ট নির্মান। | পূর্ব জুড়ী | ১,০০,০০০/- | টেন্ডার | |
| ১০ | যোগাযোগ | ছোট ধামাই পাকা রাস্তা হতে বড়ধামাই-২ রাস্তায় ইট সলিং। | পূর্ব জুড়ী | ১,০০,০০০/- | টেন্ডার | |
| ১১ | যোগাযোগ | রাজকী ২১নং লাইনে রাস্তায় ইট সলিং কাজ। | ফুলতলা | ২,০০,০০০/- | টেন্ডার | |
| ১২ | যোগাযোগ | পশ্চিম বটুলী রাজকী রাস্তা হতে তারা মিয়ার বাড়ির পার্শ্বস্থ রাস্তায় ইট সলিং কাজ। | ফুলতলা | ২,০০,০০০/- | টেন্ডার | |
| ১৩ | যোগাযোগ | ফুলতলা চা বাগান ১১নং লাইনে রাস্তায় ইট সলিং। | ফুলতলা | ১,০০,০০০/- | টেন্ডার | |
| ১৪ | যোগাযোগ | চুনাবাড়ি বিজিবির ক্যাম্প হতে রাজকী রাস্তায় ইট সলিং কাজ। | ফুলতলা | ২,০০,০০০/- | টেন্ডার | |
| ১৫ | যোগাযোগ | ভুয়াই তেলরীঘাট রাস্তার মাসুক মিয়ার বাড়ির সম্মুখ হতে সিদ্দিকপুর সঃ প্রাথমিক বিদ্যালয় পর্যন্ত রাস্তায় ইট সলিং কাজ। | জায়ফরনগর | ৫,০০,০০০/- | টেন্ডার | |
| ১৬ | কৃষি ও ক্ষুদ্র সেচ | বেলাগাও বাবার ডামের পলি অপসারণ ও সংস্কার। | জায়ফরনগর | ১,২০,০০০/- | পিআইসি | |
| ১৭ | সমাজ কল্যাণ | ইউনিয়নের গরীব ও দুঃস্থদের মহিলাদের মধ্যে সেলাই মেশিন বিতরন। | জায়ফরনগর | ১,৮০,০০০/- | টেন্ডার | |
| ১৮ | শিক্ষার উন্নয়ন | সাগরনাল আলীম মাদ্রাসায় আসবাবপত্র সরবরাহ। | সাগরনাল | ১,৫০,০০০/- | টেন্ডার | |
| ১৯ | ভৌতঅবকাঠামো | উত্তর সাগরনাল নালারপাড় রাস্তা জলিলের বাড়ির পাশের রাস্তায় গাইড ওয়ালসহ প্রতিরক্ষা কাজ। | সাগরনাল | ৫,০০,০০০/- | টেন্ডার | |
| ২০ | যোগাযোগ | বাছিরপুর-নাশেরবাজার মধ্যমনি রাস্তা হতে প্রনয় রঞ্জন দাশের বাড়ি পর্যন্ত রাস্তায় ইট সলিং। | পশ্চিম জুড়ী | ১,৫০,০০০/- | টেন্ডার | |
| ২১ | ভৌতঅবকাঠামো | জুড়ী উপজেলার গরীব ও দুঃস্থদের মধ্যে নলকূপ বিতরণ। | সমগ্র উপজেলা | ২,০০,০০০/- | টেন্ডার | |
| ২২ | যোগাযোগ | আব্দুল মালিকের বাড়ি হতে পশ্চিম বিশ্বনাথপুর জামে মসজিদ পর্যন্ত রাস্তায় ইট সলিং। | জায়ফরনগর | ১,০০,০০০/- | টেন্ডার | |
| ২৩ | শিক্ষার উন্নয়ন | নিজল বিহারী উচ্চ বিদ্যালয়ে আসবাবপত্র সরবরাহ। | পশ্চিম জুড়ী | ১,৫০,০০০/- | টেন্ডার | |
| ২৪ | ভৌতঅবকাঠামো | সোনারূপা ৪নং ওয়ার্ডের রামপুরা বাসির বাড়ির সামনের রাস্তায় গাইড ওয়াল। | পূর্ব জুড়ী | ১,০০,০০০/- | টেন্ডার | |
| ২৫ | যোগাযোগ | পুটিছড়া ৯নং লাইন রাস্তায় ইট সলিং। | গোয়ালবাড়ি | ২,০০,০০০/- | টেন্ডার | |
| ২৬ | যোগাযোগ | পাতিলাসাংগন জাবেদ মিয়ার বাড়ির সম্মুখের রাস্তায় সিসি ঢালাই। | সাগরনাল | ২,০০,০০০/- | টেন্ডার | |
| ২৭ | যোগাযোগ | ছোট ধামাই বীর চন্দ্রের বাড়ি হতে চন্দ্র হাসের বাড়ি পর্যন্ত রাস্তায় ইট সলিং। | পূর্ব জুড়ী | ২,০০,০০০/- | টেন্ডার | |
| ২৮ | ক্রীড়া ও সংস্কৃতি | জুড়ী উপজেলার বিভিন্ন বিদ্যালয়ে স্কাউটদের জন্য ড্রামসেট সরবরাহ। | সমগ্রউপজেলা | ১,০০,০০০/- | টেন্ডার | |
| ২৯ | যোগাযোগ | উত্তর ভবানীপুর আল-আমিন মসজিদের সম্মুখের এলজিইডি রাস্তা হতে আব্দুর রহিমের বাড়ি পর্যন্ত রাস্তায় ইট সলিং কাজ। | পশ্চিম জুড়ী | ২,০০,০০০/- | টেন্ডার | |
| ৩০ | শিক্ষার উন্নয়ন | এম এ মুক্তাদিরের দাখিল মাদ্রাসার পিছনে গাইড ওয়াল নির্মান। | পশ্চিম জুড়ী | ২,০০,০০০/- | পিআইসি | |
| ৩১ | যোগাযোগ | মরহুম আব্দুল খালিক চেয়ারম্যানের বাড়ির পূর্ব পাশ হতে জায়ফরনগর মসজিদ পর্যন্ত রাস্তায় ইট সলিং কাজ। | জায়ফরনগর | ২,০০,০০০/- | টেন্ডার | |
| ৩২ | শিক্ষার উন্নয়ন | চাটৈরা সঃ প্রাথমিক বিদ্যালয়ের গাইড ওয়াল নির্মান। | জায়ফরনগর | ১,০০,০০০/- | টেন্ডার | |
| ৩৩ | যোগাযোগ | বায়তুল কোরআন মদিনাতুল উলুম মাদ্রাসার রাস্তায় ইট সলিং কাজ। | জায়ফরনগর | ১,০০,০০০/- | টেন্ডার | |
| ৩৪ | যোগাযোগ | চাটৈরা গ্রামের রাস্তায় ইট সলিং কাজ। | জায়ফরনগর | ৮,০০,০০০/- | কোটেশন | |
| ৩৫ | যোগাযোগ | মধ্য ভোগতেরা এম এ মুমিত সেবুলের বাড়ির সম্মুখ হতে সালমান আফরাজের বাড়ি পর্যন্ত রাস্তায় ইট সলিং কাজ। | জায়ফরনগর | ১,০০,০০০/- | টেন্ডার | |
| ৩৬ | কৃষি ও ক্ষুদ্র সেচ | টালিয়াউড়া কবরস্থানের পাশের রাস্তায় পানি নিষ্কাশন কালভার্ট নির্মান। | পূর্ব জুড়ী | ১,০০,০০০/- | টেন্ডার | |
| ৩৭ | যোগাযোগ | পূর্ব বড় ধামাই বায়তুল মামুর জামে মসজিদের সম্মুখ হতে ইরফান আলীর বাড়ি পর্যন্ত রাস্তায় ইট সলিং কাজ। | পূর্ব জুড়ী | ২,০০,০০০/- | টেন্ডার | |
| ৩৮ | যোগাযোগ | তমালসিংহ মন্ত্রীগাও স্কুলের পাশের আব্দুল মন্নানের বাড়ির সম্মুখ হতে জব্বার মিয়ার বাড়ি পর্যন্ত রাস্তায় সিসি ঢালাই কাজ। | গোয়ালবাড়ি | ২,০০,০০০/- | টেন্ডার | |
| ৩৯ | শিক্ষার উন্নয়ন | গোয়ালবাড়ি এবতেদায়ী মাদ্রাসার সম্মুখে গাইড ওয়াল নির্মান। | গোয়ালবাড়ি | ২,০০,০০০/- | টেন্ডার | |
| ৪০ | যোগাযোগ | পাতিলাসাংগন মইন মিয়ার বাড়ির সম্মুখের রাস্তায় সিসি ঢালাই কাজ। | সাগরনাল | ২,০০,০০০/- | পিআইসি | |
| ৪১ | যোগাযোগ | উত্তর সাগরনাল সিএন্ডবি রাস্তা হতে চৌধুরীবাড়ী পর্যন্ত রাস্তায় ইট সলিং কাজ। | সাগরনাল | ২,০০,০০০/- | টেন্ডার | |
| ৪২ | যোগাযোগ | পূর্ব বটুলী মাদ্রাসার সম্মুখের রাস্তায় ইট সলিং কাজ। | ফুলতলা | ১,০০,০০০/- | টেন্ডার | |
| ৪৩ | সমাজ কল্যাণ | গরীব দুঃস্থ মহিলাদের মাঝে সেলাই মেশিন বিতরণ। | সমগ্র উপজেলা | ৩,০০,০০০/- | কোটেশন | |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ৪৪ | যোগাযোগ | উত্তর ফুলতলা রাস্তা হতে কোনাগাও রাস্তার মধ্যে হান্নান মিয়ার বাড়ির সম্মুখের রাস্তায় কালভার্ট এর এপ্রোচ নির্মান ও বিরইনতলা সঃ প্রাঃ বিদ্যালয়ের বিদ্যুৎ লাইন অপসারণ। | ফুলতলা | ২,০০,০০০/- | পিআইসি | |
| ৪৫ | ভৌতঅবকাঠামো | ফুলতলা সাগরনাল শাহ নিমাত্রা কলেজ সংস্কার কাজ। | ফুলতলা | ২,০০,০০০/- | পিআইসি | |
| ৪৬ | যোগাযোগ | পশ্চিম বাহ্রিপুর করিমের বাড়ির পাশে এলজিইডি রাস্তা হতে রহমানিয়া মসজিদ পর্যন্ত রাস্তায় সিসি ঢালাই কাজ। | পশ্চিম জুড়ী | ২,০০,০০০/- | পিআইসি | |
| ৪৭ | যোগাযোগ | পাত্রিলাসাংগন ফখর মিয়ার বাড়ির সামনা হতে পাত্রিলাসাংগন উচ্চ বিদ্যালয় পর্যন্ত রাস্তায় ইট সলিং কাজ। | সাগরনাল | ২,০০,০০০/- | পিআইসি | |
| ৪৮ | যোগাযোগ | পশ্চিম আমতৈল ডাঃ হান্নানের বাড়ির সম্মুখের রাস্তায় ইট সলিং কাজ। | পশ্চিম জুড়ী | ২,০০,০০০/- | পিআইসি | |
| ৪৯ | বিবিধ | আনুষঙ্গিক খরচ। | সকল | ৪৪,০০০/- | সরাসরি ক্রয় | |
| | | | সর্বমোট | ১৪,৭৬,০০০/- | | |
| | | | | | | |

উপজেলা প্রকৌশলী
এলজিইডি,জুড়ী,মৌলভীবাজার।

উপজেলা নির্বাহী অফিসার
জুড়ী,মৌলভীবাজার।

উপজেলা চেয়ারম্যান
জুড়ী,মৌলভীবাজার।

উপজেলা পরিষদ

জুড়ী, মৌলভীবাজার

মৌলভীবাজার জেলার জুড়ী উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব এম.এ মোঈদ ফারুক, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জুড়ী, মৌলভীবাজার।

সভার স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, জুড়ী।

সভার তারিখ : ২৫/১১/২০২১ খ্রি., সময়- সকাল ১১.৩০ ঘটিকা।

সভার উপস্থিতি : পরিশিষ্ট 'ক' সংযুক্ত।

**বিগত সভার কার্যবিবরণী উপস্থাপন ও অনুমোদন:** সভাপতি মহোদয় সভায় উপস্থিত সকল সদস্য ও বিভাগীয় কর্মকতাগণকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অত:পর সভা তিনি পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসার, জুড়ী কে অনুরোধ করেন। উপজেলা নির্বাহী অফিসার, জুড়ী উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে বিগত ২১/১০/২০২১ খ্রি. তারিখে অনুষ্ঠিত জুড়ী উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী পাঠ করে শুনান। ২১/১০/২০২১ খ্রি তারিখের কার্যবিবরণীর ৩(১) অনুচ্ছেদে বর্ণিত পরিশিষ্ট-খ এর ২০২১-২২ অর্থ বছরে রাজস্ব তহবিলের ক্রমিক নং ২২ এর প্রকল্পের বাস্তবায়ন পদ্ধতি "টেন্ডার" এর পরিবর্তে "পিআইসি" এবং উন্নয়ন সহায়তা তহবিলের অনুমোদিত স্কীম ক্রমিক নং ১৭ এর বাস্তবায়ন পদ্ধতি "টেন্ডার" এর পরিবর্তে "পিআইসি" হবে মর্মে সংশোধনপূর্বক কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। বিভাগওয়ারী আলোচনা ও সিদ্ধান্তসমূহ নিম্নরূপ :

**০১.০০ স্বাস্থ্য বিভাগ:-**

| ক্র: নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | উপজেলা স্বাস্থ্য ও প:প: কর্মকর্তা, জুড়ী সভায় জানান , জুড়ী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে এ পর্যন্ত কোভিড-১৯ এর নমুনা সংগ্রহ করা হয়েছে ১৯২৭ জনের। তম্মধ্যে ৫১৬ জন করোনা পজিটিভ। করোনা আক্রান্ত হয়ে এ উপজেলায় মৃত্যুবরণ করেছেন ৫জন। বর্তমানে আইসোলেশনে রয়েছেন একজন। ভ্যাকসিন প্রদানের জন্য এ পর্যন্ত নিবন্ধন করেছেন ৫৭৩৫১ জন। তম্মধ্যে ১ম ডোজ প্রদান করা হয়েছে ৪৬২৪৪ জনকে এবং ২য় ডোজ প্রদান করা হয়েছে ২৮৭১৩ জনকে। ২৭.১১.২০২১ তারিখে উপজেলা চেয়ারম্যান মহোদয়ের অফিসকক্ষে এইচএসসি ও আলীম পরীক্ষার্থীদের ফাইজার ভ্যাকসিন প্রদান করা হবে। নিয়মিত রুটিন মোতাবেক ইপিআই এর পাশাপাশি কোভিড-১৯ ভ্যাকসিনেশন কার্যক্রম চলমান আছে। তিনি সভায় জানান, হাসপাতাল গেইট এর ভিতরে প্রতিদিন অটোরিক্সা ভিড় জমায়।এদেরকে কন্ট্রোল করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অফিসার ইনচার্জ, জুড়ী থানা কে অনুরোধ জানান। | বিস্তারিত আলোচনান্তে কোভিড-১৯ এর নমুনা সংগ্রহ বৃদ্ধি করার এবং হাসপাতাল গেইটে অটোরিক্সা এর ভীড় কন্ট্রোল করার জন্য টহল পুলিশ দলকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের নিমিত্তে অফিসার ইনচার্জ,জুড়ী থানা কে অনুরোধ করা হয়। | উপজেলা স্বাস্থ্য ও প:প: কর্মকর্তা, জুড়ী এবং অফিসার ইনচার্জ,জুড়ী থানা। |

**০২.০০ কৃষি বিভাগঃ**

| ক্র: নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | উপজেলা কৃষি কর্মকর্তা, জুড়ী সভায় বলেন, এ বছর খরিফ-২/২০২১-২২ মৌসুমে ৮৪৬০ হে. জমিতে আবাদকৃত আমনের ২৮% কর্তন সম্পন্ন হয়েছে। নতুনজাত সম্প্রসারণসহ বিভিন্ন প্রযুক্তি ব্যবহারের ফলে গত বছরের তুলনায় এ বছর ফলন ও উৎপাদন বৃদ্ধি পেয়েছে।তিনি আরো জানান যে, রবি /২০২১-২২ মৌসুমে বোরো আবাদের লক্ষ্যমাত্রা ৫৭৮৫ হেক্টর। বোরো বীজতলা তৈরির কাজ চলমান রয়েছে। বোরো ফসলে উচ্চ ফলনশীল নতুন জাতের আবাদ বৃদ্ধির জন্য কৃষক ভাইদেরকে নিমিত পরামর্শ প্রদান অব্যাহত রয়েছে। বর্তমানে সার ও বীজের কোন সংকট নেই। চলতি রবি মৌসুমে প্রনোদনা কর্মসূচির আওতায় গম ফসলে২৫ জন, সরিষা ফসলে ৫০০ জন, ভুট্টা ফসলে ১১০জন, সূর্যমুখী ফসলে- ২৫০ জন, শীতকালীন পেঁয়াজে-৪০ জন, গ্রীষ্মকালীন মুগ ফসলে -৩০ জন কৃষককে বিনামূল্যে বীজ ও রাসায়নিক সার বিতরণ কার্যক্রম চলমান আছে। বোরো উফশী ধান ফসলে ৮০০জন কৃষককে বিনামূল্যে বীজ ও সার এবং বোরো হাইব্রীড ধান বীজ সহায়তা ৩৫০০ জনকে বিতরণ করা | পতিত জমি কৃষি উপযোগী করার বিষয়ে ও বোরো ফসলে উচ্চ ফলনশীল নতুন জাতের আবাদ বৃদ্ধির জন্য কৃষকদের পরামর্শ প্রদান এবং সার উত্তোলনের বিষয়টি নিয়মিত মনিটরিং করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি কর্মকর্তা, জুড়ী |

**০৩.০০. স্থানীয় সরকার প্রকৌশল বিভাগ :**

| ক্র: নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | উপজেলা প্রকৌশলী সভায় জানান, ২০২১-২২ অর্থবছরে উন্নয়ন সহায়তা তহবিলের অনুকূলে বরাদ্দকৃত অর্থ দ্বারা প্রকল্প বাস্তবায়নের নিমিত্ত দরপত্র বিজ্ঞপ্তি প্রচারের জন্য পত্রিকায় প্রেরণ করা হয়েছে। | প্রকল্পসমূহ দ্রুত বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো। | উপজেলা প্রকৌশলী, জুড়ী |

**০৪.০০: প্রাণিসম্পদ বিভাগঃ**

| ক্র: নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, জুড়ী সভায় জানান, ''প্রাণী পুষ্টির উন্নয়নে উন্নত জাতের ঘাস চাষ সম্প্রসারণ ও লাগসই প্রযুক্তি হস্তান্তর'' প্রকল্পের আওতায় ছয়টি ইউনিয়নে ছয়জন কমিউনিটি এক্সটেনশন এজেন্ট বা CEA নিয়োগ দেয়া হবে। এজন্য নিয়োগ বিজ্ঞপ্তি দেয়া হয়েছে। এই প্রকল্পের আওতায় ৬টি ইউনিয়নে মোট ৪৮জন সুফলভোগী নির্বাচন করা হবে। যারা ঘাস চাষ, সাইলেশ তৈরি ইত্যাদি বিষয়ে প্রদর্শনী করবে এবং বিভিন্ন খামারীর মাঝে ঘাস চাষের গুরুত্ব, পুষ্টি গুনাগুন সম্পর্কে অবহিত করবে এবং ঘাসের কাটিং বিতরণের মাধ্যমে ঘাস চাষ প্রযুক্তিকে সম্প্রসারণ করবে। এছাড়া দপ্তরের অন্যান্য কাজ স্বাভাবিক রয়েছে মর্মে তিনি সভায় জানান। | প্রতি ইউনিয়নের জন্য নির্ধারিত সংখ্যা অনুযায়ী সুফলভোগীর নাম প্রাণিসম্পদ দপ্তরে প্রেরনের জন্য ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ জানানো হয়। | ইউপি চেয়ারম্যানগণ (সকল) |

**৫.০০ মৎস্য বিভাগ :**

| ক্র: নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | উপজেলা মৎস্য কর্মকর্তা, জুড়ী সভায় জানান যে, এ উপজেলায় ৩টি প্রকল্পের মাধ্যমে মৎস্যজীবি ও মৎস্য চাষীদেরকে মৎস্য প্রশিক্ষণসহ উপকরণ বিতরনের মাধ্যমে সেবা প্রদান করা হচ্ছে। এ বৎসর জাতিসংঘের অঙ্গ প্রতিষ্ঠান ফুড এন্ড এগ্রিকালচার অর্গানাইজেসন এর অর্থ সহায়তায় মৎস্যজীবিদের প্রশিক্ষণ ও ২টি পাইলট প্রকল্পে মৎস্য অভয়াশ্রম ও বিল নার্সারী কার্যক্রম গ্রহণ করা হয়েছে। এ প্রকল্পের আওতায় ১২০ জন মৎস্যজীবি ও মৎস্যচাষীকে প্রশিক্ষণ প্রদান করা হবে। এছাড়া বিভাগের অন্যান্য কাজ স্বাভাবিক রয়েছে। | প্রকৃত মৎস্যজীবিরা যাতে প্রশিক্ষণের সুযোগ পায় সেদিকে সজাগ দৃষ্টি রাখার জন্য অনুরোধ জানানো হয়। | উপজেলা মৎস্য কর্মকর্তা, জুড়ী। |

**০৬.০০: মাধ্যমিক শিক্ষা বিভাগঃ**

| ক্র: নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | উপজেলা একাডেমিক সুপারভাইজার, জুড়ী সভায় জানান যে, ২০২১ এসএসসি পরীক্ষা সুষ্ঠু পরিবেশে সম্পন্ন হয়েছে। ২০২১ সালের এইচএসসি পরীক্ষা আগামী ০২ ডিসেম্বর থেকে শুরু হবে। আগামী ২৭.১১.২০২১ খ্রি: তারিখে জুড়ী উপজেলার ১০৮৭ এইচএসসি পরীক্ষার্থীকে কোভিড-১৯ টিকা প্রদান করা হবে। | এইচএসসি পরীক্ষা সুষ্ঠভাবে সম্পন্নের নিমিত্তে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ জানানো হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, জুড়ী |

**০৭.০০ প্রাথমিক শিক্ষা বিভাগঃ**

| ক্র: নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | উপজেলা শিক্ষা অফিসার, জুড়ী সভায় অনুপস্থিত থাকায় কোন বক্তব্য পাওয়া যায়নি। | আগামী সভায় উপস্থিত থাকার জন্য নোটিশ প্রদানের সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা নির্বাহী অফিসার, জুড়ী |

**০৮.০০ ত্রাণ বিভাগঃ (প্রকল্প বাস্তবায়ন অফিস)**

| ক্রঃ নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, জুড়ী সভায় জানান, ২০২১-২২ অর্থবছরের নির্বাচনী (সংসদ সদস্যের) অনুকূলে বরাদ্দের টিআর ও কাবিটা এবং কাবিখার এর তালিকা জেলা প্রশাসক মহোদয় কর্তৃক অনুমোদিত হয়েছে। ২০২১০২২ অর্থবছরের ১ম পর্যায়ের উপজেলা পরিষদ ভিত্তিক টিআর ও কাবিটা এবং কাবিখা এর ইউনিয়নভিত্তিক উপ-বরাদ্দ প্রদান করা হয়েছে। মানবিক সহায়তার আওতায় শীতকালীন কম্বলের বরাদ্দ পাওয়া গিয়েছে । মাননীয় সংসদ সদস্য মহোদয়ের সাথে পরামর্শক্রমে উক্ত কম্বল বিতরণ করা হবে। | তালিকা অনুযায়ী টিআর, কাবিখা ও কাবিটা এর বরাদ্দ সুষ্ঠুভাবে বিতরণের জন্য অনুরোধ করা হলো। অর্থ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, জুড়ী |

**০৯.০০: আনসার ও ভিডিপি বিভাগঃ**

| ক্র: নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, জুড়ী এর প্রতিনিধি সভায় জানান যে, সকল ইউনিয়নের আনসার ও ভিডিপি দলনেতা/দলনেত্রী ও কোম্পানী কমান্ডারদের নিয়ে আয়োজিত সভায় চোরাচালান এবং মাদক সম্পর্কিত খবরাখবর জুড়ী থানাকে অবহিত করার নির্দেশনা দেয়া হয়েছে। | বিস্তারিত আলোচনান্তে চোরাচালান ও মাদক নিয়ন্ত্রণে পুলিশ বাহিনীর সাথে সমন্বয় রেখে কার্যক্রম পরিচালনার জন্য অনুরোধ জানানো হলো। | উপজেলা আনসার ও ভিডিপি অফিসার, জুড়ী |

**১০.০০: বন বিভাগঃ**

| ক্র: নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | ০১। রেঞ্জ কর্মকর্তা, জুড়ী রেঞ্জ সভায় , ২০২০-২১ আর্থিক সনে '' সিলেট বন বিভাগে পুন: নবায়ন ও অবকাঠামো উন্নয়ন প্রকল্পে'' আওতায় জুড়ী রেঞ্জের পুটিছড়া, সাগরনাল, রাগনা ও লাঠিটিলা বিটে ২৫.০ হেক্টর হারে মোট ১০০.০ হেক্টর উডলট বাগান সৃজন করা হয়। এ সকল বাগানের নির্বাচিত উপকারভোগী সদস্যদের তালিকা রেঞ্জ কর্মকর্তা সভায় উপস্থাপন করেন।<br><br>০২। রেঞ্জ কর্মকর্তা, জুড়ী রেঞ্জ সভায় ২০১৮-১৯ সনে কুলাউড়া-জুড়ী সওজ সড়কের ভুয়াই হতে মানিক সিং পর্যন্ত ৩.০ কিমি (২য় আবর্ত) বাগান সৃজন করা হয় । এ বাগানে নির্বাচিত উপকারভোগীদের তালিকা রেঞ্জ কর্মকর্তা সভায় উপস্থাপন করেন। | বিস্তারিত আলোচনান্তে নির্বাচিত উপকারভোগীদের তালিক পৃথকভাবে প্রস্তুতক্রমে আগামী সভায় উপস্থাপনের জন্য রেঞ্জ কর্মকর্তা, জুড়ী রেঞ্জকে অনুরোধ জানানো হয়। | সহকারী বন সংরক্ষক, রেঞ্জ কর্মকর্তা, জুড়ী রেঞ্জ |

**১১.০০: উপজেলা সমাজসেবা বিভাগঃ**

| ক্র: নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, জুড়ী সভায় জানান যে, এ কার্যালয়ের অধীনে ১০টি নির্দিষ্ট পেশায় নিয়োজিত প্রান্তিক জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন শীর্ষক কর্মসূচির আওতায় প্রান্তিক জনগোষ্ঠীর অনলাইনে আবেদন কার্যক্রম চলমান রয়েছে। ২০২০-২১ অর্থবছরের চা-শ্রমিকদের জীবনমান উন্নয়ন কর্মসূচির এককালীন আর্থিক সাহায্যের চেক বিতরণ চলমান রয়েছে। ২০২১-২২ অর্থবছরে বরাদ্দপ্রাপ্ত প্রতিবন্ধি ভাতার অনলাইনের কাজ চলমান রয়েছে। | বিস্তারিত আলোচনান্তে প্রান্তিক জনগোষ্ঠীর জীবনমান উন্নয়নে জরিপ কার্যক্রম থেকে কেউ যেন বাদ না পড়ে সেজন্য এবং ভাতাভোগীদের মোবাইল নম্বর সংক্রান্ত কোন জটিলতা থাকলে সমাজসেবা কার্যালয়ে প্রেরণের জন্য জনা সকল ইউপি চেয়ারম্যানগণকে সভায় অনুরোধ জানানো হয়। | ইউপি চেয়ারম্যানগণ (সকল) |

**১২.০০: উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ :**

| ক্র: নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা ,জুড়ী সভায় জানান যে, অক্টোবর/২০২১ মাসের হিসাব অনুযায়ী উপজেলার মোট সক্ষম দম্পতির সংখ্যা ২৬,০২৯জন। জন্ম বিরতিকরণের বিভিন্ন পদ্ধতি গ্রহণকারীর হার ৭৫.৯৬%। অক্টোবর/২১ মাসে নতুন ইনজেকশন-৩৩ জন, খাবার বড়ি ১২৬ জন, কনডম ৪৫ জন, আই. ইউ. ডি. -২৪জন, ইমপ্লান্ট ৪০ জন, মহিলা বন্ধ্যাকরণ ০৯ জন গ্রহণ করেছে। করোনা চিকিৎসা সেবার পাশাপাশি পরিবার পরিকল্পনা, মা ও শিশু স্বাস্থ্যসেবা যথারীতি অব্যাহত আছে। | ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রের মা ও শিশু সেবা কার্যক্রম নিয়মিত পরিচালনা করা, সেবার মান বৃদ্ধি এবং পরিবার পরিকল্পনা পদ্ধতি বাস্তবায়নের নিমিত্ত মাঠকর্মীদের নিয়মিত বাড়ী বাড়ী গমনের বিষয়টি মনিটরিং করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা,জুড়ী |

**১৩,০০: সমবায় বিভাগঃ**

| ক্র: নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | উপজেলা সমবায় কর্মকর্তা, জুড়ী সভায় জানান যে, এ বিভাগের আওতাধীন সাধারণ প্রাথমিক সমবায় সমিতির সংখ্যা মোট ১২৯টি এবং কেন্দ্রীয় বিআরডিবি ০১টি। সমিতির অডিট, পরিদর্শন অব্যাহত আছে। লক্ষ্যমাত্রা অনুযায়ী ভ্রাম্যমান প্রশিক্ষণ সম্পন্ন করা হচ্ছে। এ বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | নিবন্ধিত সমিতিসমূহ নিয়মিত পরিদর্শন কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমবায় অফিসার, জুড়ী |

**১৪.০০: যুব উন্নয়ন অধিদপ্তর:**

| ক্রঃ নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, জুড়ী সভায় অনুপস্থিত থাকায় কোন বক্তব্য পাওয়া যায়নি। | আগামী সভায় উপস্থিত থাকার জন্য নোটিশ প্রদানের সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা নির্বাহী অফিসার, জুড়ী |

**১৫.০০: আমার বাড়ী আমার খামার প্রকল্প(পল্লী সঞ্চয় ব্যাংক জুড়ী) :**

| ক্রঃ নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ০১ | আমার বাড়ী আমার খামার এর শাখা ব্যবস্থাপক, জুড়ী সভায় জানান যে, মাসিক ঋণ আদায়ের লক্ষ্যমাত্রা ৬৪ লক্ষ টাকা এবং আদায় ১৬.০০ লক্ষ টাকা ।মাসিক ঋণ বিতরণ ২৪ লক্ষ টাকা । ঋণ আদায়ের হার ৬৪%। উপজেলায় সমিতি সংখ্যা- ১৯০, সদস্য সংখ্যা- ৮৩৯৬ জন, ঋণ গ্রহীতার সংখ্যা ৯৬১২ জন। উপজেলায় সর্বমোট ঋণ বিতরণ ১২,৮৩,২৮,৫০০.০০টাকা, উপজেলায় সর্বমোট ঋণ আদায় ৭,৫৪,২৩,৩৪৮.০০ টাকা। । কোভিড-১৯ এর কারণে ঋণ আদায় কম হচ্ছে মর্মে শাখা ব্যবস্থাপক সভাকে অবহিত করেন। | লক্ষ্যমাত্রা অনুযায়ী মাসিক ঋণ আদায় কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহিত হয়। | শাখা ব্যবস্থাপক, আমার বাড়ী আমার খামার প্রকল্প, জুড়ী। |

**১৬.০০: উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ :**

| ক্রঃ নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ০১ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, জুড়ী সভায় জানান যে, কোভিড-১৯ এর কারণে ঋণ আদায় কার্যক্রম কিছুটা হ্রাস পেয়েছে। তবে সদর দপ্তরের নির্দেশনা মোতাবেক ঋণ আদায় কার্যক্রম কিছুটা হ্রাস পেয়েছে। তবে সদর দপ্তরের নির্দেশনা মোতাবেক ঋণ আদায়ের ক্রাশ প্রোগ্রাম চলমান রয়েছে। ঋণ বিতরণ ও আদায়ের অগ্রগতি নিম্নে দেয়া হলো :<br><br>আবর্তক কৃষি ঋণ ক্রম পুঞ্জিভূত বিতরণ ৪২.৯৫ লক্ষ টাকা, ঋণ আদায় ২৩.৬২ লক্ষ টাকা, খেলাপি ঋণ ১০.৬৫ লক্ষ টাকা, আদায়ের হার ৫৫%। পল্লী প্রগতি কর্মসূচি ক্রম পুঞ্জিভূত বিতরণ ৩৬.৯২ লক্ষ টাকা, ঋণ আদায় ১৬.৮৩ লক্ষ টাকা, ঋণ খেলাপি ২০.০৯ লক্ষ টাকা, আদায়ের হার ৪৬%। সদাবিকের ক্রমপুঞ্জিভূত বিতরণ ১৪.৫৫ লক্ষ, ঋণ আদায় ১.৬০ লক্ষ টাকা, খেলাপি ঋণ ১১.২২ লক্ষ টাকা, আদায়ের হার ১৪%এবং অসচ্ছল বীর মুক্তিযোদ্ধা কর্মসূচির ক্রম পুঞ্জিভূত বিতরণ ৪.৭৯ লক্ষ টাকা, ঋণ আদায় ১.৭৪ লক্ষ টাকা, খেলাপি ঋণ ৩.০৫ লক্ষ টাকা, আদায়ের হার ৩৬%। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার জন্য উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, জুড়ী কে অনুরোধ জানানো হলো। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, জুড়ী |

**১৭.০০: বিদ্যুৎ উন্নয়ন বোর্ড / পল্লী বিদ্যুৎ সমিতি:**

| ক্রঃ নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ০১ | বিদ্যুৎ বিভাগের প্রতিনিধি সভায় জানান, উপজেলায় সময়মত বিদ্যুৎ সরবরাহের স্বার্থে প্রকল্প লাইন কর্তৃক নতুন লাইন নির্মাণ ও নবায়ন কাজ চলমান আছে। এছাড়া লাইনের জরুরী পরিচালন, মেরামত ও সংরক্ষণ কাজ চলমান আছে।<br>জুড়ী উপজেলার পল্লী বিদ্যুৎ সমিতির ইনচার্জ সভায় জানান, মৌলভীবাজার পল্লী বিদ্যুৎ এর কার্যক্রম চলমান আছে ও সরকারি ঘরে ১৮টি নতুন সংযোগ দেয়া হয়েছে এবং বিদ্যুৎ লাইনের নির্মাণ কাজ চলমান আছে। কাজ শেষ হওয়ার পর অবশিষ্ট গ্রাহকগণকে বিদ্যুৎ সংযোগ দেয়া হবে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার জন্য উপ-সহকারী প্রকৌশলী, বিউবো, জুড়ী ও ইনচার্জ পল্লী বিদ্যুৎ সমিতি, জুড়ী কে অনুরোধ জানানো হয়। | উপ-সহকারী প্রকৌশলী, বিউবো, জুড়ী ও ইনচার্জ পল্লী বিদ্যুৎ সমিতি, জুড়ী |

**১৮.০০: জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরঃ**

| ক্রঃ নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, জুড়ী বলেন, সমগ্র দেশ প্রকল্পের আওতায় গভীর নলকূপ স্থাপনের কাজ চলমান আছে। চা বাগানে চা শ্রমিকদের জন্য নিরাপদ সুপেয় পানি সরবরাহের লক্ষ্যে নলকূপ স্থাপনের কাজ চলমান আছে । হাওর প্রকল্পের আওতায় নলকূপ স্থাপন এবং ইম্প্রুভ ল্যাট্রিনের কাজ চলমান আছে। মুজিব বর্ষ উপলক্ষ্যে আশ্রয়হীনদের জন্য নির্মিত ঘরে সুপেয় পানি সরবরাহের লক্ষ্যে নলকূপ স্থাপনের কাজ চলমান আছে । | বিস্তারিত আলোচনান্তে বিভাগীয় কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনা করা সহ মুজিব বর্ষ উপলক্ষ্যে আশ্রয়হীনদের জন্য নির্মিত ঘরে সুপেয় পানি সরবরাহের লক্ষ্যে নলকূপ স্থাপনের কাজ দ্রুত সমাপ্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হয়। | উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য প্রকৌশল),জুড়ী |

**১৯.০০: মহিলা বিষয়ক অধিদপ্তরঃ**

| ক্রঃ নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা,জুড়ী এর প্রতিনিধি সভায় জানান,<br>**ভিজিডিঃ** ২০২১-২২ ভিজিডি চক্রে উপকারভোগীদের মধ্যে অক্টোবর/২১ মাসে পুষ্টি চাল উপকারভোগীদের মধ্যে সুষ্ঠুভাবে বিতরণ করা হয়েছে।<br>**দরিদ্র মা'র জন্য মাতৃত্বকালীন ভাতাঃ** এ কর্মসূচির আওতায় প্রতি মাসে প্রতি ইউনিয়নে ২৫ জন করে সর্বমোট ১৫০ জন ভাতাভোগী হিসেবে অন্তর্ভুক্ত করা হচ্ছে এবং নিয়মিতভাবে ভাতা প্রদান করা হচ্ছে।<br>**আই.জি.এ প্রশিক্ষণ প্রকল্প (অক্টোবর-ডিসেম্বর/২০২১)** :এ প্রকল্পের আওতায় ২০২১-২২ অর্থবছরে অক্টোবর-ডিসেম্বর/২১' মাস পর্যন্ত ০৩ মাস ব্যাপী প্রশিক্ষণ কোর্সে প্রশিক্ষনার্থীগণ প্রশিক্ষণ গ্রহণ করছে।<br>**কিশোর কিশোরী ক্লাব:** প্রতিটি ইউনিয়নের প্রতিটি ক্লাবের_কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিস্তারিত আলোচনান্তে বিভাগীয় কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার জন্য অনুরোধ জানানো হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, জুড়ী |

**২০. খাদ্য বিভাগ :**

| ক্রঃ নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, জুড়ী সভায় অনুপস্থিত থাকায় কোন বক্তব্য পাওয়া যায়নি। | আগামী সভায় উপস্থিত থাকার জন্য নোটিশ প্রদানের সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা নির্বাহী অফিসার, জুড়ী |

**২১. স্থানীয় সরকার বিভাগ (ইউজিডিপি) :**

| ক্র: নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | ইউডিএফ সভায় অনুপস্থিত থাকায় কোন বক্তব্য পাওয়া যায়নি। | আগামী সভায় উপস্থিত থাকার জন্য নোটিশ প্রদানের সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা নির্বাহী অফিসার, জুড়ী |

**২২.তথ্য আপা:**

| ক্র: নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | তথ্য আপা সভায় সভায় জানান, অক্টোবর/২১ মাসে গ্রামীন ১০০ জন মহিলাদের নিয়ে কৃষি এবং স্বাস্থ্য সচেতনতার উপর ২টি উঠান বৈঠক করা হচ্ছে, ডোর টু ডোর পর্যায়ে ৩৫০ জন মহিলাকে স্বাস্থ্য সেবা এবং কোভিড-১৯ সচেতনতা বিষয়ক সেবা প্রদান এবং তথ্য কেন্দ্রে ১২০ জন মহিলাকে স্বাস্থ্যসেবা ( ডায়াবেটিক,প্রেসার, ওজন পরিমাপ এবং করোনা ভ্যাকসিনের জন্য নিবন্ধন, ও দু:স্থ ,বিধবা প্রতিবন্ধি, প্রান্তিক ও সুবিধা বঞ্চিত জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন টেকসই উন্নয়নের ফরম বিতরণ)। | দু:স্থ, বিধবা প্রতিবন্ধি, প্রান্তিক ও সুবিধা বঞ্চিত জনগোষ্ঠীকে সহায়তা প্রদানের জন্য অনুরোধ জানানো হয়। | তথ্য আপা, জুড়ী |

**২৩. বিবিধ আলোচনা :**

| ক্র: নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | চেয়ারম্যান, ৭নং ফুলতলা ইউনিয়ন পরিষদ সভায় জানান, ফুলতলা বাজারে ঝড়ে পড়া ১টি রেইনট্রি গাছ ও ছোট ২টি আম গাছ মার্কেট কাজের নির্মাণের নিমিত্ত অপসারণ করা প্রয়োজন । এজন্য উক্ত গাছ গুলো নিলাম ডাকের অনুমতি প্রদানের জন্য তিনি অনুরোধ জানান।<br>উপজেলা নির্বাহী অফিসার, জুড়ী জানান, উপজেলা পরিষদের নিয়ন্ত্রণাধীন বিভিন্ন স্থানে মরা, ঝড়ে উপড়ে পড়া এবং বিভিন্ন ধরণের গাছ বিক্রির জন্য গঠিত কমিটিতে জেলা প্রশাসক মনোনীত একজন প্রতিনিধি রয়েছেন বিধায় প্রতিনিধি মনোনয়নের জন্য জেলা প্রশাসক, মৌলভীবাজার মহোদয় বরাবর অনুরোধ করা যেতে পারে। | সভায় আলোচনান্তে উপজেলা পরিষদের নিয়ন্ত্রণাধীন বিভিন্ন স্থানে মরা, ঝড়ে উপড়ে পড়া এবং বিভিন্ন ধরণের গাছ বিক্রির জন্য গঠিত কমিটিতে জেলা প্রশাসক মনোনীত একজন প্রতিনিধি রয়েছেন বিধায় প্রতিনিধি মনোনয়নের জন্য জেলা প্রশাসক, মৌলভীবাজার মহোদয় বরাবর অনুরোধ করার সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা নির্বাহী অফিসার, জুড়ী। |
| ০২ | উপজেলা নির্বাহী অফিসার, জুড়ী সভায় জানান যে, উপজেলা পরিষদ রাজস্ব তহবিল গঠন ও ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর ৩(খ) নং বিভিন্ন জাতীয় দিবস উদযাপন বাবদ ১,০০,০০০/-(এক লক্ষ) টাকা ব্যয়ের বরাদ্দ রাখা হয়েছে। বাস্তব অবস্থার প্রেক্ষিতে বিভিন্ন জাতীয় দিবস যেমন- ২৬ শে মার্চ স্বাধীনতা দিবসের বিভিন্ন অনুষ্ঠান, ১৬ ডিসেম্বর মহান বিজয় দিবস, ২১ শে ফেব্রুয়ারি আন্তর্জাতিক মাতৃ ভাষা দিবস সহ অন্যান্য দিবস উদযাপন উপলক্ষে ১,০০,০০০/-(এক লক্ষ) টাকার বেশী ব্যয় হয়ে থাকে । অন্যান্য বিভিন্ন দিবস উদযাপনে অতিরিক্ত ব্যয়িত অর্থ স্থানীয়ভাবে সংকুলান করা হয়। আগামী ১৬ ডিসেম্বর ২০২১ তারিখ মহান বিজয় দিবসে বিজয়ের সুবর্ণজয়ন্তী বর্ণাঢ্য ও জাঁকজমকপূর্ণ আয়োজনের লক্ষ্যে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে অর্থ ব্যয়ের জন্য প্রস্তাব করেন। | বিস্তারিত আলোচনান্তে ১৬ ডিসেম্বর ২০২১ তারিখ মহান বিজয় দিবসে বিজয়ের সুবর্ণজয়ন্তী বর্ণাঢ্য ও জাঁকজমকপূর্ণ আয়োজনের লক্ষ্যে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ২,০০,০০০/-(দুই লক্ষ) টাকা ব্যয়ের প্রশাসনিক অনুমোদনের জন্য স্থানীয় সরকার মন্ত্রণালয়ে পত্র প্রেরণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার, জুড়ী। |
| ০৩ | চেয়ারম্যান, উপজেলা পরিষদ সভায় জানান যে উপজেলা পরিষদ চেয়ারম্যানের বাসভবনে ইলেকট্রিক ও পানির পাইপ মেরামত বাবদ প্যারাডাইস কনস্ট্রাকসন ১৫০০০/- (পনের হাজার) টাকার বিল ভাউচার দাখিল করেছেন। উক্ত বিল পরিশোধের জন্য তিনি অনুরোধ জানান। | বিস্তারিত আলোচনান্তে জুড়ী উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের উপজেলা পরিষদ ভবন ও বাসাবাড়ী মেরামত/সংরক্ষণ/রংকরণ খাত হতে বাবদ প্যারাডাইস কনস্ট্রাকসন ১৫০০০/- (পনের হাজার) টাকা পরিশোধের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা চেয়ারম্যান ও উপজেলা নির্বাহী অফিসার, জুড়ী। |
| ০৪ | সভায় উপজেলা নির্বাহী অফিসার,জুড়ী এঁর নিরাপত্তার দায়িত্বে নিয়োজিত আনসারদের বাসভবনের বৈদ্যুতিক বাতি ,সিলিং ফ্যান, সুইচ ইত্যাদি সংযোজন ও মেরামত বাবদ ৯৬৩০/-(নয় হাজার ছয়শত ত্রিশ) টাকার বিল ভাউচার আলআমিন, অফিস সহায়ক, উপজেলা পরিষদ, জুড়ী কর্তৃক দাখিলকৃত বিল উপস্থাপন করা হয়। | বিস্তারিত আলোচনান্তে জুড়ী উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অপ্রত্যাশিত খাত হতে আলআমিন, অফিস সহায়ক, উপজেলা পরিষদ, জুড়ী বরাবর ৯৬৩০/-(নয় হাজার ছয়শত ত্রিশ) টাকা পরিশোধের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা চেয়ারম্যান ও উপজেলা নির্বাহী অফিসার, জুড়ী। |

উপজেলা নির্বাহী অফিসার, জুড়ী সভায় বলেন জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্বপ্নের সোনার বাংলা প্রতিষ্ঠায় অনুমোদিত উন্নয়ন প্রকল্পসমূহ গুণগত মান বজায় রেখে বাস্তবায়নের জন্য সকলের সুদৃষ্টি কামনা করেন। টেকসই উন্নয়নই অগ্রযাত্রার মূলমন্ত্র। পরিশেষে সকলের সুস্বাস্থ্য ও দীর্ঘায়ু এবং বর্ণিত সভার সিদ্ধান্তসমূহ বাস্তবায়নে সকলের আন্তরিক প্রচেষ্টা কামনা করেন।

জনাব এম.এ মোঈদ ফারুক, চেয়ারম্যান, জুড়ী উপজেলা পরিষদ সভায় বলেন যে, সরকারের উন্নয়নের ধারা অব্যাহত রাখতে হবে। তিনি মুক্তিযুদ্ধের চেতনায় দেশকে গড়ে তোলার প্রত্যয় ব্যক্ত করেন। পরিশেষে সুখী, সমৃদ্ধ ও উন্নত বাংলাদেশ বিনির্মাণে সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের অনুরোধ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(এম.এ মোঈদ ফারুক)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
জুড়ী, মৌলভীবাজার
তারিখ: ০২/ ১২/২০২১ খ্রি.।

স্মারকনং-০৫.৪৬.৫৮৩৫.০০৩.০১.০১০.১৯.৮২১ (৩৫)

অনুলিপি : সদয় অবগতির জন্যঃ-

০১. মাননীয় মন্ত্রী,পরিবেশ,বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
০২. সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার,পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩. কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।
০৪. পরিচালক, স্থানীয় সরকার,সিলেট বিভাগ, সিলেট।
০৫. জেলা প্রশাসক, মৌলভীবাজার।
০৬. উপ-পরিচালক, স্থানীয় সরকার,মৌলভীবাজার।

অনুলিপি : জ্ঞাতার্থে ও কার্যার্থেঃ-

০১. ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, জুড়ী উপজেলা পরিষদ,জুড়ী।
০২. উপজেলা ........................................................জুড়ী।
০৩. চেয়ারম্যান........................................................ইউ/পি, জুড়ী (সকল)
০৪. জনাব ............................................................................।

০২/১২/২১

(সোনিয়া সুলতানা)
উপজেলা নির্বাহী অফিসার
জুড়ী,মৌলভীবাজার
ফোন-০৮৬২৭৫৭০০১

সভায় জন প্রতিনিধি উপস্থিতির তালিকাঃ-

০১.চেয়ারম্যান, জুড়ী উপজেলা পরিষদ,জুড়ী।
০২.ভাইস চেয়ারম্যান,জুড়ী উপজেলা পরিষদ, জুড়ী।
০৩.মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জুড়ী।
০৪. চেয়ারম্যান, পশ্চিমজুড়ী ইউপি
০৫. চেয়ারম্যান, গোয়ালবাড়ী ইউপি
০৬.চেয়ারম্যান,সাগরনাল ইউ/পি।
০৭ চেয়ারম্যান,পূর্বজুড়ী ইউ/পি।
০৮. জনাব মিনারা বেগম সদস্য,জুড়ী উপজেলা পরিষদ,জুড়ী।
০৯. জনাব আফিয়া বেগম,সদস্য জুড়ী উপজেলা পরিষদ

সভায় কর্মকর্তা উপস্থিতির তালিকাঃ-

০১. উপজেলা নির্বাহী অফিসার, জুড়ী।
০২. উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, জুড়ী।
০৩. উপজেলা কৃষি কর্মকর্তা, জুড়ী।
০৪. উপজেলা প্রকৌশলী, জুড়ী।
০৫. উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, জুড়ী।
০৬.উপজেলা সমাজসেবা কর্মকর্তা, জুড়ী।
০৬. উপজেলা মৎস্য কর্মকর্তা, জুড়ী
০৭. উপজেলা শিক্ষা কর্মকর্তা, জুড়ী।
০৮. উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, জুড়ী
০৯ উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, জুড়ী
১০. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, জুড়ী
১১. উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, জুড়ী।
১২. উপ-সহকারী প্রকৌশলী, বিউবো, জুড়ী।
১৩. উপজেলা সমবায় কর্মকর্তা, জুড়ী।
১৪. উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা, জুড়ী।
১৫. শাখা ব্যবস্থাপক, আমার বাড়ী আমার খামার প্রকল্প
১৬. উপ সহকারী প্রকৌশলী, বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, জুড়ী
১৭. ইন্টার্কপল্লী বিদ্যুৎ জুড়ী
১৮. রেঞ্জ কর্মকর্তা, জুড়ী।
১৯. উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য অধিদপ্তর,জুড়ী
২০. তথ্য আপা, জুড়ী

সভায় অনুপস্থিতির তালিকাঃ-

১. চেয়ারম্যান, জায়ফরনগর ইউপি
২.চেয়ারম্যান, ফুলতলা ইউপি
৩.উপজেলা উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, জুড়ী।
৪. উপজেলা শিক্ষা কর্মকর্তা, জুড়ী।
৫. উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, জুড়ী
৬. ইউডিএফ, জুড়ী

উপজেলা পরিষদ

জুড়ী, মৌলভীবাজার

মৌলভীবাজার জেলার জুড়ী উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব এম.এ মোঈদ ফারুক, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জুড়ী, মৌলভীবাজার।
সভার স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, জুড়ী।
সভার তারিখ : ৩০/১২/২০২১ খ্রি., সময়- সকাল ১১.৩০ ঘটিকা।
সভার উপস্থিতি : পরিশিষ্ট 'ক' সংযুক্ত।

**বিগত সভার কার্যবিবরণী উপস্থাপন ও অনুমোদন:** সভাপতি মহোদয় সভায় উপস্থিত সকল সদস্য ও বিভাগীয় কর্মকতাগণকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অত:পর তিনি নবনির্বাচিত ইউপি চেয়ারম্যানগণকে শুভেচ্ছা জানিয়ে সভা পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসার, জুড়ী কে অনুরোধ করেন। উপজেলা নির্বাহী অফিসার, জুড়ী উপস্থিত নবর্বিাচিত ইউপি চেয়ারম্যানসহ সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। বিগত ২৫/১১/২০২১ খ্রি. তারিখে অনুষ্ঠিত জুড়ী উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী পাঠ করে শুনান। পঠিত কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা দৃঢ়ীকরণ করা হয়। বিভাগওয়ারী আলোচনা ও সিদ্ধান্তসমূহ নিম্নরূপ :

**০১.০০ স্বাস্থ্য বিভাগ:-**

| ক্র:নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | উপজেলা স্বাস্থ্য ও প:প: কর্মকর্তা, জুড়ী সভায় জানান, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স জুড়ীতে কোভিড-১৯ এর বোষ্টার ডোজ প্রদানের কার্যক্রম চলমান আছে। ১২ থেকে ১৭ বছর বয়সী স্কুলের ছাত্র-ছাত্রীদের ফাইজার ভ্যাকসিন প্রদান আগামী ০৪/০১/২০২২ খ্রি. তারিখ পর্যন্ত চলমান থাকবে। প্রতিটি ইউনিয়নের ওয়ার্ড পর্যায়ে সপ্তাহে ২দিন ভ্যাকসিন প্রদান চলমান থাকবে। | বিস্তারিত আলোচনান্তে স্বাস্থ্যবিধি অনুসরণ করে ভ্যাকসিন প্রদান অব্যাহত রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা স্বাস্থ্য ও প:প: কর্মকর্তা, জুড়ী। |

**০২.০০ কৃষি বিভাগঃ**

| ক্র:নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | উপজেলা কৃষি কর্মকর্তা, জুড়ী সভায় বলেন, এ বছর খরিফ-২/২০২১-২২ মৌসুমে ৮৪৬০ হে. জমিতে আবাদকৃত আমনের ২৮% কর্তন সম্পন্ন হয়েছে। নতুনজাত সম্প্রসারণসহ বিভিন্ন প্রযুক্তি ব্যবহারের ফলে গত বছরের তুলনায় এ বছর ফলন ও উৎপাদন বৃদ্ধি পেয়েছে।তিনি আরো জানান যে, রবি /২০২১-২২ মৌসুমে বোরো আবাদের লক্ষ্যমাত্রা ৫৭৮৫ হেক্টর। বোরো বীজতলা তৈরির কাজ চলমান রয়েছে । বোরো ফসলে উচ্চ ফলনশীল নতুন জাতের আবাদ বৃদ্ধির জন্য কৃষক ভাইদেরকে নিমিত পরামর্শ প্রদান অব্যাহত রয়েছে। বর্তমানে সার ও বীজের কোন সংকট নেই। | পতিত জমি কৃষি উপযোগী করার বিষয়ে ও বোরো ফসলে উচ্চ ফলনশীল নতুন জাতের আবাদ বৃদ্ধির জন্য কৃষকদের পরামর্শ প্রদান এবং সার উত্তোলনের বিষয়টি নিয়মিত মনিটরিং করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি কর্মকর্তা, জুড়ী |

**০৩.০০. স্থানীয় সরকার প্রকৌশল বিভাগ :**

| ক্র:নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | উপজেলা প্রকৌশলী, জুড়ী সভায় জানান, উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন ও শারীরিক নিরাপত্তায় আনসার সদস্যদের আবাসন ভবন নির্মাণের জন্য স্থানীয় সরকার মন্ত্রণালয় হতে ১৫(পনের) লক্ষ টাকা বরাদ্দ পাওয়া গিয়েছে। উক্ত আবাসন ভবন নির্মাণের জন্য নির্বাচিত স্থান সরেজমিন পরিদর্শনকালে দেখা যায় সাইট নিচু ও দ্রব্য মূল্যের উর্ধ্বগতির কারণে বরাদ্দকৃত অর্থ দ্বারা প্রকল্পটি বাস্তবায়ন করা সম্ভব নয়। বাস্তব অবস্থার প্রেক্ষিতে আনসার সদস্যদের আবাসন ভবন নির্মাণের জন্য অতিরিক্ত অর্থ প্রয়োজন। এমতাবস্থায়, আনসার সদস্যদের আবাসন ভবন নির্মাণের জন্য ২২,১৬,৩৭৬/-(বাইশ লক্ষ ষোল হাজার তিনশত ছিয়াত্তর) টাকার একটি প্রাক্কলন সভায় উপস্থাপন করেন। | বিস্তারিত আলোচনান্তে উপজেলা প্রকৌশলী, জুড়ী কর্তৃক উপস্থাপিত আনসার সদস্যদের আবাসন ভবন নির্মাণের প্রাক্কলনটি বাস্তব অবস্থার প্রেক্ষিতে সর্বসম্মতিক্রমে গৃহীত ও অনুমোদিত হয়। উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন ও শারীরিক নিরাপত্তায় আনসার সদস্যদের আবাসন ভবন নির্মাণের জন্য স্থানীয় সরকার মন্ত্রণালয় হতে যেহেতু ১৫(পনের লক্ষ) টাকা বরাদ্দ পাওয়া গিয়েছে এবং প্রাক্কলন মোতাবেক অতিরিক্ত ৭,১৬,৩৭৬/-(সাত লক্ষ ষোল হাজার তিনশত ছিয়াত্তর) টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ব্যয়ের অনুমতি প্রদানের জন্য স্থানীয় সরকার মন্ত্রণালয় বরাবর পত্র প্রেরণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | ১.উপজেলা নির্বাহী অফিসার, জুড়ী। ২.উপজেলা প্রকৌশলী, জুড়ী |

| | | | |
|---|---|---|---|
| ০২ | উপজেরা প্রকৌশলী, জুড়ী সভায় জানান যে, ২০২১-২২ অর্থ বছরের উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল ও এডিপি এর প্রকল্পসমূহ বাস্তবায়নের জন্য অনলাইনে দরপত্র আহ্বান করা হয়েছে। অনুমোদিত পিআইসি এর প্রকল্পসমূহ দ্রুত বাস্তবায়নের জন্য তাগিদ প্রদান করা হয়েছে।<br>উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প(ইউজিডিপি) এর ৩য় পর্যায়ের আওতায় উপজেলার বিভিন্ন গুরুত্বপূর্ণ বাজার ও মোড়ে সোলার সড়ক বাতি স্থাপন" উপ-প্রকল্পটির কাজ ১০০% সমাপ্ত হয়েছে। উপ-প্রকল্পটির ডিজাইন, প্রাক্কলন অনুযায়ী সংশ্লিষ্ট ঠিকাদারী প্রতিষ্ঠান কাজটি সমাপ্ত করেছেন। বিল পরিশোধের জন্য ঠিকাদার আবেদন করেছেন। | বিস্তারিত আলোচনান্তে সংশ্লিষ্ট ঠিকাদারী প্রতিষ্ঠানকে বিল প্রদানের পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হয়। | ১.উপজেলা প্রকৌশলী, জুড়ী।<br>২. উপজেলা প্রকৌশলী, জুড়ী। |

**০৪.০০: প্রাণিসম্পদ বিভাগঃ**

| ক্র: নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, জুড়ী সভায় জানান, সমতল ভূমিতে বসবাসরত ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর জীবনমান উন্নয়নে সমন্বিত প্রাণিসম্পদ প্রকল্পের আওতায় ৩৭ জন সুফলভোগীকে ১টি করে মোট ৩৭টি শংকর জাতের বকনা বিতরণ করা হবে। | বিস্তারিত আলোচনান্তে তালিকা অনুযায়ী সুফলভোগীদের মধ্যে যথাযথভাবে বিতরণের ব্যবস্থা গ্রহণের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | ইউপি চেয়ারম্যানগণ (সকল) |

**৫.০০ মৎস্য বিভাগ :**

| ক্র: নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | উপজেলা মৎস্য কর্মকর্তা, জুড়ী সভায় জানান যে, এ উপজেলায় মৎস্য অধিদপ্তর ও FAO এর আর্থিক সহায়তায় ৩টি প্রকল্পের মাধ্যমে ৯০জন মৎস্যজীবি ও মৎস্য চাষীকে মৎস্য চাষ এবং মৎস্য ব্যবস্থাপনায় জলবায়ু সহনশীলতার ধারণা বিষয়ক প্রশিক্ষণ প্রদান করা হয়। ২০ জন মৎস্য চাষীকে মৎস্য চাষ ও বিভিন্ন বিষয়ে পরামর্শ প্রদান করা হয়। | প্রকৃত মৎস্যজীবিরা যাতে প্রশিক্ষণের সুযোগ পায় সেদিকে সজাগ দৃষ্টি রাখার জন্য অনুরোধ জানানো হয়। | উপজেলা মৎস্য কর্মকর্তা, জুড়ী। |

**০৬.০০: মাধ্যমিক শিক্ষা বিভাগঃ**

| ক্র:নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | উপজেলা একাডেমিক সুপারভাইজার, জুড়ী সভায় জানান যে, ২০২১ সালের এইচএসসি পরীক্ষা সুষ্ঠভাবে সম্পন্ন হয়েছে। ১লা জানুয়ারী ২০২২ হতে সকল বিদ্যালয়ে নতুন বই বিতরণ করা হবে। ১২-১৭ বছর বয়সী সকল শিক্ষার্থীদের কোভিড-১৯ এর ভ্যাকসিন প্রদান করা হবে। | সকল শিক্ষার্থীদেরকে ভ্যাকসিন প্রদানের বিষয়ে প্রয়োজনীয় সহযোগিতা প্রদানের অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা একাডেমিক সুপারভাইজার, জুড়ী |

**০৭.০০ প্রাথমিক শিক্ষা বিভাগঃ**

| ক্র:নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | উপজেলা শিক্ষা অফিসার, জুড়ী সভায় জানান যে, ২০২১ শিক্ষাবর্ষের শ্রেণী কার্যক্রম অনুযায়ী শিক্ষার্থীদের মূল্যায়নের মাধ্যমে ফলাফল ঘোষণা করা হয়েছে। ২০২২ সালের নতুন শিক্ষার্থী ভর্তি কার্যক্রম আগামী ১লা জানুয়ারী ২০২২ থেকে সকল বিদ্যালয়ে চলবে এবং বই বিতরণ করা হবে। | বিস্তারিত আলোচনান্তে শিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশনা অনুযায়ী ২০২২ সালের শিক্ষা কার্যক্রম পরিচালনার পরবর্তী ব্যবস্থা গ্রহণের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার, জুড়ী |

**০৮.০০ ত্রাণ বিভাগঃ (প্রকল্প বাস্তবায়ন অফিস)**

| ক্র:নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, জুড়ী সভায় অনুপস্থিত থাকায় উক্ত বিভাগের কার্যক্রম বিষয়ে আলোচনা করা সম্ভব হয়নি। | আগামী সভায় উপস্থিত থাকার জন্য বলা হলো। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, জুড়ী |

০৯.০০: আনসার ও ভিডিপি বিভাগঃ

| ক্র: নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, জুড়ী এর প্রতিনিধি সভায় জানান যে, সকল ইউনিয়নের আনসার ও ভিডিপি দলনেতা/দলনেত্রী ও কোম্পানী কমান্ডারদের নিয়ে আয়োজিত সভায় চোরাচালান এবং মাদক সম্পর্কিত খবরা খবর জুড়ী থানাকে অবহিত করার নির্দেশনা দেয়া হয়েছে। তাছাড়া জানুয়ারী মাসে সেলাই ও কম্পিউটার প্রশিক্ষণ আয়োজন করা হবে। | বিভাগীয় সকল কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা আনসার ও ভিডিপি অফিসার, জুড়ী |

১০.০০: বন বিভাগঃ

| ক্র: নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | সহকারী বন সংরক্ষক, জুড়ী রেঞ্জ, সভায় জনান যে, বন বিভাগেরর পুন:বনায়ন ও অবকাঠামো উন্নয়ন প্রকল্পের আওতায়, জুড়ী রেঞ্জের পুটিছড়া, সাগরনাল, রাগনা ও লাটিটিলা বিটে ২৫.০০ হেক্টর করে মোট ১০০ হেক্টর ভূমিতে সৃজিত বনায়নের উপকারভোগীদের তালিকা কর্তৃপক্ষ বরাবর প্রেরণ করা হয়েছে। উপকারভোগীর তালিকা চূড়ান্ত হলে সভায় উপস্থাপন করা হবে। | বিস্তারিত আলোচনান্তে নির্বাচিত উপকারভোগীদের তালিক পৃথকভাবে প্রস্তুতক্রমে আগামী সভায় উপস্থাপনের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | সহকারী বন সংরক্ষক, জুড়ী রেঞ্জ। |

১১.০০: সমাজসেবা বিভাগঃ

| ক্র: নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, জুড়ী সভায় জানান যে, ২০২১-২২ অর্থবছরের ১ম কিস্তির বয়স্ক, বিধবা, প্রতিবন্ধী, অনগ্রসর ও বেদে ভাতা এবং প্রতিবন্ধী শিক্ষা উপবৃত্তি, অনগ্রসর শিক্ষা বৃত্তি, বেদে শিক্ষা উপবৃত্তির টাকা বিতরণ বিকাশ এজেন্টের মাধ্যমে চলমান আছে। চা-শ্রমিকদের জীবনমান উন্নয়নে এককালীন ৫০০০/-(পাঁচ হাজার) টাকা হারে চেক বিতরণ চলমান আছে। | বিস্তারিত আলোচনান্তে ভাতা সংক্রান্ত কোন অভিযোগ পাওয়া গেলে তা তাৎক্ষণিকভাবে সমাধানের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১.উপজেলা সমাজসেবা কর্মকর্তা, জুড়ী। |

১২.০০: উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ :

| ক্র: নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, জুড়ী সভায় জানান যে, এ বিভাগের সকল কার্যক্রম নিয়মিতভাবে চলমান আছে। ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে নিয়মিত চিকিৎসা সেবা প্রদান করা হচ্ছে। মা ও শিশুর স্বাস্থ্য সুরক্ষা বিষয়ে সচেতনতামূলক কার্যক্রম অব্যাহত আছে। | নিয়মিত স্বাস্থ্য সেবা বিষয়ে পরামর্শ প্রদানের জন্য অনুরোধ জনানো হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, জুড়ী। |

১৩.০০: সমবায় বিভাগঃ

| ক্র: নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | উপজেলা সমবায় কর্মকর্তা, জুড়ী সভায় জানান যে, এ বিভাগের আওতাধীন সাধারণ প্রাথমিক সমবায় সমিতির সংখ্যা মোট ১২৯টি এবং কেন্দ্রীয় বিআরডিবি ০১টি। সমিতির অডিট, পরিদর্শন অব্যাহত আছে। লক্ষ্যমাত্রা অনুযায়ী ভ্রাম্যমান প্রশিক্ষণ সম্পন্ন করা হচ্ছে। এ বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | নিবন্ধিত সমিতিসমূহ নিয়মিত পরিদর্শন কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমবায় অফিসার, জুড়ী |

১৪.০০: যুব উন্নয়ন অধিদপ্তর:

| ক্র: নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, জুড়ী সভায় অনুপস্থিত থাকায় কোন বক্তব্য পাওয়া যায়নি। | আগামী সভায় কার্যপত্রসহ উপস্থিত থাকার জন্য বলা হলো। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, জুড়ী |

**১৫.০০: আমার বাড়ী আমার খামার প্রকল্প(পল্লী সঞ্চয় ব্যাংক জুড়ী) :**

| ক্রঃ নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ০১ | আমার বাড়ী আমার খামার এর শাখা ব্যবস্থাপক, জুড়ী সভায় জানান যে, মাসিক ঋণ আদায়ের লক্ষ্যমাত্রা ৪৮ লক্ষ টাকা এবং আদায় ৬৬.০০ লক্ষ টাকা, আদায়ের হার ৬৮% । এ উপজেলায় সর্বমোট মাসিক ঋণ বিতরণ ২৪ লক্ষ টাকা । ঋণ আদায়ের হার ৬৪%। সর্বমোট ঋণ বিতরণ ১১.৫২ কোটি টাকা এবং আদায় ৭.৮৩ কোটি টাকা। | লক্ষ্যমাত্রা অনুযায়ী মাসিক ঋণ বিতরণ ও আদায় কার্যক্রম অব্যাহত রাখার ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহিত হয়। | শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক। |

**১৬.০০: উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ :**

| ক্রঃ নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ০১ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, জুড়ী সভায় জানান যে, কোভিড-১৯ এর কারণে ঋণ আদায় কার্যক্রম কিছুটা হ্রাস পেয়েছে। তবে সদর দপ্তরের নির্দেশনা মোতাবেক ঋণ আদায় কার্যক্রম কিছুটা হ্রাস পেয়েছে। তবে সদর দপ্তরের নির্দেশনা মোতাবেক ঋণ আদায়ের ক্রাশ প্রোগ্রাম চলমান রয়েছে। ঋণ বিতরণ ও আদায়ের অগ্রগতি নিম্নে দেয়া হলো :<br><br>আবর্তক কৃষি ঋণ ক্রম পুঞ্জিভূত বিতরণ ২৫.০০ লক্ষ টাকা, ঋণ আদায় ১৪.২২ লক্ষ টাকা, খেলাপি ঋণ ৯.৪৫ লক্ষ টাকা, আদায়ের হার ৫৬%। পল্লী প্রগতি কর্মসূচি ক্রম পুঞ্জিভূত বিতরণ ৩৬.৯২ লক্ষ টাকা, ঋণ আদায় ১৬.৮৫ লক্ষ টাকা, ঋণ খেলাপি ২০.০৭ লক্ষ টাকা, আদায়ের হার ৪৬%। সদাবিকের ক্রম পুঞ্জিভূত ঋণ বিতরণ ১৪.৫৫ লক্ষ, ঋণ আদায় ১.৬০ লক্ষ টাকা, খেলাপি ঋণ ১১.২২ লক্ষ টাকা, আদায়ের হার ১৪%এবং অসচ্ছল বীর মুক্তিযোদ্ধা কর্মসূচির ক্রম পুঞ্জিভূত বিতরণ ৪.৭৯ লক্ষ টাকা, ঋণ আদায় ১.৭৪ লক্ষ টাকা, খেলাপি ঋণ ৩.০৫ লক্ষ টাকা, আদায়ের হার ৩৬%। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনাসহ ঋণ আদায় বৃদ্ধির জন্য উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, জুড়ী কে অনুরোধ জানানো হলো। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, জুড়ী |

**১৭.০০: বিদ্যুৎ উন্নয়ন বোর্ড / পল্লী বিদ্যুৎ সমিতি:**

| ক্রঃ নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ০১ | বিদ্যুৎ বিভাগের প্রতিনিধি সভায় জানান, উপজেলায় সময়মত বিদ্যুৎ সরবরাহের স্বার্থে নতুন লাইন নির্মাণ ও নবায়ন কাজ চলমান আছে। এ উপজেলার আশ্রয়ণ প্রকল্পের ঘরসমূহে বিদ্যুৎ সংযোগ প্রদান করা হয়েছে। বকেয়া বিদ্যুৎ বিল আদায়ের লক্ষ্যে সংযোগ ভ্রাম্যমান আদালত চলমান আছে।<br>জুড়ী উপজেলার পল্লী বিদ্যুৎ সমিতির ইনচার্জ সভায় জানান, মৌলভীবাজার পল্লী বিদ্যুৎ এর কার্যক্রম চলমান আছে ও সরকারি ঘরে ১৮টি নতুন সংযোগ দেয়া হয়েছে এবং বিদ্যুৎ লাইনের নির্মাণ কাজ চলমান আছে। কাজ শেষ হওয়ার পর অবশিষ্ট গ্রাহগণকে বিদ্যুৎ সংযোগ দেয়া হবে। | নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ অব্যাহত রাখার ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হলো। | উপ-সহকারী প্রকৌশলী, বিউবো, জুড়ী ও ইনচার্জ পল্লী বিদ্যুৎ সমিতি, জুড়ী |

**১৮.০০: জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরঃ**

| ক্রঃ নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, জুড়ী সভায় অনুপস্থিত থাকায় উক্ত বিভাগের আলোচনা করা সম্ভব হয়নি। | আগামী সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য বলা হলো। | উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য প্রকৌশল),জুড়ী |

**১৯.০০: মহিলা বিষয়ক অধিদপ্তরঃ**

| ক্রঃ নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, জুড়ী সভায় অনুপস্থিত থাকায় উক্ত বিভাগের আলোচনা করা সম্ভব হয়নি। | আগামী সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য বলা হলো। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, জুড়ী |

**২০. খাদ্য বিভাগ :**

| ক্রঃ নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, জুড়ী সভায় জানান যে, জুড়ী খাদ্য গুদামে বর্তমানে ১৩৭.৬৫৭ মে. টন গম ও ৩৭০.৪৪৯ মে.টন চাল মজুদ আছে। অভ্যন্তরীণ আমন সংগ্রহ ২০২১-২২ এর আওতায় ৪৬৯ মে.টন লক্ষ্যমাত্রার বিপরীতে এখন পর্যন্ত ৫১ মে.টন আমন ধান সংগ্রহ করা হয়েছে। ধান সংগ্রহে 'কৃষকের অ্যাপ' ব্যবহার করে অনলাইনে কৃষক নিবন্ধন, লটারী, ক্রয় এবং অর্থ পরিশোধ করা হচ্ছে। | প্রকৃত কৃষকের নিকট থেকে ধান সংগ্রহের বিষয়টি তদারকির জন্য অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, জুড়ী। |

**২১. স্থানীয় সরকার বিভাগ (ইউজিডিপি) :**

| ক্র: নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | ইউডিএফ, জুড়ী সভায় অনুপস্থিত থাকায় আলোচনা করা সম্ভব হয়নি। | আগামী সভায় উপস্থিত থাকার জন্য বলা হলো। | ইউডিএফ, ইউজিডিপি, জুড়ী। |

**২২.তথ্য আপা:**

| ক্র: নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | তথ্য আপা সভায় সভায় জানান, নভেম্বর ডিসেম্বর/২১ মাসে ৬টি উঠান বৈঠক সম্পন্ন করা হয়েছে। ডোর টু ডোর পর্যায়ে ৫০০ জন গ্রামীণ মহিলাদের স্বাস্থ্য সচেতনতা, কোভিড-১৯ সচেতনতা বিষয়ে প্রচার প্রচারণা চলমান আছে। তথ্য কেন্দ্রের মাধ্যমে ৩০০ জন মহিলা আই.জি.এ আবেদন করেছেন। ২০ জন মহিলাকে কোভিড-১৯ টিকা গ্রহণের জন্য অনলাইনে নিবন্ধন করা হয়েছে। | দু:স্থ, বিধবা প্রতিবন্ধি, প্রান্তিক ও সুবিধা বঞ্চিত জনগোষ্ঠীকে আরো অধিক সেবা প্রদানের বিষয়টি নিশ্চিত করার অনুরোধ জানানো হয়। | তথ্য সেবা কর্মকর্তা, তথ্য আপা, জুড়ী |

**২৩. বিবিধ আলোচনা :**

| ক্র: নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | চেয়ারম্যান, পূর্বজুড়ী ইউপি সভায় বলেন এলজিইডির আওতাধীন উপজেলা শহর(নন-মিউনিসিপ্যাল) মাষ্টার প্ল্যান প্রণয়ন ও মৌলিক অবকাঠামো উন্নয়ন প্রকল্পের মাধ্যমে " নয়াবাজার RHD হতে টালিয়াউরা ভায়া বড়ধামাই জিপিএস" রাস্তাটি ১.০০ কি.মি. দৈর্ঘ্য পাকা করণের জন্য প্রস্তাব করেন। | বিস্তারিত আলোচনান্তে এলজিইডির আওতাধীন উপজেলা শহর(নন-মিউনিসিপ্যাল) মাষ্টার প্ল্যান প্রণয়ন ও মৌলিক অবকাঠামো উন্নয়ন প্রকল্পের মাধ্যমে " নয়াবাজার RHD হতে টালিয়াউরা ভায়া বড়ধামাই জিপিএস" রাস্তাটি ১.০০ কি.মি. দৈর্ঘ্য পাকা করণের প্রস্তাবটি সভায় গৃহীত হয় এবং প্রকল্পটির প্রাক্কলন তৈরি করে প্রকল্প পরিচালক বরাবর প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী, জুড়ী। |
| ০১ | চেয়ারম্যান, উপজেল পরিষদ, জুড়ী সভায়ে উপজেলা পরিষদ চেয়ারম্যান এর বাসভবনে পানির নতুন মটর সংযোজন, পানির লাইন মেরামত ও নীচতলার বৈদ্যুতিক কাজ বাবদ ২৪,৫০০/-টাকার বিল ভাউচার সভায় উপস্থাপন করেন। উক্ত বিল পরিশোধের জন্য প্রস্তাব করেন। | বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদ চেয়ারম্যান এর বাসভবনে পানির নতুন মটর সংযোজন, পানির লাইন মেরামত ও নীচতলার বৈদ্যুতিক কাজ বাবদ ২৪,৫০০/- টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের বাসাবাড়ী মেরামত ও সংরক্ষণ খাত হতে সংশ্লিষ্ট বরাবর পরিশোধের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | ১.চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জুড়ী ২.উপজেলা নির্বাহী অফিসার, জুড়ী। |
| ০২ | সভায় উপজেলা পরিষদের জুলাই/২১ হতে নভেম্বর/২১ পর্যন্ত সময়ে ইন্টারনেট বিল বাবদ ৩২,৫০০/-(বত্রিশ হাজার পাঁচশত) টাকার বিল ভাউচার ষ্টার টিভি ক্যাবল নেটওয়ার্ক, জুড়ী কর্তৃক চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জুড়ী বরাবর দাখিল করেন। | বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের ইন্টারনেট বিল খাত হতে সংশ্লিষ্ট বরাবর পরিশোধের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ০৩ | সভায় উপজেলা পরিষদের সিসি ক্যামেরার লাইন মেরামত বাবদ ৩৫০০/-(তিন হাজার পাঁচশত) টাকার বিল ভাউচার উপস্থাপন করা হয়। | আলোচনান্তে সিসি ক্যামেরার লাইন মেরামত বাবদ দাখিলকৃত ৩৫০০/-(তিন হাজার পাঁচশত) টাকা উপজেলা পরিসদ রাজস্ব তহবিলের ক্লোজ সার্কিট ক্যামরা ক্রয় খাত হতে পরিশোধের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | |

উপজেলা নির্বাহী অফিসার, জুড়ী সভায় বলেন জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্বপ্নের সোনার বাংলা প্রতিষ্ঠায় সকলকে ঐক্যবদ্ধভাবে কাজ করতে হবে। উন্নয়ন প্রকল্পসমূহ গুণগত মান বজায় রেখে বাস্তবায়নের জন্য সকলের সুদৃষ্টি কামনা করেন। পরিশেষে সকলের সুস্বাস্থ্য ও দীর্ঘায়ু এবং বর্ণিত সভার সিদ্ধান্তসমূহ বাস্তবায়নে সকলের আন্তরিক প্রচেষ্টা কামনা করেন।

জনাব এম.এ মোঈদ ফারুক, চেয়ারম্যান, জুড়ী উপজেলা পরিষদ সভায় বলেন যে, সরকারের উন্নয়নের ধারা অব্যাহত রাখতে হবে। মুক্তিযুদ্ধের চেতনায় দেশকে গড়ে তুলতে হবে। পরিশেষে সুখী, সমৃদ্ধ ও উন্নত বাংলাদেশ বিনির্মাণে সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের অনুরোধ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(এম.এ মোঈদ ফারুক)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
জুড়ী, মৌলভীবাজার

স্মারকনং-০৫.৪৬.৫৮৩৫.০০৩.০১.০১০.১৯.১৫ তারিখ: ০৬/ ০১/২০২২ খ্রি.।

অনুলিপি : সদয় অবগতির জন্যঃ-

০১. মাননীয় মন্ত্রী,পরিবেশ,বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
০২. সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার,পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩. কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।
০৪. পরিচালক, স্থানীয় সরকার,সিলেট বিভাগ, সিলেট।
০৫. জেলা প্রশাসক, মৌলভীবাজার।
০৬. উপ-পরিচালক, স্থানীয় সরকার,মৌলভীবাজার।

অনুলিপি : জ্ঞাতার্থে ও কার্যার্থেঃ-

০১. ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, জুড়ী উপজেলা পরিষদ,জুড়ী।
০২. উপজেলা ..........................................................জুড়ী।
০৩. চেয়ারম্যান..........................................................ইউ/পি, জুড়ী (সকল)
০৪. জনাব ..........................................................।

(সোনিয়া সুলতানা)
উপজেলা নির্বাহী অফিসার
জুড়ী,মৌলভীবাজার
ফোন-০৮৬২৭৫৭০০১

**সভায় জনপ্রতিনিধি উপস্থিতির তালিকাঃ-**

০১.চেয়ারম্যান, জুড়ী উপজেলা পরিষদ,জুড়ী।
০২.ভাইস চেয়ারম্যান,জুড়ী উপজেলা পরিষদ, জুড়ী।
০৩.মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জুড়ী।
০৪. চেয়ারম্যান, পশ্চিমজুড়ী ইউপি
০৫. চেয়ারম্যান, গোয়ালবাড়ী ইউপি
০৬.চেয়ারম্যান,সাগরনাল ইউ/পি।
০৭ চেয়ারম্যান,পূর্বজুড়ী ইউ/পি।
০৮. জনাব মিনারা বেগম সদস্য,জুড়ী উপজেলা পরিষদ,জুড়ী।
০৯. জনাব আফিয়া বেগম,সদস্য জুড়ী উপজেলা পরিষদ

**সভায় কর্মকর্তা উপস্থিতির তালিকাঃ-**

০১. উপজেলা নি ্হী অফিসার, জুড়ী।
০২. উপজেলা স্বা ্য ও পঃ পঃ কর্মকর্তা, জুড়ী।
০৩. উপজেলা ক ্ষি কর্মকর্তা, জুড়ী।
০৪. উপজেলা প্রকৌশলী, জুড়ী।
০৫. উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, জুড়ী।
০৬. উপজেলা মৎস্য কর্মকর্তা, জুড়ী।
০৭. উপজেলা শিক্ষা কর্মকর্তা, জুড়ী।
০৮. উপজে ‍া সমাজসেবা কর্মকর্তার প্রতিনিধি,জুড়ী।
০৯.উপজে ‍া মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, জুড়ী।
১০. উপজে া পল্লী উন্নয়ন কর্মকর্তা, জুড়ী।
১১.উপজে া পরিবার পরিকল্পনা কর্মকর্তা, জুড়ী।
১২. উপজে লা খাদ্য নিয়ন্ত্রক, জুড়ী।
১৩. সহকারী বন সংরক্ষক, জুড়ী রেঞ্জ।
১৪. উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তার প্রতিনিধি, জুড়ী।
১৫. শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, জুড়ী।
১৬. উপ সহকারী প্রকৌশলী, জুড়ী, বিদ্যুৎ বিভাগ।
১৭. তথ্য সেবা কর্মকর্তা, তথ্য আপা প্রকল্প, জুড়ী।
১৮. উপজেলা নির্বাচন কর্মকর্তা, জুড়ী।

**সভায় অনুপস্থিতির তালিকাঃ-**

১. উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, জুড়ী।
২. উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, জুড়ী।
৩. উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, জুড়ী।
৪. উপ-সহকারী প্রকৌশলী, জুড়ী।
৫. ইউডিএফ, ইউজিডিপি প্রকল্প, জুড়ী।

উপজেলা পরিষদ

জুড়ী, মৌলভীবাজার

মৌলভীবাজার জেলার জুড়ী উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভার কার্যবিবরণীর উদ্ধৃতাংশ

সভাপতি : জনাব এম.এ মোঈদ ফারুক, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জুড়ী, মৌলভীবাজার।
সভার স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, জুড়ী।
সভার তারিখ : ১৯/০১/২০২২ খ্রি., সময়: সকাল ১১.৩০ ঘটিকা ।
সভার উপস্থিতি : পরিশিষ্ট 'ক' সংযুক্ত।

**বিগত সভার কার্যবিবরণী উপস্থাপন ও অনুমোদন:** সভাপতি মহোদয় সভায় উপস্থিত সকল সদস্য ও বিভাগীয় কর্মকর্তাগণকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর তিনি নবনির্বাচিত ইউপি চেয়ারম্যানগণকে শুভেচ্ছা জানিয়ে সভা পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসার, জুড়ী কে অনুরোধ করেন। উপজেলা নির্বাহী অফিসার, জুড়ী উপস্থিত নবনির্বাচিত ইউপি চেয়ারম্যানসহ সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। বিগত ৫০/১২/২০২১ খ্রি. তারিখে অনুষ্ঠিত জুড়ী উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী পাঠ করে শুনান। পঠিত কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা দৃঢ়ীকরণ করা হয়। বিভাগওয়ারী আলোচনা ও সিদ্ধান্তসমূহ নিম্নরূপ :

**০১.০০ স্বাস্থ্য বিভাগ:-**

| ক্র:নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | উপজেলা স্বাস্থ্য ও প:প: কর্মকর্তা, জুড়ী সভায় জানান, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স জুড়ীতে মেডিকেল অফিসার ১০ জনের বিপরীতে ০৩ জন আছেন। এক জন মেডিকেল অফিসার অসুস্থ থাকায় ০২ জন মেডিকেল অফিসার দিয়ে সকল বিভাগে সেবা প্রদান করা হচ্ছে। মেডিকেল অফিসার পদায়ন করা একান্ত জরুরী। | বিস্তারিত আলোচনান্তে শূন্যপদের বিপরীতে মেডিকেল অফিসার পদায়নের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে অবহিত করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা স্বাস্থ্য ও প:প: কর্মকর্তা, জুড়ী। |

**০২.০০ কৃষি বিভাগ:**

| ক্র:নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | উপজেলা কৃষি কর্মকর্তা, জুড়ী সভায় বলেন, এ বছর খরিফ-২/২০২১-২২ মৌসুমে ৮৪৬০ হে. জমিতে আবাদকৃত আমনের ২৮% কর্তন সম্পন্ন হয়েছে। নতুনজাত সম্প্রসারণসহ বিভিন্ন প্রযুক্তি ব্যবহারের ফলে গত বছরের তুলনায় এ বছর ফলন ও উৎপাদন বৃদ্ধি পেয়েছে।তিনি আরো জানান যে, রবি /২০২১-২২ মৌসুমে বোরো আবাদের লক্ষ্যমাত্রা ৫৭৮৫ হেক্টর। বোরো বীজতলা তৈরির কাজ চলমান রয়েছে । বোরো ফসলে উচ্চ ফলনশীল নতুন জাতের আবাদ বৃদ্ধির জন্য কৃষক ভাইদেরকে নিয়মিত পরামর্শ প্রদান অব্যাহত রয়েছে। বর্তমানে সার ও বীজের কোন সংকট নেই। | পতিত জমি কৃষি উপযোগী করার বিষয়ে ও বোরো ফসলে উচ্চ ফলনশীল নতুন জাতের আবাদ বৃদ্ধির জন্য কৃষকদের পরামর্শ প্রদান এবং সার উত্তোলনের বিষয়টি নিয়মিত মনিটরিং করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি কর্মকর্তা, জুড়ী |

**০৩.০০. স্থানীয় সরকার প্রকৌশল বিভাগ :**

| ক্র:নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | উপজেলা প্রকৌশলী, জুড়ী সভায় জানান যে, ২০২১-২২ অর্থ বছরের উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল ও এডিপি এর প্রকল্পসমূহ বাস্তবায়নের জন্য অনলাইনে দরপত্র আহ্বান করা হয়েছে। | বিস্তারিত আলোচনান্তে অনুমোদিত প্রকল্পসমূহ দ্রুত বাস্তবায়নের অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী, জুড়ী। |
| | ২০১৮-১৯(৩য় পর্যায়) অর্থ বছরের অবকাঠামো উন্নয়ন উপ-প্রকল্পের আওতায় বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে উঁচু-নীচু বেঞ্চ সরবরাহ কাজটির ঠিকাদার প্রতিষ্ঠান সঠিক সময়ে সরবরাহ কাজ সমাপ্ত না করায় ওয়ার্ক অর্ডার বাতিল করা হয়েছে। | বিস্তারিত আলোচনান্তে রিভাইস প্রাক্কলন প্রস্তুত করে ইউজিডিপি প্রধান কার্যালয়ে অনুমোদনের জন্য প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| | উপজেলা প্রকৌশলী, জুড়ী সভায় জানান যে, বিগত ২১/১০/২০২২ খ্রি. তারিখে জুড়ী উপজেলা পরিষদ মাসিক সাধারণ সভায় ২০২১-২২ অর্থ বছরে উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল(রাজস্ব উদ্বৃত্ত) দ্বারা "জনগণের অভিযোগ প্রতিকারের লক্ষ্যে গণশুনানীর নিমিত্ত গোল ঘর নির্মাণ" প্রকল্পটি অনুমোদিত হয়। উক্ত প্রকল্পটি উপজেলা পরিষদের অভ্যন্তরে প্রশাসনিক ভবনের সম্মুখে স্থান নির্বাচনের প্রস্তাব করেন। | বিস্তারিত আলোচনান্তে অনুমোদিত প্রকল্পটি জুড়ী উপজেলা পরিষদের প্রশাসনিক ভবনের সম্মুখে বঙ্গবন্ধু ম্যুরালের দক্ষিণ পার্শ্বে দুটি ফুলবাগানের মধ্যবর্তী পরিত্যাক্ত কুপ ঘর ও ইটের দেয়াল পরিষ্কার করে জনস্বার্থে "জনগণের অভিযোগ প্রতিকারের লক্ষ্যে গণশুনানীর নিমিত্ত গোল ঘর নির্মাণ" প্রকল্পটি বাস্তবায়নের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত ও অনুমোদিত হয়। | |

**০৪.০০: প্রাণিসম্পদ বিভাগ:**

| ক্র: নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, জুড়ী সভায় জানান, সমতল ভূমিতে বসবাসরত ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর জীবনমান উন্নয়নে সমন্বিত প্রাণিসম্পদ প্রকল্পের আওতায় ৩৭ জন সুফলভোগীকে ১টি করে মোট ৩৭টি শংকর জাতের বকনা বিতরণ করা হবে। | বিস্তারিত আলোচনান্তে তালিকা অনুযায়ী সুফলভোগীদের মধ্যে যথাযথভাবে বিতরণের ব্যবস্থা গ্রহণের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | ইউপি চেয়ারম্যানগণ (সকল) |

**৫.০০ মৎস্য বিভাগ :**

| ক্র: নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | উপজেলা মৎস্য কর্মকর্তা, জুড়ী সভায় জানান যে, এ উপজেলায় মৎস্য অধিদপ্তর ও FAO এর আর্থিক সহায়তায় ৩টি প্রকল্পের মাধ্যমে ১০জন মৎস্যজীবি ও মৎস্য চাষীকে মৎস্য চাষ এবং মৎস্য ব্যবস্থাপনায় জলবায়ু সহনশীলতার ধারণা বিষয়ক প্রশিক্ষণ প্রদান করা হয়। ২০ জন মৎস্য চাষীকে মৎস্য চাষ ও বিভিন্ন বিষয়ে পরামর্শ প্রদান করা হয়। | প্রকৃত মৎস্যজীবিরা যাতে প্রশিক্ষণের সুযোগ পায় সেদিকে সজাগ দৃষ্টি রাখার জন্য অনুরোধ জানানো হয়। | উপজেলা মৎস্য কর্মকর্তা, জুড়ী। |

**০৬.০০: মাধ্যমিক শিক্ষা বিভাগঃ**

| ক্র:নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | উপজেলা একাডেমিক সুপারভাইজার, জুড়ী সভায় জানান যে, ২০২১ সালের এইচএসসি পরীক্ষা সুষ্ঠুভাবে সম্পন্ন হয়েছে। শিক্ষার্থীদের মধ্যে কোভিড-১৯ এর ভ্যাকসিন প্রদান চলমান রয়েছে। | সকল শিক্ষার্থীদেরকে ভ্যাকসিন প্রদানের বিষয়ে প্রয়োজনীয় সহযোগিতা প্রদানের অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা একাডেমিক সুপারভাইজার, জুড়ী |

**০৭.০০ প্রাথমিক শিক্ষা বিভাগঃ**

| ক্র:নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | উপজেলা শিক্ষা অফিসার, জুড়ী সভায় জানান যে, কোভিড-১৯ পরিস্থিতির কারণে স্বাস্থ্যবিধি মেনে সীমিত পরিসরে পাঠদান চলমান রয়েছে। শহীদ বীর মুক্তিযোদ্ধা আব্দুর নুর সরকারী প্রাথমিক বিদ্যালয়টি চলতি মাসে দুইবার চুরির ঘটনা ঘটে। | বিস্তারিত আলোচনান্তে এ বিষয়ে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা শিক্ষা অফিসার, জুড়ী। |

**০৮.০০ ত্রাণ বিভাগঃ (প্রকল্প বাস্তবায়ন অফিস)**

| ক্র:নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, জুড়ী সভায় অনুপস্থিত থাকায় উক্ত বিভাগের কার্যক্রম বিষয়ে আলোচনা করা সম্ভব হয়নি। | আগামী সভায় উপস্থিত থাকার জন্য বলা হলো। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, জুড়ী |

**০৯.০০: আনসার ও ভিডিপি বিভাগঃ**

| ক্র: নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, জুড়ী এর প্রতিনিধি সভায় জানান যে, সকল ইউনিয়নের আনসার ও ভিডিপি দলনেতা/দলনেত্রী ও কোম্পানী কমান্ডারদের নিয়ে আয়োজিত সভায় চোরাচালান এবং মাদক সম্পর্কিত খবরা খবর জুড়ী থানাকে অবহিত করার নির্দেশনা দেয়া হয়েছে। তাছাড়া জানুয়ারী মাসে সেলাই ও কম্পিউটার প্রশিক্ষণ আয়োজন করা হবে। | বিভাগীয় সকল কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা আনসার ও ভিডিপি অফিসার, জুড়ী |

**১০.০০: বন বিভাগঃ**

| ক্র: নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | সহকারী বন সংরক্ষক, জুড়ী রেঞ্জ সভায় অনুপস্থিত থাকায় আলোচনা করা সম্ভব হয়নি। | আগামী সভায় উপস্থিত থাকার জন্য বলা হলো। | সহকারী বন সংরক্ষক, জুড়ী রেঞ্জ। |

**১১.০০: সমাজসেবা বিভাগঃ**

| ক্র: নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, জুড়ী সভায় জানান যে, ২০২১-২২ অর্থবছরের ২য় কিস্তির বয়স্ক, বিধবা, প্রতিবন্ধী, অনগ্রসর ও বেদে ভাতা এবং প্রতিবন্ধী শিক্ষা উপবৃত্তি, অনগ্রসর শিক্ষা বৃত্তি, বেদে শিক্ষা উপবৃত্তির টাকা বিতরণ বিকাশ এজেন্টের মাধ্যমে চলমান আছে। চা-শ্রমিকদের জীবনমান উন্নয়নে এককালীন ৫০০০/-(পাঁচ হাজার) টাকা হারে চেক বিতরণ চলমান আছে। | বিস্তারিত আলোচনান্তে ভাতা সংক্রান্ত কোন অভিযোগ পাওয়া গেলে তা তাৎক্ষণিকভাবে সমাধানের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১.উপজেলা সমাজসেবা কর্মকর্তা, জুড়ী। |

**১২.০০: উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ :**

| ক্র: নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, জুড়ী সভায় জানান যে, এ বিভাগের সকল কার্যক্রম নিয়মিতভাবে চলমান আছে। ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে নিয়মিত চিকিৎসা সেবা প্রদান করা হচ্ছে। মা ও শিশুর স্বাস্থ্য সুরক্ষা বিষয়ে সচেতনতামূলক কার্যক্রম অব্যাহত আছে। | নিয়মিত স্বাস্থ্য সেবা বিষয়ে পরামর্শ প্রদানের জন্য অনুরোধ জনানো হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, জুড়ী। |

**১৩.০০: সমবায় বিভাগঃ**

| ক্র: নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | উপজেলা সমবায় কর্মকর্তা, জুড়ী সভায় জানান যে, এ বিভাগের আওতাধীন সাধারণ প্রাথমিক সমবায় সমিতির সংখ্যা মোট ১২৯টি এবং কেন্দ্রীয় বিআরডিবি ০১টি। সমিতির অডিট, পরিদর্শন অব্যাহত আছে। লক্ষ্যমাত্রা অনুযায়ী ভ্রাম্যমান প্রশিক্ষণ সম্পন্ন করা হচ্ছে। এ বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | নিবন্ধিত সমিতিসমূহ নিয়মিত পরিদর্শন কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমবায় অফিসার, জুড়ী |

**১৪.০০: যুব উন্নয়ন অধিদপ্তর:**

| ক্র: নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, জুড়ী সভায় জানান যে, ১৮-৩৫ বছরের যুব ও যুব মহিলা কে প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে। মোট উপকারভোগী ১৭৭৫ জন। ঋণ বিতরণ ও আদায় কাযক্রম চলমান রয়েছে। | সরকার ঘোষিত স্বাস্থ্যবিধি অনুসরণ করে প্রশিক্ষণ পরিচালনার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, জুড়ী |

**১৫.০০: আমার বাড়ী আমার খামার প্রকল্প(পল্লী সঞ্চয় ব্যাংক জুড়ী) :**

| ক্রঃ নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ০১ | আমার বাড়ী আমার খামার এর শাখা ব্যবস্থাপক, জুড়ী সভায় জানান যে, মাসিক ঋণ আদায়ের লক্ষ্যমাত্রা ৪৮ লক্ষ টাকা এবং আদায় ২৩.০০ লক্ষ টাকা, আদায়ের হার ৬৮% । এ উপজেলায় সর্বমোট মাসিক ঋণ বিতরণ ২৪ লক্ষ টাকা । ঋণ আদায়ের হার ৬৪%। সর্বমোট ঋণ বিতরণ ৭,৮৫,৩৯,১৪৮/- টাকা এবং | লক্ষ্যমাত্রা অনুযায়ী মাসিক ঋণ বিতরণ ও আদায় কার্যক্রম অব্যাহত রাখার ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহিত হয়। | শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক। |

**১৬.০০: উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ :**

| ক্রঃ নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ০১ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, জুড়ী সভায় জানান যে, কোভিড-১৯ এর কারণে ঋণ আদায় কার্যক্রম কিছুটা হ্রাস পেয়েছে। তবে সদর দপ্তরের নির্দেশনা মোতাবেক ঋণ আদায় কার্যক্রম কিছুটা হ্রাস পেয়েছে। তবে সদর দপ্তরের নির্দেশনা মোতাবেক ঋণ আদায়ের ক্রাশ প্রোগ্রাম চলমান রয়েছে। ঋণ বিতরণ ও আদায়ের অগ্রগতি নিম্নে দেয়া হলো :<br><br>আবর্তক কৃষি ঋণ ক্রম পুঞ্জিভূত বিতরণ ২৫.০০ লক্ষ টাকা, ঋণ আদায় ১৪.২২ লক্ষ টাকা, খেলাপি ঋণ ৯.৪৫ লক্ষ টাকা, আদায়ের হার ৫৬%। পল্লী প্রগতি কর্মসূচি ক্রম পুঞ্জিভূত বিতরণ ৩৬.৯২ লক্ষ টাকা, ঋণ আদায় ১৬.৮৫ লক্ষ টাকা, ঋণ খেলাপি ২০.০৭ লক্ষ টাকা, আদায়ের হার ৪৬%। সদাবিকের ক্রম পুঞ্জিভূত ঋণ বিতরণ ১৪.৫৫ লক্ষ, ঋণ আদায় ১.৬০ লক্ষ টাকা, খেলাপি ঋণ ১১.২২ লক্ষ টাকা, আদায়ের হার ১৪%এবং অসচ্ছল বীর মুক্তিযোদ্ধা কর্মসূচির ক্রম পুঞ্জিভূত বিতরণ ৪.৭৯ লক্ষ টাকা, ঋণ আদায় ১.৭৪ লক্ষ টাকা, খেলাপি ঋণ ৩.০৫ লক্ষ টাকা, আদায়ের হার ৩৬%। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনাসহ ঋণ আদায় বৃদ্ধির জন্য উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, জুড়ী কে অনুরোধ জানানো হলো। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, জুড়ী |

**১৭.০০: বিদ্যুৎ উন্নয়ন বোর্ড / পল্লী বিদ্যুৎ সমিতি:**

| ক্রঃনং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ০১ | বিদ্যুৎ বিভাগের প্রতিনিধি অনুপস্থিত থাকায় আলোচনা করা সম্ভব হয়নি। | আগামী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | বিদ্যুৎ বিভাগ |

**১৮.০০: জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরঃ**

| ক্রঃ নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, জুড়ী সভায় জানান যে, জুড়ী উপজেলায় বরাদ্দকৃত নলকূপ স্থাপনের কাজ চলমান আছে। হাওর প্রকল্পর আওতায় নলকূপ ও ইমপ্রুভ ল্যাট্রিনের কাজ চলমান রয়েছে। মুজিব বর্ষ উপলক্ষ্যে ভূমিহীন ও গৃহহীন পরিবারের মাঝে নিরাপদ সুপেয় পানি সরবরাহের লক্ষ্যে নলকূপ স্থাপনের কাজ চলমান রয়েছে। | বিস্তারিত আলোচনান্তে ভূমিহীন ও গৃহহীন পরিবারের মাঝে দ্রুত সুপেয় পানি সরবরাহের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হয়। | উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য প্রকৌশল),জুড়ী |

**১৯.০০: মহিলা বিষয়ক অধিদপ্তরঃ**

| ক্রঃ নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, জুড়ী এর প্রতিনিধি সভায় জানান যে, ডিসেম্বর/২১ মাসের ভিজিডির খাদ্যশস্য উপকারভোগীদের মাঝে বিতরণ করা হয়েছে। দরিদ্র মা'র জন্য মাতৃত্বকালীন ভাতা প্রদানের জন্য প্রতিটি ইউনিয়ন হতে ২৫জন করে মোট ১৫০জন মহিলাকে ভাতাভোগী হিসেবে নির্বাচন করা হয়েছে। | সেবা প্রত্যাশীদের তালিকা যথাযথভাবে প্রনয়নপূর্বক ভাতা বিতরণ করা জন্য অনুরোধ জানানো হলো। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, জুড়ী |

**২০. খাদ্য বিভাগ :**

| ক্রঃ নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, জুড়ী সভায় অনুপস্থিত থাকায় উক্ত বিভাগ সম্পর্কে আলোচনা করা সম্ভব হয়নি। | আগামী সভায় উপস্থিত থাকার জন্য বলা হলো। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, জুড়ী। |

**২১. স্থানীয় সরকার বিভাগ (ইউজিডিপি) :**

| ক্র: নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | ইউডিএফ, জুড়ী সভায় জানান যে, ২০১৮-১৯(৩য় পর্যায়) অর্থ বছরের অবকাঠামো উন্নয়ন উপ-প্রকল্পের আওতায় বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে উচু-নীচু বেঞ্চ সরবরাহ কাজটির ঠিকাদার প্রতিষ্ঠান সঠিক সময়ে সরবরাহ কাজ সমাপ্ত না করায় স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, জুড়ী কর্তৃক ওয়ার্ক অর্ডার বাতিল করা হয়েছে। ২০১৯-২০(৪র্থ পর্যায়) অর্থ বছরের অবকাঠামো উন্নয়ন উপ-প্রকল্পের টেন্ডার প্রক্রিয়া শেষে ওয়ার্ক অর্ডার প্রদান করা হয়েছে। শীঘ্রই বাস্তবায়ন কাজ শুরু হবে। ২০২০-২১(৫ম পর্যায়) অর্থ বছরের অবকাঠামো উন্নয়ন উপ-প্রকল্পের অনুমোদন পাওয়া গিয়েছে। ২০২০-২১(৫ম পর্যায়) টেন্ডার প্রক্রিয়া এবং ২০১৯-২০(৪র্থ পর্যায়) অর্থ বছরের সক্ষমতা উন্নয়ন প্রশিক্ষণ উপ-প্রকল্পগুলো বাস্তবায়ন প্রয়োজন। | বিস্তারিত আলোচনান্তে রিভাইস প্রাক্কলন প্রস্তুত করে ইউজিডিপি প্রধান কার্যালয়ে অনুমোদনের জন্য প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। তাছাড়া অনুমোদিত অবকাঠামো উপ-প্রকল্প ও সক্ষমতা প্রশিক্ষণ উপ-প্রকল্প দ্রুত বাস্তবায়ন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১.উপজেলা প্রকৌশলী, জুড়ী<br>২.ইউডিএফ, ইউজিডিপি, জুড়ী। |

**২২.তথ্য আপা:**

| ক্র: নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | তথ্য আপা সভায় সভায় জানান, নভেম্বর জানুয়ারি/২২ মাসে ৪টি উঠান বৈঠক সম্পন্ন করা হয়েছে। ডোর টু ডোর পর্যায়ে ২০০ জন গ্রামীণ মহিলাদের স্বাস্থ্য সচেতনতা, কোভিড-১৯ সচেতনতা, বাল্যবিবাহ, মাদক ইত্যাদি বিষয়ে উঠান বৈঠকের মাধ্যমে সেবা প্রদান কর হয়েছে। তথ্যকেন্দ্রে ১৩০ জন সেবা প্রত্যাশীকে সেবা প্রদান করা হয়েছে। | দু:স্থ, বিধবা প্রতিবন্ধি, প্রান্তিক ও সুবিধা বঞ্চিত জনগোষ্ঠীকে আরো অধিক সেবা প্রদানের বিষয়টি নিশ্চিত করার অনুরোধ জানানো হয়। | তথ্য সেবা কর্মকর্তা, তথ্য আপা, জুড়ী |

**২৩. বিবিধ আলোচনা :**

| ক্র: নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | উপজেলা নির্বাহী অফিসার, জুড়ী সভায় জানান যে, সহকারী কমিশনার(ভূমি), জুড়ী কর্তৃক জুড়ী উপজেলায় মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্র স্থাপনের জন্য স্থান নির্বাচনপূর্বক ০২(দু'টি) প্রস্তাব দাখিল করেন। দাখিলকৃত প্রস্তাব পর্যালোচনায় দেখা যায় যে, প্রস্তাব নং ০১ – দক্ষিণ ভবানীপুর মৌজার ৫৯ নং জে.এল স্থিত ভূমির ০.০২৫০ একর ভূমি গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের নামে এবং ০.৪৭০০ একর ভূমি বিভিন্ন ব্যক্তির নামে রেকর্ডভুক্ত এবং উপজেলা পরিষদ হতে প্রায় ২(দুই) কি.মি. দূরে | বিস্তারিত আলোচনান্তে জুড়ী উপজেলায় মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্র স্থাপনের জন্য প্রস্তাব ০২(দু'টি) জেলা প্রশাসক, মৌলভীবাজার মহোদয় বরাবর প্রেরণের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার, জুড়ী। |

| | | | |
|---|---|---|---|
| | অবস্থিত। প্রস্তাব নং ০২- জাঙ্গিরাই মৌজার ২৫নং জে.এল স্থিত ০.৪৩০০ একর ভূমি জামিনী কুমার দেবী, পিতা- রতন মনি দেব, সাং- নিজ নামে রেকর্ডভুক্ত এবং উপজেলা পরিষদের উত্তর দিকের বাউন্ডারি সংলগ্ন। এ বিষয়ে পরবর্তী সিদ্ধান্তের জন্য প্রস্তাব পেশ করা হলো। | | |
| ০২ | উপজেলা নির্বাহী অফিসার, জুড়ী সভায় জানান যে, উপজেলা পরিষদ অফিস কক্ষে উর্ধ্বতন কর্তৃপক্ষ বিভিন্ন সময় অফিস দর্শন/পরিদর্শনে আসেন। সেজন্য একটি উন্নত মানের চেয়ার ক্রয় করা হয়। উক্ত চেয়ার ক্রয় বাবদ ১৮,৫০০/-(আঠারো হাজার পাঁচশত) টাকার বিল ভাউচার পাওয়া গিয়েছে। বিল পরিশোধের জন্য প্রস্তাব করা হলো। | বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের আসবাবপত্র ক্রয় খাত হতে ১৮,৫০০/-(আঠারো হাজার পাঁচশত) টাকা সংশ্লিষ্ট বরাবর পরিশোধের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | ১.চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জুড়ী ২.উপজেলা নির্বাহী অফিসার, জুড়ী। |
| ০৩ | সভায় ১) জনাব এম এ মোঈদ ফারুক চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জুড়ী এর জুলাই/২১ হতে ডিসেম্বর/২১ পর্যন্ত সময়ের ভ্রমণ ব্যয় বাবদ ৪৮,১২৫/-(আটচল্লিশ হাজার একশত পঁচিশ) টাকা ২) জনাব রিংকু রঞ্জন দাশ, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জুড়ী এর জুলাই/২১ হতে ডিসেম্বর/২১ পর্যন্ত সময়ের ভ্রমণ ব্যয় বাবদ ৪০,৬০০/-(চল্লিশ হাজার ছয়শত) টাকা এবং ৩) জনাব রনজিতা শর্ম্মা, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জুড়ী এর জুলাই/২১ হতে ডিসেম্বর/২১ পর্যন্ত ৪১,৩০০/-(একচল্লিশ হাজার তিনশত) টাকা অনুমোদনের জন্য পেশ করা হলো। | বিস্তারিত আলোচনান্তে জনাব এম এ মোঈদ ফারুক চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জুড়ী এর জুলাই/২১ হতে ডিসেম্বর/২১ পর্যন্ত সময়ের ভ্রমণ ব্যয় বাবদ ৪৮,১২৫/-(আটচল্লিশ হাজার একশত পঁচিশ) টাকা ২) জনাব রিংকু রঞ্জন দাশ, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জুড়ী এর জুলাই/২১ হতে ডিসেম্বর/২১ পর্যন্ত সময়ের ভ্রমণ ব্যয় বাবদ ৪০,৬০০/-(চল্লিশ হাজার ছয়শত) টাকা এবং ৩) জনাব রনজিতা শর্ম্মা, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জুড়ী এর জুলাই/২১ হতে ডিসেম্বর/২১ পর্যন্ত ৪১,৩০০/-(একচল্লিশ হাজার তিনশত) টাকার বিল সর্বসম্মতিক্রমে গৃহীত ও অনুমোদিত হয় এবং উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ০৪ | সভায় ১৬ ডিসেম্বর ২০২১, মহান বিজয় দিবস যথাযথভাবে উৎযাপন বাবদ ৪০,০০০/-(চল্লিশ হাজার) টাকার বিল ভাউচার পাওয়া গিয়েছে। উক্ত বিল পরিশোধ করা প্রয়োজন। | বিস্তারিত আলোচনান্তে ১৬ ডিসেম্বর ২০২১, মহান বিজয় দিবস উৎযাপন বাবদ ৪০,০০০/-(চল্লিশ হাজার) টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের দিবস উৎযাপন খাত হতে পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ০৬ | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জুড়ী সভায় জানান যে, উপজেলা পরিষদের জীপগাড়ীর পিছনের ০২(দুই)টি নতুন চাকা ক্রয় বাবদ ৪৫,০০০/-(পয়তাল্লিশ হাজার) টাকার বিল ভাউচার এবং জীপগাড়ীর গ্যাস মিটার ও সুইচ সংযোজন বাবদ ৯৫০০/-(নয় হাজার পাঁচশত) টাকার বিল ভাউচার পাওয়া গিয়েছে। উক্ত বিল পরিমোধ করা প্রয়োজন। | বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের জীপগাড়ীর পিছনের ০২(দুই)টি নতুন চাকা ক্রয় বাবদ ৪৫,০০০/-(পয়তাল্লিশ হাজার) টাকা এবং জীপগাড়ীর গ্যাস মিটার ও সুইচ সংযোজন বাবদ ৯৫০০/-(নয় হাজার পাঁচশত) টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের যানবাহন মেরামত খাত হতে পরিশোধের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ০৫ | উপজেলা নির্বাচন অফিসার, জুড়ী সভায় জানান যে, হালনাগাদকৃত খসড়া ভোটার তালিকা প্রকাশ করা হবে ১৯/০১/২০২২ তারিখ। দাবী আপত্তি ও সংশোধনের শেষ তারিখ - ০৩/০২/২০২২। সংশোধনকারী কর্তৃপক্ষ কর্তৃক নিষ্পত্তির শেষ তারিখ ১০/০২/২০২২ ও সিদ্ধান্ত সন্নিবেশনের শেষ তারিখ ১৭/০২/২০২২ এবং চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশ করা হবে ০২/০৩/২০২২ তারিখ। | বিস্তারিত আলোচনান্তে সকল ইউপি চেয়ারম্যান এ বিষয়ে সার্বিক সহযোগিতা ও বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, ইউপি (সকল), জুড়ী। |

উপজেলা নির্বাহী অফিসার, জুড়ী সভায় বলেন জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্বপ্নের সোনার বাংলা প্রতিষ্ঠায় সকলকে ঐক্যবদ্ধভাবে কাজ করতে হবে। উন্নয়ন প্রকল্পসমূহ গুণগত মান বজায় রেখে বাস্তবায়নের জন্য সকলের সুদৃষ্টি কামনা করেন। পরিশেষে সকলের সুস্বাস্থ্য ও দীর্ঘায়ু এবং বর্ণিত সভার সিদ্ধান্তসমূহ বাস্তবায়নে সকলের আন্তরিক প্রচেষ্টা কামনা করেন।

জনাব এম.এ মোঈদ ফারুক, চেয়ারম্যান, জুড়ী উপজেলা পরিষদ সভায় বলেন যে, সরকারের উন্নয়নের ধারা অব্যাহত রাখতে হবে। মুক্তিযুদ্ধের চেতনায় দেশকে গড়ে তুলতে হবে। পরিশেষে সুখী, সমৃদ্ধ ও উন্নত বাংলাদেশ বিনির্মাণে সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের অনুরোধ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(এম.এ মোঈদ ফারুক)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
জুড়ী, মৌলভীবাজার

স্মারকনং-০৫.৪৬.৫৮৩৫.০০৩.০১.০১০.১৯.১৫ তারিখ: ০৬/ ০১/২০২২ খ্রি.।

অনুলিপি : সদয় অবগতির জন্যঃ-

০১. মাননীয় মন্ত্রী,পরিবেশ,বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
০২. সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার,পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩. কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।
০৪. পরিচালক, স্থানীয় সরকার,সিলেট বিভাগ, সিলেট।
০৫. জেলা প্রশাসক, মৌলভীবাজার।
০৬. উপ-পরিচালক, স্থানীয় সরকার,মৌলভীবাজার।

অনুলিপি : জ্ঞাতার্থে ও কার্যার্থেঃ-

০১. ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, জুড়ী উপজেলা পরিষদ,জুড়ী।
০২. উপজেলা ........................................................জুড়ী।
০৩. চেয়ারম্যান.......................................................ইউ/পি, জুড়ী (সকল)
০৪. জনাব ...............................................................................।

(সোনিয়া সুলতানা)
উপজেলা নির্বাহী অফিসার
জুড়ী,মৌলভীবাজার
ফোন-০৮৬২৭৫৭০০১

সভায় জনপ্রতিনিধি উপস্থিতির তালিকাঃ-

০১.চেয়ারম্যান, জুড়ী উপজেলা পরিষদ,জুড়ী।
০২.ভাইস চেয়ারম্যান,জুড়ী উপজেলা পরিষদ,জুড়ী।
০৩.০৪. চেয়ারম্যান, পশ্চিমজুড়ী ইউপি
০৪. চেয়ারম্যান, গোয়ালবাড়ী ইউপি
০৫.চেয়ারম্যান,সাগরনাল ইউ/পি।
০৬. চেয়ারম্যান,পূর্বজুড়ী ইউ/পি
০৭. জনাব আফিয়া বেগম,সদস্য জুড়ী উপজেলা পরিষদ

অনুপস্থিত জনপ্রতিনিধি :

১.মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জুড়ী।
২.চেয়ারম্যান, জায়ফরনগর ইউপি, জুড়ী।
৩.চেয়ারম্যান, ফুলতলা ইউপি।
৪.জনাব মিনারা বেগম সদস্য,জুড়ী উপজেলা পরিষদ,জুড়ী।

সভায় কর্মকর্তা উপস্থিতির তালিকাঃ-

০১. উপজেলা নির্বাহী অফিসার, জুড়ী।
০২. উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, জুড়ী ।
০৩. উপজেলা কৃষি কর্মকর্তা, জুড়ী।
০৪. উপজেলা প্রকৌশলী, জুড়ী।
০৫. উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, জুড়ী।
০৭. উপজেলা শিক্ষা কর্মকর্তা, জুড়ী।
০৮.উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, জুড়ী।
০৯. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, জুড়ী।
১০.উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, জুড়ী।
১১. উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তার প্রতিনিধি, জুড়ী।
১২. শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, জুড়ী।
১৩. উপসহকারী প্রকৌশলী, জুড়ী, বিদ্যুৎ বিভাগ।
১৪. তথ্যসেবা কর্মকর্তা, তথ্য আপা প্রকল্প, জুড়ী।
১৫. উপজেলা নির্বাচন কর্মকর্তা, জুড়ী।
১৬.উপজেলা সমাজসেবা কর্মকর্তা, জুড়ী।

সভায় অনুপস্থিতির তালিকাঃ-

১. উপজেলা মৎস্য কর্মকর্তা, জুড়ী
২. উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, জুড়ী
৩. উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, জুড়ী।
৪. উপ-সহকারী প্রকৌশলী, জুড়ী
৫. সহকারী বন সংরক্ষক, জুড়ী।

উপজেলা পরিষদ

জুড়ী, মৌলভীবাজার

মৌলভীবাজার জেলার জুড়ী উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভার কার্যবিবরণীর

সভাপতি : জনাব এম.এ মোঈদ ফারুক, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জুড়ী, মৌলভীবাজার।

সভার স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, জুড়ী।

সভার তারিখ : ১৪/০২/২০২২ খ্রি., সময়- সকাল ১১.৩০ ঘটিকা।

সভার উপস্থিতি : পরিশিষ্ট 'ক' সংযুক্ত।

**বিগত সভার কার্যবিবরণী উপস্থাপন ও অনুমোদন:** সভাপতি মহোদয় সভায় উপস্থিত সকল সদস্য ও বিভাগীয় কর্মকর্তাগণকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অত:পর উপজেলা নির্বাহী অফিসার, জুড়ী উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। বিগত ১৯/০১/২০২২ খ্রি. তারিখে অনুষ্ঠিত জুড়ী উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী পাঠ করে শুনান। পঠিত কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা দৃঢ়ীকরণ করা হয়। বিভাগওয়ারী আলোচনা ও সিদ্ধান্তসমূহ নিম্নরূপ :

**০১.০০ স্বাস্থ্য বিভাগ:-**

| ক্র:নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | উপজেলা স্বাস্থ্য ও প:প: কর্মকর্তা, জুড়ী সভায় জানান, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স জুড়ীতে স্বাস্থ্যসেবা কার্যক্রম নিয়মিত পরিচালিত হচ্ছে। কোভিড-১৯ এর জন্য ১ম ডোজ ও ২য় ডোজ ও বোস্টার ডোজ ভ্যাকসিন প্রদান অব্যাহত আছে। ১ম ডোজ ভ্যাকসিন প্রদানের হার প্রায় ৫৩.৬৯%, ২য় ডোজ প্রদানের হার ৪২.০০% এবং বোস্টার ডোজ প্রদানের হার ১.১৪%। স্কুল, কলেজ ও মাদ্রাসার শিক্ষার্থীদের মধ্যে ভ্যাকসিন প্রদান অব্যাহত আছে। | ভ্যাকসিন প্রদানের হার বৃদ্ধি ও কোভিড-১৯ পরিস্থিতি বিবেচনায় স্বাস্থ্য সেবা প্রদানের বিষয়টি গুরুত্ব প্রদানের জন্য অনুরোধ জানানো হয়। | উপজেলা স্বাস্থ্য ও প:প: কর্মকর্তা, জুড়ী। |

**০২.০০ কৃষি বিভাগঃ**

| ক্র:নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | উপজেলা কৃষি কর্মকর্তা, জুড়ী সভায় বলেন, এ বছর ৫৭৯০ হে. জমিতে বোরো আবাদ অর্জিত হয়েছে। গত বছরের তুলনায় এ বছর বোরো আবাদ ২০ হে. আবাদ বৃদ্ধি পেয়েছে। উচ্চ ফলনশীল নতুন জাতসহ আবাদ সম্প্রসারণ এবং নিয়মিত মাঠ পরিদর্শন অব্যাহত থাকায় হে. প্রতি ফলন বৃদ্ধি পেয়েছে। আসন্ন খরিপ ১/২২ মৌসুমে আউশ আবাদ বৃদ্ধির কর্ম পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। আউশ আবাদ বৃদ্ধির লক্ষ্যমাত্রা ৪৪৬২ হে.। আউশ আবাদ বৃদ্ধির জন্য কৃষকদের নিয়মিত পরামর্শ, উদ্বুদ্ধকরণ, উঠান বৈঠক ও পরামর্শ প্রদান অব্যাহত রয়েছে। বর্তমানে সার ও বীজের কোন সংকট নেই। | পতিত জমি কৃষি উপযোগী করার বিষয়ে ও আউশ আবাদ, উচ্চ ফলনশীল নতুন জাতের আবাদ বৃদ্ধির জন্য কৃষকদের পরামর্শ প্রদান এবং সার উত্তোলন ও বিক্রয়ের বিষয়টি নিয়মিত মনিটরিং করার অনুরোধ জানানো হয়। | উপজেলা কৃষি কর্মকর্তা, জুড়ী |

**০৩.০০. স্থানীয় সরকার প্রকৌশল বিভাগ :**

| ক্র:নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | উপজেরা প্রকৌশলী, জুড়ী সভায় জানান যে, ২০২১-২২ অর্থ বছরের উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল ও এডিপি এর প্রকল্পসমূহ বাস্তবায়নের কাজ চলমান রয়েছে। | **বিস্তারিত আলোচনান্তে যেহেতু অর্থ বৎসর শেষ পর্যায়ে সেহেতু অনুমোদিত এডিপি এর প্রকল্পসমূহ, স্থানীয় সরকার মন্ত্রণালয় হতে বরাদ্দকৃত অর্থ দ্বারা অনুমোদিত প্রকল্পসমূহ এবং আনসার সদস্যদের আবাসিক ভবন নির্মাণ আগামী দুই মাসের মধ্যে বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।** | উপজেলা প্রকৌশলী, জুড়ী। |
| ০২ | উপজেলা প্রকৌশলী, জুড়ী সভায় জানান যে, ২০২১-২২ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচির আওতায় গৃহীত প্রকল্পসমূহের মধ্যে জায়ফরনগর ইউনিয়নের অর্ন্তগত নিম্নোক্ত ০২টি প্রকল্পের নাম পরিবর্তন করা প্রয়োজন<br>১. ভুয়াই তেথরিঘাট রাস্তার মাসুক মিয়ার বাড়ীর সম্মুখ হতে নিশ্চিন্তপুর সরকারী প্রাথমিক বিদ্যালয় পর্যন্ত রাস্তা ইট সলিং এর পরিবর্তে শাহাগঞ্জ-ভুয়াই রাস্তার শাহাপুর বাবুল মিয়ার বাড়ীর সম্মুখ হতে নিশ্চিন্তপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের উত্তর পার্শ্ব পর্যন্ত রাস্তা ইট সলিং--------------৫,০০,০০০/-টাকা<br>২. বেলাগাঁও আবু মিয়ার বাড়ীর পাশে মিনি কালভার্ট নির্মাণ এর পরিবর্তে বেলাগাঁও তৈমুছ মিয়ার বাড়ীর সংলগ্ন মিনি কালভার্ট নির্মাণ----১,০০,০০০/-টাকা। | বিস্তারিত আলোচনান্তে উপজেলাপ্রকৌশী, জুড়ী কর্তৃক উত্থাপিত পরিবর্তিত প্রকল্প ০২টি ২০২১-২২ অর্থ বছরে এডিপি খাতে বাস্তবায়নের জন্য সর্বসম্মতিক্রমে গৃহীত ও অনুমোদিত হয়। | |
| ০৩ | উপজেলা প্রকৌশলী, জুড়ী সভায় জানান যে, ইউজিডিপি প্রকল্পের দরপত্র বিজ্ঞপ্তি নং ০৩/২০২১-২২ এর দৈনিক বাংলাদেশের খবর এর ১৫,৫২৫/-টাকা, দি বাংলাদেশ নিউজ বাবদ ৯১১৪.২৫ টাকা এবং ইউজিডিপি প্রকল্পের দরপত্র বিজ্ঞপ্তি নং ০৬/২০২১-২২ এর দৈনিক আমাদের নূতন সময় এর ২১,৭৩৫/-টাকা, দি ডেইলি অবজারভার এর ১৩,১১৩.৪৫ টাকা এবং এডিপি/২০২১-২২ অর্থ বছরের দরপত্র বিজ্ঞপ্তি নং ০৫/২০২১-২২ এর দৈনিক ইনকিলাব এর ৩৭,২৬০/-টাকা, দি ডেইলি অবজার ২২,৪৮০.২০ টাকা পরিশোধ করা প্রয়োজন। | বিস্তারিত আলোচনান্তে উপজেলা প্রকৌশলী, জুড়ী কর্তৃক উত্থাপিত পত্রিকায় প্রকাশিত বিজ্ঞপ্তি বাবদ অর্থ উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধ করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার, জুড়ী |

**০৪,০০: প্রাণিসম্পদ বিভাগঃ**

| ক্র: নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, জুড়ী সভায় জানান, এলডিপি প্রকল্পের আওতায় আগামী ১৬/০২/২০২২ খ্রি. তারিখ হরিরামপুর স্কুল সংলগ্ন মাঠে দিনব্যাপি প্রাণিসম্পদ প্রদর্শনী ২০২২ অনুষ্ঠিত হবে। তাছাড়া সমতল ভূমিতে বসবাসরত ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর জীবনমান উন্নয়ন প্রকল্পের আওতায় ৫/০২/২০২২ খ্রি. তারিখে ২০০ জন সুফলভোগীর মধ্যে ৪০০টি ভেড়া বিতরণ করা হয়েছে। | সুষ্ঠুভাবে বিভাগীয় কার্যক্রম পরিচালনার জন্য অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | ইউপি চেয়ারম্যানগণ (সকল) |

**৫,০০ মৎস্য বিভাগ :**

| ক্র: নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | উপজেলা মৎস্য কর্মকর্তা, জুড়ী সভায় জানান যে, এ উপজেলায় মৎস্য অধিদপ্তর ও FAO এর সহায়তায় ৩০ জন মৎস্যজীবি এবং সরকারি রাজস্ব বাজেটের আওতায় ২০ জন মৎস্যচাষীকে কার্প জাতীয় মাছের মিশ্র চাষ বিষয়ক প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। মৎস্য অফিস ও মাঠ পর্যায়ে ২২ জন মৎস্য চাষী ও খামারীকে মৎস্য চাষের বিভিন্ন বিষয়ে পরামর্শ প্রদান করা হয়। জুড়ী নদীর লামা বাজার ডহরে ০১টি অভয়াশ্রম রক্ষণাবেক্ষণের কাজ চলমান। | প্রকৃত মৎস্যজীবিরা যাতে প্রশিক্ষণের সুযোগ পায় সেদিকে সজাগ দৃষ্টি রাখার জন্য অনুরোধ জানানো হয়। | উপজেলা মৎস্য কর্মকর্তা, জুড়ী। |

**০৬,০০: মাধ্যমিক শিক্ষা বিভাগঃ**

| ক্র:নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | উপজেলা একাডেমিক সুপারভাইজার, আগামী ২১ ফেব্রুয়ারি ২০২২ পর্যন্ত শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ থাকায় অনলাইন ক্লাস চলমান আছে। এ বৎসরের এইচএসসি পরীক্ষায় পাশের হার ৯৪.০৭% এবং আলীম পরীক্ষায় ১০০ জনের মধ্যে ৯২ জন পাস করেছেন। | সকল শিক্ষার্থীদেরকে ভ্যাকসিন গ্রহণে উৎসাহিত করার জন্য অনুরোধ জানানো হলো। | উপজেলা একাডেমিক সুপারভাইজার, জুড়ী |

**০৭,০০ প্রাথমিক শিক্ষা বিভাগঃ**

| ক্র:নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | উপজেলা শিক্ষা অফিসার, জুড়ী সভায় জানান যে, কোভিড-১৯ পরিস্থিতির কারণে শিক্ষা প্রতিষ্ঠানে পাঠদান বন্ধ রয়েছে। অনলাইনে পাঠদান চলমান রয়েছে। | অনলাইন পাঠদান তদারকির জন্য অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা শিক্ষা অফিসার, জুড়ী। |

**০৮,০০ ত্রাণ বিভাগঃ (প্রকল্প বাস্তবায়ন অফিস)**

| ক্র:নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, জুড়ী সভায় জানান যে, টি আর সাধারণ বরাদ্দ পাওয়া গিয়েছে। এ উপজেলায় ১০ টি বীর নিবাসের কাজ চলমান। আশ্রয়ণ-২ প্রকল্পের আওতায় ৩৫টি ঘর নির্মাণের কাজ চলমান। ৩টি সেতু/কালবার্ট এর কাজ চলমান। তাছাড়া ইজিপিপি এর আওতায় অতি দরিদ্রদের কর্মসংস্থান কর্মসূচি এর কাজ চলমান। | উন্নয়ন প্রকল্প সমূহ তদারকির জন্য অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, জুড়ী |

**০৯,০০: আনসার ও ভিডিপি বিভাগঃ**

| ক্র: নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, জুড়ী এর প্রতিনিধি সভায় জানান যে, সকল ইউনিয়নের আনসার ও ভিডিপি দলনেতা/দলনেত্রী ও কোম্পানী কমান্ডারদের নিয়ে আয়োজিত সভায় চোরাচালান এবং মাদক সম্পর্কিত খবরা খবর জুড়ী থানাকে অবহিত করার নির্দেশনা দেয়া হয়েছে। | বিভাগীয় সকল কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা আনসার ও ভিডিপি অফিসার, জুড়ী |

**১০,০০: বন বিভাগঃ**

| ক্র: নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | সহকারী বন সংরক্ষক, জুড়ী রেঞ্জ সভায় অনুপস্থিত থাকায় আলোচনা করা সম্ভব হয়নি। | আগামী সভায় উপস্থিত থাকার জন্য বলা হলো। | সহকারী বন সংরক্ষক, জুড়ী রেঞ্জ। |

**১১.০০: সমাজসেবা বিভাগঃ**

| ক্র: নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, জুড়ী সভায় জানান যে, ২০২১-২২ অর্থবছরের ২য় কিস্তির বয়স্ক, বিধবা, প্রতিবন্ধী, অনগ্রসর ও বেদে ভাতা এবং প্রতিবন্ধী শিক্ষা উপবৃত্তি, অনগ্রসর শিক্ষা বৃত্তি, বেদে শিক্ষা উপবৃত্তির টাকা বিতরণ বিকাশ এজেন্টের মাধ্যমে চলমান আছে। চা-শ্রমিকদের জীবনমান উন্নয়নে এককালীন ৫০০০/-(পাঁচ হাজার) টাকা হারে চেক বিতরণ চলমান আছে। ২০২১-২২ অর্থ বছরের চা-শ্রমিকদের জীবনমান উন্নয়ন কর্মসূচির আর্থিক সহায়তার আওতায় বরাদ্ধ পাওয়া গিয়েছে। স্থায়ী শ্রমিক ও যাদের প্রভিডেন্ট ফান্ড আছে তাদের তালিকা চাওয়া হয়েছে। | বিস্তারিত আলোচনান্তে ভাতা সংক্রান্ত কোন অভিযোগ পাওয়া গেলে তা তাৎক্ষনিকভাবে সমাধানের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। স্থায়ী শ্রমিকদের তালিকা তৈরি করার ব্যবস্থা গ্রহণের জন্য বলা হলো। | ১.উপজেলা সমাজসেবা কর্মকর্তা, জুড়ী। |

**১২.০০: উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ :**

| ক্র: নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, জুড়ী সভায় অনুপস্থিত থাকায় আলোচনা করা সম্ভব হয়নি। | আগামী সভায় কার্যপত্রসহ উপস্থিত থাকার জন্য বলা হলো। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, জুড়ী। |

**১৩.০০: সমবায় বিভাগঃ**

| ক্র: নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | উপজেলা সমবায় কর্মকর্তা, জুড়ী সভায় জানান যে, এ বিভাগের আওতাধীন সাধারণ প্রাথমিক সমবায় সমিতির সংখ্যা মোট ১২৯টি এবং কেন্দ্রীয় বিআরডিবি ০১টি। সমিতির অডিট, পরিদর্শন অব্যাহত আছে। লক্ষ্যমাত্রা অনুযায়ী ভ্রাম্যমান প্রশিক্ষণ সম্পন্ন করা হচ্ছে। এ বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | নিবন্ধিত সমিতিসমূহ নিয়মিত পরিদর্শন কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমবায় অফিসার, জুড়ী |

**১৪.০০: যুব উন্নয়ন অধিদপ্তর:**

| ক্র: নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, জুড়ী সভায় জানান যে, আত্নকর্মসংস্থান কর্মসূচি এর আওতায় ১৭৭৫ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। ঋণ আদায়ের হার ৮৮% অন্যান্য বিভাগীয় কার্যক্রম চলমান রয়েছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য অনুরোধ জানানো হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, জুড়ী |

**১৫.০০: আমার বাড়ী আমার খামার প্রকল্প(পল্লী সঞ্চয় ব্যাংক জুড়ী) :**

| ক্রঃ নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ০১ | আমার বাড়ী আমার খামার এর শাখা ব্যবস্থাপক, জুড়ী সভায় জানান যে, মাসিক ঋণ আদায়ের লক্ষ্যমাত্রা ৪৮ লক্ষ টাকা এবং আদায় ২৭.০০ লক্ষ টাকা, আদায়ের হার ৬২% । এ উপজেলায় সর্বমোট মাসিক ঋণ বিতরণ ১১ কোটি ৭৫ লক্ষ টাকা । ঋণ আদায় ৭কোটি ৩০ লক্ষ টাকা। | লক্ষ্যমাত্রা অনুযায়ী মাসিক ঋণ বিতরণ ও আদায় কার্যক্রম অব্যাহত রাখার ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহিত হয়। | শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক। |

**১৬.০০: উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ :**

| ক্রঃ নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ০১ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, জুড়ী সভায় জানান যে, কোভিড-১৯ এর কারণে ঋণ আদায় কার্যক্রম কিছুটা হ্রাস পেয়েছে। তবে সদর দপ্তরের নির্দেশনা মোতাবেক ঋণ আদায় কার্যক্রম কিছুটা হ্রাস পেয়েছে। তবে সদর দপ্তরের নির্দেশনা মোতাবেক ঋণ আদায়ের ক্রাশ প্রোগ্রাম চলমান রয়েছে। ঋণ বিতরণ ও আদায়ের অগ্রগতি নিম্নে দেয়া হলো : | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনাসহ ঋণ আদায় বৃদ্ধির জন্য উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, জুড়ী কে অনুরোধ জানানো হলো। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, জুড়ী |

**১৭.০০: বিদ্যুৎ উন্নয়ন বোর্ড / পল্লী বিদ্যুৎ সমিতি:**

| ক্রঃনং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ০১ | বিদ্যুৎ বিভাগের প্রতিনিধি অনুপস্থিত থাকায় আলোচনা করা সম্ভব হয়নি। | আগামী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | বিদ্যুৎ বিভাগ |

**১৮,০০: জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরঃ**

| ক্রঃ নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, জুড়ী সভায় জানান যে, জুড়ী উপজেলায় বরাদ্দকৃত নলকূপ স্থাপনের কাজ চলমান আছে। হাওর প্রকল্পের আওতায় নলকূপ ও ইমপ্রুভ ল্যাট্রিনের কাজ চলমান রয়েছে। মুজিব বর্ষ উপলক্ষ্যে ভূমিহীন ও গৃহহীন পরিবারের মাঝে নিরাপদ সুপেয় পানি সরবরাহের লক্ষ্যে নলকূপ স্থাপনের কাজ চলমান রয়েছে। | বিস্তারিত আলোচনান্তে ভূমিহীন ও গৃহহীন পরিবারের মাঝে দ্রুত সুপেয় পানি সরবরাহের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হয়। | উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য প্রকৌশল),জুড়ী |

**১৯,০০: মহিলা বিষয়ক অধিদপ্তরঃ**

| ক্রঃ নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, জুড়ী এর প্রতিনিধি সভায় জানান যে, জানুয়ারি/২২ মাসের ভিজিডির পুষ্টি চাল উপকারভোগীদের মাঝে বিতরণ করা হয়েছে। দরিদ্র মা'র জন্য মাতৃত্বকালীন ভাতা প্রদানের জন্য প্রতিটি ইউনিয়ন হতে ২৫ জন করে মোট ১৫০জন মহিলাকে ভাতাভোগী হিসেবে নির্বাচন করা হয়েছে। দর্জি বিজ্ঞান ট্রেডে প্রশিক্ষণ চলছে। | সেবা প্রত্যাশীদের তালিকা যথাযথভাবে প্রনয়নপূর্বক ভাতা বিতরণ করা জন্য অনুরোধ জানানো হলো। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, জুড়ী |

**২০, খাদ্য বিভাগ :**

| ক্রঃ নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, জুড়ী সভায় জানান যে, জুড়ী খাদ্য গুদামে ২৪১.০৮০ মে.টন ধান, ৪৯৮.৪৭৫ মে. টন চাল ও ১১১.৫৮১ মে.টন গম মজুদ আছে। বাজার দর মনিটরিং ও অবৈধ মজুদ যাচাইয়ের জন্য ব্যবসা প্রতিষ্ঠান তদারকি করা হচ্ছে। | নিয়মিত বাজার মনিটরিং অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, জুড়ী। |

**২১. স্থানীয় সরকার বিভাগ (ইউজিডিপি) :**

| ক্র: নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | ইউডিএফ, জুড়ী সভায় জানান যে, ২০১৮-১৯(৩য় পর্যায়) অর্থ বছরের অবকাঠামো উন্নয়ন উপ-প্রকল্পের আওতায় বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে উচু-নীচু বেঞ্চ সরবরাহ কাজটির ঠিকাদার প্রতিষ্ঠান সঠিক সময়ে সরবরাহ কাজ সমাপ্ত না করায় স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, জুড়ী কর্তৃক ওয়ার্ক অর্ডার বাতিল করা হয়েছে। ২০১৯-২০(৪র্থ পর্যায়) অর্থ বছরের অবকাঠামো উন্নয়ন উপ-প্রকল্পের টেন্ডার প্রক্রিয়া শেষে ওয়ার্ক অর্ডার প্রদান করা হয়েছে এবং বাস্তবায়ন চলমান আছে। ২০২০-২১(৫ম পর্যায়) অর্থ বছরের অবকাঠামো উন্নয়ন উপ-প্রকল্পের অনুমোদন পাওয়া গিয়েছে। ২০২০-২১(৫ম পর্যায়) টেন্ডার প্রক্রিয়া চলমান। | বিস্তারিত আলোচনান্তে রিভাইস প্রাক্কলন প্রস্তুত করে ইউজিডিপি প্রধান কার্যালয়ে অনুমোদনের জন্য প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। তাছাড়া অনুমোদিত অবকাঠামো উপ-প্রকল্প ও সক্ষমতা প্রশিক্ষণ উপ-প্রকল্প দ্রুত বাস্তবায়ন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১.উপজেলা প্রকৌশলী, জুড়ী ২.ইউডিএফ, ইউজিডিপি, জুড়ী। |

**২২.তথ্য আপা:**

| ক্র: নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | তথ্য আপা সভায় সভায় জানান, নভেম্বর ফেব্রুয়ারি/২২ মাসে ৪টি উঠান বৈঠক সম্পন্ন করা হয়েছে। ডোর টু ডোর পর্যায়ে ২০০ জন গ্রামীণ মহিলাদের স্বাস্থ্য সচেতনতা, কোভিড-১৯ সচেতনতা, বাল্যবিবাহ, মাদক ইত্যাদি বিষয়ে উঠান বৈঠকের মাধ্যমে অবহিত করা হয়েছে। তথ্যকেন্দ্রে ১০০ জন সেবা প্রত্যাশীকে সেবা প্রদান করা হয়েছে। ৪০০ জন মহিলাকে ডোর টু ডোর সেবা প্রদান করা হয়েছে। | দু:স্থ, বিধবা প্রতিবন্ধি, প্রান্তিক ও সুবিধা বঞ্চিত জনগোষ্ঠীকে আরো অধিক সেবা প্রদানের বিষয়টি নিশ্চিত করার অনুরোধ জানানো হয়। | তথ্য সেবা কর্মকর্তা, তথ্য আপা, জুড়ী |

**২৩.উপজেলা নির্বাচন অফিস:**

| ক্র: নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | উপজেলা নির্বাচন কর্মকর্তা, জুড়ী সভায় জানান যে, আগামী ০২ মার্চ ২০২২ খ্রি. তারিখ জাতীয় ভোটার দিবস পালন করা হবে। উক্ত দিবসে সকলকে উপস্থিত থাকার জন্য অনুরোধ করেন। | বিভাগীয় সকল কার্যক্রম সুষ্ঠভাবে সম্পাদন করার জন্য অনুরোধ জানানো হলো। | উপজেলা নির্বাচন কর্মকর্তা, জুড়ী |

**২৩. বিবিধ আলোচনা :**

| ক্র: নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | উপজেলা নির্বাচন কর্মকর্তা, জুড়ী সভায় জানান যে, আগামী ০২ মার্চ ২০২২ খ্রি. তারিখ জাতীয় ভোটার দিবস পালন করা হবে। উক্ত দিবসে সকলকে উপস্থিত থাকার জন্য অনুরোধ করেন। | বিস্তারিত আলোচনান্তে সকল ইউপি চেয়ারম্যান এ বিষয়ে সার্বিক সহযোগিতা ও বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাচন অফিসার, জুড়ী ও চেয়ারম্যান, ইউপি(সকল) |

উপজেলা নির্বাহী অফিসার, জুড়ী সভায় বলেন জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্বপ্নের সোনার বাংলা প্রতিষ্ঠায় সকলকে ঐক্যবদ্ধভাবে কাজ করতে হবে। উন্নয়ন প্রকল্পসমূহ গুণগত মান বজায় রেখে বাস্তবায়নের জন্য সকলের সুদৃষ্টি কামনা করেন। পরিশেষে সকলের সুস্বাস্থ্য ও দীর্ঘায়ু এবং বর্ণিত সভার সিদ্ধান্তসমূহ বাস্তবায়নে সকলের আন্তরিক প্রচেষ্টা কামনা করেন।

জনাব এম.এ মোঈদ ফারুক, চেয়ারম্যান, জুড়ী উপজেলা পরিষদ সভায় বলেন যে, সরকারের উন্নয়নের ধারা অব্যাহত রাখতে হবে। মুক্তিযুদ্ধের চেতনায় দেশকে গড়ে তুলতে হবে। পরিশেষে সুখী, সমৃদ্ধ ও উন্নত বাংলাদেশ বিনির্মাণে সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের অনুরোধ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(এম.এ মোঈদ ফারুক)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
জুড়ী, মৌলভীবাজার

স্মারকনং-০৫.৪৬.৫৮৩৫.০০৩.০১.০১০.১৯. ১১৬ তারিখ: ২৭/ ০২/২০২২ খ্রি.।

অনুলিপি : সদয় অবগতির জন্যঃ-

০১. মাননীয় মন্ত্রী,পরিবেশ,বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
০২. সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার,পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩. কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।
০৪. পরিচালক, স্থানীয় সরকার,সিলেট বিভাগ, সিলেট।
০৫. জেলা প্রশাসক, মৌলভীবাজার।
০৬. উপ-পরিচালক, স্থানীয় সরকার,মৌলভীবাজার।

অনুলিপি : জ্ঞাতার্থে ও কার্যার্থেঃ-

০১. ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, জুড়ী উপজেলা পরিষদ,জুড়ী।
০২. উপজেলা ..................................................................জুড়ী।
০৩. চেয়ারম্যান.....................................................................ইউ/পি, জুড়ী (সকল)
০৪. জনাব ...............................................................................।

(সোনিয়া সুলতানা)
উপজেলা নির্বাহী অফিসার
জুড়ী,মৌলভীবাজার
ফোন-০৮৬২৭৫৭০০১

সভায় জনপ্রতিনিধি উপস্থিতির তালিকাঃ-

০১.চেয়ারম্যান, জুড়ী উপজেলা পরিষদ,জুড়ী।
০২.ভাইস চেয়ারম্যান,জুড়ী উপজেলা পরিষদ,জুড়ী।
০৩.মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জুড়ী
০৪.চেয়ারম্যান, জায়ফরনগর ইউপি
০৫. চেয়ারম্যান, পশ্চিমজুড়ী ইউপি
০৬. চেয়ারম্যান, গোয়ালবাড়ী ইউপি
০৭.চেয়ারম্যান,সাগরনাল ইউ/পি।
০৮. চেয়ারম্যান,পূর্বজুড়ী ইউ/পি
০৯. জনাব আফিয়া বেগম,সদস্য জুড়ী উপজেলা পরিষদ

অনুপস্থিত জনপ্রতিনিধি :

১. চেয়ারম্যান, ফুলতলা ইউপি।
২. জনাব মিনারা বেগম সদস্য,জুড়ী উপজেলা পরিষদ,জুড়ী।

সভায় কর্মকর্তা উপস্থিতির তালিকাঃ-

০১. উপজেলা নির্বাহী অফিসার, জুড়ী।
০২. উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, জুড়ী।
০৩. উপজেলা কৃষি কর্মকর্তা, জুড়ী।
০৪. উপজেলা প্রকৌশলী, জুড়ী।
০৫. উপজেলা শিক্ষা কর্মকর্তা, জুড়ী।
০৬.উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, জুড়ী।
০৭. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, জুড়ী।
০৮.উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, জুড়ী।
০৯. উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, জুড়ী।
১০. শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, জুড়ী।
১১. উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, জুড়ী
১২. তথ্যসেবা কর্মকর্তা, তথ্য আপা প্রকল্প, জুড়ী।
১৩. উপজেলা নির্বাচন কর্মকর্তা, জুড়ী।
১৪.উপজেলা সমাজসেবা কর্মকর্তা, জুড়ী।
১৫.উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার প্রতিনিধি, জুড়ী।
১৬.উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, জুড়ী।
১৭.উপজেলা সমবায় অফিসার, জুড়ী।
১৮.ইউজিএম, জুড়ী।

সভায় অনুপস্থিতির তালিকাঃ-

১. উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, জুড়ী
২. উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, জুড়ী
৩. রেঞ্জ কর্মকর্তা, জুড়ী রেঞ্জ
৪. উপসহকারী প্রকৌশলী বিদ্যুৎ, জুড়ী
৫. ডিজিএম,পল্লী বিদ্যুৎ, জুড়ী

উপজেলা পরিষদ
জুড়ী, মৌলভীবাজার

মৌলভীবাজার জেলার জুড়ী উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভার কার্যবিবরণীর

সভাপতি : জনাব এম.এ মোঈদ ফারুক, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জুড়ী, মৌলভীবাজার।
সভার স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, জুড়ী।
সভার তারিখ : ১০/০৩/২০২২ খ্রি., সময়- সকাল ১১.৩০ ঘটিকা ।
সভার উপস্থিতি : পরিশিষ্ট 'ক' সংযুক্ত।

**বিগত সভার কার্যবিবরণী উপস্থাপন ও অনুমোদন:** সভাপতি মহোদয় সভায় উপস্থিত সকল সদস্য ও বিভাগীয় কর্মকর্তাগণকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অত:পর উপজেলা নির্বাহী অফিসার, জুড়ী উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। বিগত ১০/০২/২০২২ খ্রি. তারিখে অনুষ্ঠিত জুড়ী উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী পাঠ করে শুনান। পঠিত কার্যবিবরণীতে কোন সংশোধন না থাকায় সর্বসম্মতিক্রমে তা দৃঢ়ীকরণ করা হয়। বিভাগওয়ারী আলোচনা ও সিদ্ধান্তসমূহ নিম্নরূপ :

**০১.০০ স্বাস্থ্য বিভাগ:-**

| ক্র:নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | উপজেলা স্বাস্থ্য ও প:প: কর্মকর্তা, জুড়ী সভায় জানান, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স জুড়ীতে স্বাস্থ্যসেবা কার্যক্রম নিয়মিত পরিচালিত হচ্ছে। কোভিড-১৯ এর জন্য ১ম ডোজ ও ২য় ডোজ ও বোস্টার ডোজ ভ্যাকসিন প্রদান অব্যাহত আছে। ১২-১৭ বছর বয়সী স্কুলগামী ছাত্রছাত্রীদের জন্য ফাইজার ভ্যাকসিন প্রদানের জন্য হাসপাতালের ২টি রুমে ২টি এসি জানুয়ারী/২০২২ মাসে স্থাপন করা হয়। বর্ণিত এসি সংযোজন বাবদ বিল পাওয়া গিয়েছে। যা পরিশোধ করা প্রয়োজন। | ভ্যাকসিন প্রদানের হার বৃদ্ধি ও কোভিড-১৯ পরিস্থিতি বিবেচনায় স্বাস্থ্য সেবা প্রদানের বিষয়টি গুরুত্ব প্রদানের জন্য অনুরোধ জানানো হয়। সংযোজিত এসি ২টি বিল পরিশোধের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী, জুড়ী কে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১.উপজেলা স্বাস্থ্য ও প:প: কর্মকর্তা, জুড়ী। ২. উপজেলা প্রকৌশলী, জুড়ী। |

**০২.০০ কৃষি বিভাগঃ**

| ক্র:নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | উপজেলা কৃষি কর্মকর্তা, জুড়ী সভায় বলেন, এ বছর ৫৭৯০ হে. জমিতে বোরো আবাদ অর্জিত হয়েছে। গত বছরের তুলনায় এ বছর বোরো আবাদ ২০ হে. আবাদ বৃদ্ধি পেয়েছে। উচ্চ ফলনশীর নতুন জাতসহ আবাদ সম্প্রসারণ এবং নিয়মিত মাঠ পরিদর্শন অব্যাহত থাকায় হে. প্রতি ফলন বৃদ্ধি পেয়েছে। আসন্ন খরিপ ১/২২ মৌসুমে আউশ আবাদ বৃদ্ধির কর্ম পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। আউশ আবাদ বৃদ্ধির লক্ষ্যমাত্রা ৪৪৬২ হে.। আউশ আবাদ বৃদ্ধির জন্য কৃষকদের নিয়মিত পরামর্শ, উদ্বুদ্ধকরণ, উঠান বৈঠক ও পরামর্শ প্রদান অব্যাহত রয়েছে। বর্তমানে সার ও বীজের কোন সংকট নেই। | পতিত জমি কৃষি উপযোগী করার বিষয়ে ও আউশ আবাদ, উচ্চ ফলনশীল নতুন জাতের আবাদ বৃদ্ধির জন্য কৃষকদের পরামর্শ প্রদান এবং সার উত্তোলন ও বিক্রয়ের বিষয়টি নিয়মিত মনিটরিং করার অনুরোধ জনানো হয়। | উপজেলা কৃষি কর্মকর্তা, জুড়ী |

**০৩.০০. স্থানীয় সরকার প্রকৌশল বিভাগ :**

| ক্র:নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | উপজেলা প্রকৌশলী, জুড়ী সভায় জানান যে, বিগত ২১/১০/২১ খ্রি. তারিখ অনুষ্ঠিত জুড়ী উপজেলা পরিষদ মাসিক সাধারণ সভায় এডিপির অর্থ দ্বারা পিআইসি, পরিশিষ্ট খ এর ক্রমিক নং ১৬,১৭,৩০,৪০,৪৪,৪৫,৪৬,৪৭,৪৮ বাস্তবায়ন পদ্ধতি পিআইসি এর পরিবর্তে কোটেশনের মাধ্যমে বাস্তবায়নের জন্য সভায় প্রস্তাব পেশ করেন। | বিস্তারিত আলোচনান্তে বর্ণিত ৯টি প্রকল্প কোটেশনের মাধ্যমে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী, জুড়ী। |
| ০২ | উপজেলা প্রকৌশলী, জুড়ী সভায় জানান যে, ২০২১-২২ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচি এডিপির আওতায় মন্ত্রনালয় কর্তৃক অনুমোদিত থোক বরাদ্দ দ্বারা জুড়ী উপজেলা পরিষদের বাসাবাড়ী ও অডিটোরিয়াম মেরামত কাজ কোটেশনের মাধ্যমে বাস্তবায়ন করার জন্য প্রস্তাব করেন। একই সাথে ঐ অর্থের বরাদ্দ অনুযায়ী নিম্নোক্তভাবে প্রাক্কলন উপস্থাপন করেন।<br>ক) উপজেলা পরিষদের গেজেটেড কোয়ার্টার মাধবী ভবন মেরামত-----৬,০০,০০০/-টাকা<br>খ) উপজেলা পরিষদ অডিটোরিয়াম মেরামত-----৭,০০,০০০/-টাকা<br>গ) উপজেলা পরিষদের চন্দ্রমল্লিকা ভবন মেরামত----৬,০০,০০০/-টাকা | বিস্তারিত আলোচনান্তে উক্ত কাজগুলো কোটেশনের মাধ্যমে বাস্তবায়নের নিমিত্ত উপস্থাপিত প্রাক্কলনসমূহ সভায় সর্বসম্মতিক্রমে গৃহীত ও অনুমোদিত হয়। | |
| ০৩ | উপজেলা প্রকৌশলী, জুড়ী সভায় জানান যে, আনসার সদস্যদের বাসভবন নির্মাণের লক্ষ্যে প্রাপ্ত বরাদ্দ দ্বারা e-GP এর মাধ্যমে টেন্ডার আহ্বান করার জন্য কাজ করা হবে। তাছাড়া অতিরিক্ত ৭,১৬,৩৭৬/-টাকা স্থানীয় সরকার বিভাগের প্রশাসনিক অনুমোদন সাপেক্ষে রাজস্ব তহবিল হতে কোটেশনের মাধ্যমে বাস্তবায়নের জন্য প্রস্তাব করেন। | বিস্তারিত আলোচনান্তে টেন্ডার আহ্বানসহ অতিরিক্ত কাজ কোটেশনের মাধ্যমে অনুমতি সাপেক্ষে রাজস্ব তহবিল হতে ব্যয় করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ০৪ | উপজেলা প্রকৌশলী, জুড়ী সভায় জানান যে, এডিপি'র প্যাকেজ নং ০৭এর (গ) নিরোদ বিহারী উচ্চ বিদ্যালয়ের আসবাবপত্র সরবরাহ কাজের ১,৫০,০০০/-টাকার প্রাক্কলন সংশোধনপূর্বক সংশোধিত প্রাক্কলন সভায় অনুমোদনের জন্য পেশ করা হলো। | বিস্তারিত আলোচনান্তে সংশোধিত প্রাক্কলনটি সভায় অনুমোদিত ও গৃহীত হলো। | |

| | | | |
|---|---|---|---|
| ০৫ | উপজেলা প্রকৌশলী, জুড়ী সভায় জানান যে, বিগত সভার কার্যবিবরণীতে বেলাগাঁও তৈমুছ মিয়ার বাড়ীর পাশের রাস্তায় পানি নিষ্কাশনের কালভার্ট নির্মাণ কাজের ১,০০,০০০/-টাকার পরিবর্তে ১,২৫,০০০/-টাকা হবে এবং সংশোধিত প্রাক্কলন অনুমোদনের প্রয়োজন। | বিস্তারিত আলোচনান্তে কালভার্ট নির্মাণ কাজের ১,০০,০০০/-টাকার পরিবর্তে ১,২৫,০০০/-টাকা হবে এবং সংশোধিত প্রাক্কলনটি সভায় অনুমোদিত ও গৃহীত হলো। | |
| ০৬ | উপজেলা প্রকৌশলী, জুড়ী সভায় জানান যে, এডিপি'র প্যাকেজ নং ০৫এর (গ) মানিক সিংহ আজিজুর রহমান এর বাড়ীর সম্মুখে পিএডবি রাস্তার পাশে এপ্রোচ নির্মাণের পরিবর্তে ড্রেইন নির্মাণ এবং সংশোধিত প্রাক্কলন সভায় অনুমোদনের জন্য পেশ করা হলো। | বিস্তারিত আলোচনান্তে এপ্রোচ এর পরিবর্তে ড্রেইন নির্মাণ এবং সংশোধিত প্রাক্কলন সভায় অনুমোদিত ও গৃহীত হয়। | |
| ০৭ | উপজেলা প্রকৌশলী, জুড়ী সভায় জানান যে, উপজেলা প্রশাসনিক ভবনে ১ম তলার উপজেলা হিসাব রক্ষণ অফিস এবং ২য় তলার ২০৩ নং কক্ষটি মেরামত ও সংস্কার বাবদ ২,০০,০০০/-টাকার একটি প্রাক্কলন সভায় উপস্থাপন করেন। | বিস্তারিত আলোচনান্তে উপজেলা প্রশাসনিক ভবনে ১ম তলার উপজেলা হিসাব রক্ষণ অফিস এবং ২য় তলার ২০৩ নং কক্ষটি মেরামত ও সংস্কার বাবদ ২,০০,০০০/-টাকার প্রাক্কলনটি সভায় গৃহীত ও অনুমোদিত হয় এবং প্রকল্পটি উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের বাসাবাড়ী মেরামত খাত হতে পিআইসি এর মাধ্যমে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | |

**০৪,০০: প্রাণিসম্পদ বিভাগঃ**

| ক্র: নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, জুড়ী সভায় জানান, ইউজিডিপি প্রকল্পের আওতায় উপজেলা প্রাণিসম্পদ দপ্তরে আগামী ১৩/০৩/২০২২ হতে ১৬/০৩/২০২২ খ্রি. পর্যন্ত ৪টি ব্যাচে মোট ১২০ জন গাভির খামারীকে গাভি পালন বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হবে। | প্রকৃত পশু খামারীদের প্রশিক্ষণ প্রকল্পের মাধ্যমে প্রশিক্ষিত করার ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, জুড়ী। |

**৫,০০ মৎস্য বিভাগ :**

| ক্র: নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | উপজেলা মৎস্য কর্মকর্তা, জুড়ী সভায় জানান যে, এ বিভাগের আওতায় ২০ জন মৎস্যচাষীকে কার্প জাতীয় মাছের মিশ্র চাষ বিষয়ক প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। ১০০ জন জেলেদের নতুন নিবন্ধন প্রক্রিয়া শুরু হয়েছে। যদি কোন ইউনিয়নের স্থায়ী বাসিন্দা নতুন জেলে নিবন্ধন করতে ইচ্ছুক হন, তবে এনআইডি কার্ডসহ মৎস্য অফিসে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো। | প্রকৃত মৎস্যজীবিরা যাতে প্রশিক্ষণের সুযোগ পায় এবং প্রকৃত মৎস্যজীবির নাম নিবন্ধন হয় সেদিকে সজাগ দৃষ্টি রাখার জন্য অনুরোধ জানানো হয়। | উপজেলা মৎস্য কর্মকর্তা, জুড়ী। |

**০৬,০০: মাধ্যমিক শিক্ষা বিভাগঃ**

| ক্র:নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | উপজেলা একাডেমিক সুপারভাইজার, আগামী ২১ ফেব্রুয়ারি ২০২২ পর্যন্ত শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ থাকায় অনলাইন ক্লাস চলমান আছে। এ বৎসরের এইচএসসি পরীক্ষায় পাশের হার ৯৪.০৭% এবং আলীম পরীক্ষায় ১০০ জনের মধ্যে ৯২ জন পাস করেছেন। | সকল শিক্ষার্থীদেরকে ভ্যাকসিন গ্রহণে উৎসাহিত করার জন্য অনুরোধ জানানো হলো। | উপজেলা একাডেমিক সুপারভাইজার, জুড়ী |

**০৭,০০ প্রাথমিক শিক্ষা বিভাগঃ**

| ক্র:নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | উপজেলা শিক্ষা অফিসার, জুড়ী সভায় জানান যে, কোভিড-১৯ পরিস্থিতির কারণে শিক্ষা প্রতিষ্ঠানে পাঠদান বন্ধ রয়েছে। অনলাইনে পাঠদান চলমান রয়েছে। | অনলাইন পাঠদান তদারকির জন্য অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা শিক্ষা অফিসার, জুড়ী। |

**০৮,০০ ত্রাণ বিভাগঃ (প্রকল্প বাস্তবায়ন অফিস)**

| ক্র:নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, জুড়ী সভায় জানান যে, টি আর সাধারণ বরাদ্ধ পাওয়া গিয়েছে। এ উপজেলায় ১০ টি বীর নিবাসের কাজ চলমান। আশ্রয়ণ-২ প্রকল্পের আওতায় ৩৫টি ঘর নির্মাণের কাজ চলমান। ৩টি সেতু/কালবার্ট এর কাজ চলমান। তাছাড়া ইজিপিপি এর আওতায় অতি দরিদ্রদের কর্মসংস্থান কর্মসূচি এর কাজ চলমান। | উন্নয়ন প্রকল্প সমূহ তদারকির জন্য অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, জুড়ী |

**০৯.০০: আনসার ও ভিডিপি বিভাগঃ**

| ক্র: নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, জুড়ী এর প্রতিনিধি সভায় জানান যে, সকল ইউনিয়নের আনসার ও ভিডিপি দলনেতা/দলনেত্রী ও কোম্পানী কমান্ডারদের নিয়ে আয়োজিত সভায় চোরাচালান এবং মাদক সম্পর্কিত খবরা খবর জুড়ী থানাকে অবহিত করার নির্দেশনা দেয়া হয়েছে। | বিভাগীয় সকল কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা আনসার ও ভিডিপি অফিসার, জুড়ী |

**১০.০০: বন বিভাগঃ**

| ক্র: নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | রেঞ্জ কর্মকর্তা, জুড়ী সভায় জানান যে, ২০২১-২২ সনে সড়ক ও জনপথের রাস্তায় ভুয়াই হতে ভোগতেরা ব্রীজ পর্যন্ত ৫.০ কি.মি. সিডলিং রাস্তায় বনায়ন করা হবে। | বনায়ন সৃষ্টির সময় উপকারভোগীর তালিকা আগামী সভায় পেশ করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | রেঞ্জ কর্মকর্তা, রেঞ্জ। |

**১১.০০: সমাজসেবা বিভাগঃ**

| ক্র: নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, জুড়ী সভায় জানান যে, ২০২১-২২ অর্থবছরের চা-শ্রমিকদের জীবনমান উন্নয়নে এককালীন ৫০০০/-(পাঁচ হাজার) টাকা হারে চেক বিতরণ এর জন্য MIS এর কাজ চলমান। সকল প্রকার ভাতার প্রতিস্থাপনের জন্য নতুন ভাতাভোগী নির্বাচন করে এবং মৃত ভাতাভোগীর মৃত্যু সনদ সহ তালিকা প্রদানের জন্য সকল ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ জানানো হলো। | বিস্তারিত আলোচনান্তে ভাতা সংক্রান্ত কোন অভিযোগ পাওয়া গেলে তা তাৎক্ষণিকভাবে সমাধানের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। স্থায়ী শ্রমিকদের তালিকা তৈরি করার ব্যবস্থা গ্রহণের জন্য বলা হলো। | ১.উপজেলা সমাজসেবা কর্মকর্তা, জুড়ী। |

**১২.০০: উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ :**

| ক্র: নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, জুড়ী সভায় জানান যে, পরিবার পরিকল্পনা বিভাগ মাঠ পর্যায়ে নিয়মিত স্বাস্থ্য সেবা অব্যাহত আছে। মাঠ কর্মীগণ নিয়মিত বাড়ী বাড়ী গিয়ে পরিবার পরিকল্পনা বিষয়ে সেবা প্রদান করা হচ্ছে। | কোভিড-১৯ পরিস্থিতি বিবেচনায় মাঠ পর্যায়ে নিয়মিত স্বাস্থ্যসেবা অব্যাহত রাখার অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, জুড়ী। |

**১৩.০০: সমবায় বিভাগঃ**

| ক্র: নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | উপজেলা সমবায় কর্মকর্তা, জুড়ী সভায় জানান যে, এ বিভাগের আওতাধীন সাধারণ প্রাথমিক সমবায় সমিতির সংখ্যা মোট ১৩০টি । সমিতির অডিট, পরিদর্শন অব্যাহত আছে। লক্ষ্যমাত্রা অনুযায়ী ভ্রাম্যমান প্রশিক্ষণ সম্পন্ন করা হচ্ছে। এ বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | নিবন্ধিত সমিতিসমূহ নিয়মিত পরিদর্শন কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমবায় অফিসার, জুড়ী |

**১৪.০০: যুব উন্নয়ন অধিদপ্তর:**

| ক্র: নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, জুড়ী সভায় জানান যে, আত্নকর্মসংস্থান কর্মসূচি এর আওতায় ১৭৭৫ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। ঋণ আদায়ের হার ৮৮%।অন্যান্য বিভাগীয় কার্যক্রম চলমান রয়েছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য অনুরোধ জানানো হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, জুড়ী |

**১৫.০০: আমার বাড়ী আমার খামার প্রকল্প(পল্লী সঞ্চয় ব্যাংক জুড়ী) :**

| ক্র: নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
